# The Stava-Mala of Srila Rupa Goswamin with the commentary of Srila Jiva Goswamin

Language: Bengali

# শ্রীল শ্রীযুক্ত জীব গোস্বামিকৃত

টীকা সম্বলিতা।

শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন

ব্যাখ্যাতা প্রকাশিতাচ।

মুর্শিদাবাদ।

বহরমপুরস্থ রাধারমণ যন্ত্রে

তেনৈব মুদ্রিতা।

সন ১২৯২। ১৯ পৌষ।

# বিজ্ঞাপন।

বহুকাল হইতে বৈষ্ণবধর্ম্ম উজ্জ্বল করিবার মানস থাকায় কোন ক্রমে উহা সম্পন্ন করিতে সমর্থ না হওয়ায় সম্প্রতি মণিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বাহাদুরের প্রাইভেট সেক্রেটারী শ্রীযুক্ত অটল সিংহ মহাশয় মহারাজের আদেশ মত আমাকে অনুরোধ করেন, আমি তাঁহার অভিপ্রায়ানুসারে শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীরূপ গোস্বামি প্রণীত স্তবমালা নামক গ্রন্থ শ্রীজীব গোস্বামি কৃত টীকা সম্বলিত এবং মৎ কৃত অনুবাদ সহ প্রকাশ করণে প্রবৃত্ত হইলাম, ইহাতে যে কি আশ্চর্য্য বর্ণন আছে, তাহা পাঠকবর্গ পাঠ না করিলে ইহার আশ্চর্য্য আস্বাদের আস্বাদনে কৃতকার্য্য হইতে পারিবেন না, যত প্রকার ছন্দ আছে, সমস্ত ছন্দ ইহাতে সন্নিবেশ হইয়াছে, অপর বৈষ্ণবধর্ম্মের যে কি পর্য্যন্ত উৎকর্ষ তাহা এই গ্রন্থে দেখিতে পাইবেন, ইহার অনুবাদ বিষয়ে নবদ্বীপবাসী শ্রীযুক্ত অজিতনাথ ন্যায়রত্ন মহাশয় যথেষ্ট সাহায্য করিতেছেন॥

নিঃ শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।
হরিভক্তিপ্রদায়িনী সভা
বহরমপুর রাধারমণ যন্ত্র।

# উৎসর্গঃ।

বিষম সমরবিজয়ী—

শ্রী শ্রী শ্রী শ্রী শ্রীমন্মহারাজ ত্রিপুরাধীশ্বর বীরচন্দ্র বর্ম্ম মাণিক্য বাহাদুর ধার্ম্মিকাগ্রগণ্যেষু—

মহারাজ! শ্রীল পূজ্যপাদ শ্রীরূপ গোস্বামি প্রণীত স্তবমালা পূজ্যপাদ শ্রীশ্রীজীবগোস্বামিকৃত টীকা এবং আমার কৃত বঙ্গানুবাদ সহ মুদ্রাঙ্কণে প্রবৃত্ত হইয়া প্রথমতই আপনার মকরন্দস্রাবি করকমলে সমর্পণ করিলাম, আপনি স্বয়ং এবং আপনার সেক্রেটারী সুপণ্ডিত শ্রীযুক্ত বাবু রাধারমণ ঘোষ মহাশয় দ্বারা দৃষ্টিপাত করিলে আমার পরিশ্রম সফল বোধ হইবে নিবেদন ইতি॥

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন।

বহরমপুর রাধারমণ যন্ত্র।

শ্রীশ্রীহরিঃ ।

শরণং ।

# স্তবমালা ।

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ ॥

শ্রীমদীশ্বররূপেণ রসামৃতকৃতা কৃতা ।
স্তবমালানুজীবেন জীবেন সমগৃহ্যত ॥ ১ ॥
পূর্ব্বং চৈতন্যদেবস্য কৃষ্ণদেবস্য তৎ পরং ।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণচৈতন্যায় ॥

সনাতনং রূপমিহোপদর্শয়ন্নানন্দসিন্ধুং পরিতঃ প্রবর্দ্ধয়ন্ । অন্তস্তমস্তোমহরঃ স রাজতাং চৈতন্যরূপো বিধুরদ্ভুতোদয়ঃ ॥ ১ ॥

দেবাচার্য্যং যং বিদুঃ সৎ কবিত্বে পারাশর্য্যং তত্ত্ববাদে মহান্তঃ । শৃঙ্গারার্থ

আমার পিতৃব্য শ্রীরূপগোস্বামী, যিনি ভক্তিরসামৃতসিন্ধু নামক গ্রন্থ রচনা করিয়াছেন, তিনি শ্রীচৈতন্যদেব প্রভৃতি শ্রীবিগ্রহের কতিপয় স্তব প্রস্তুত করিয়াছিলেন, ভক্তগণের কণ্ঠভূষণ হইবে বলিয়া নানা স্থান স্থিত ঐ সমুদয় স্তবগুলি যথাক্রমে সংগ্রহ পূর্ব্বক তদীয় শিষ্য জীব নামক আমি উহা মালাকারে প্রস্তুত করিলাম ॥ ১ ॥

ইহাতে প্রথমতঃ শ্রীচৈতন্যদেবের স্তব, তৎপরে শ্রীকৃষ্ণের স্তব, তৎপরে শ্রীরাধিকার স্তব, তৎপরে শ্রীরাধাকৃষ্ণ যুগল

শ্রীরাধায়াস্ততঃ কৃষ্ণরাধয়োর্লিখ্যতে স্তবঃ ॥ ২ ॥
বিরুদাবল্লী ততো নানাচ্ছন্দোভিঃ কেলিসংহতিঃ।
ততশ্চিত্র কবিত্বানি ততোগীতাবলী ততঃ ॥ ৩ ॥
ললিতা যমুনা বৃষ্ণিপুরী শ্রীহরিভূভৃতাং।
বৃন্দাটবী কৃষ্ণনাম্নোঃ ক্রমেণ স্তবপদ্ধতিঃ ॥ ৪ ॥
তত্র শ্রীচৈতন্যদেবস্য ॥
সদোপাস্যঃ শ্রীমান্ ধৃতমনুজকায়ৈঃ প্রণয়িতাং।

ব্যঞ্জনে ব্যাসহৃদ্ভং স শ্রীরূপঃ পাতু নো ভূতাবর্গান্ ॥ ২ ॥

লব্ধ সনাতন রূপং জীবং যো ভজতি ভক্তিমান জীবঃ। তস্য সনাতন রূপঃ স নন্দপুত্রো হরিঃ সুলভঃ ॥ ৩ ॥

শ্রীরূপদেব বচসাং ধ্বনি ভেদা যে বিভাস্তি ভূয়াংসঃ। কস্তান্ শক্নোবক্তুং তস্মাৎ সংক্ষেপতঃ প্রকাশ্যন্তে ॥ ৪ ॥

ভাব্যোস্মিন্ সাধবঃ প্রীতাঃ স্তবমালা বিভূষণে। কৃষ্ণানন্দ কৃপাসিদ্ধে ভবেয়ুঃ শ্রমবেদিনঃ ॥ ৫ ॥

শ্রীরূপকৃতান্ শ্রীচৈতন্যাদিস্তবান্ মালাত্মনা গ্রথিতুং শ্রীজীবঃ প্রতিজানীতে।

মূর্ত্তির স্তব লিখিত লইল। তৎপরে বিরুদাবলীচ্ছন্দে (যাহার প্রত্যেক চরণে নবাক্ষর আছে) তৎপরে নানাবিধ ছন্দে নন্দোৎসবাদি কংসবধ পর্য্যন্ত শ্রীকৃষ্ণের লীলা বিস্তার, তৎ পরে চক্রবন্ধাদি চিত্রকাব্য, তৎপরে গীতাবলী, তৎপরে ললিতা, যমুনা, মথুরাপুরী, গোবর্দ্ধন পর্ব্বত, শ্রীবৃন্দাবন ও কৃষ্ণনাম এই সমুদয়ের স্তবাবলী যথাক্রমে লিখিত হইয়াছে। তন্মধ্যে প্রথমতঃ শ্রীচৈতন্যদেবের স্তব যথা ॥ ২। ৩। ৪ ॥

শিব, বিরিঞ্চি প্রভৃতি দেবগণ মনুষ্যদেহ ধারণ করিয়া

বহুভির্গীর্ব্বাণৈর্গিরিশপরমেষ্ঠিপ্রভৃতিভিঃ

শ্রীতি। শ্রীজীবেন স্তবমালা সমগৃহ্যত সংগৃহীতা পৃথক্ পৃথক্ স্থিতাঃ স্তবাঃ ক্রমাৎ পঙ্‌ক্তীকৃতা ইত্যর্থঃ। মালাতু পঙ্‌ক্তৌ পুষ্পাদি দামনীতি মেদিনী। শ্লেষেণ কুসুম ভূতানাং তেষাং মালা স্রগ্ বিরচিতা ইত্যর্থঃ। তেন ভক্তজনৈরতিপ্রীত্যা কণ্ঠেষু ধার্য্যতে ইতি ব্যজ্যতে। সা কীদৃগিত্যাহ শ্রীমদিতি। শ্রীমাংশ্চাসৌ মদীশ্বরশ্চ যো রূপস্তেন কৃতা বর্ণিতা। তস্যাসাধারণং ধর্ম্মমাহ রসেতি হরিভক্তিরসামৃতসিন্ধোঃ কর্ত্রেত্যর্থঃ। জীবেন কীদৃশেনেত্যাহান্বিতি। অনুগত্য জীবতীত্যনুজীবস্তেন তদনুগামিনা তচ্ছিষ্যেণেত্যর্থঃ। আদিমেন পদেনাত্র মঙ্গলং কৃতং তস্য মঙ্গলস্বরূপত্বাদিতি বোধ্যং ॥ ১ ॥

অথ স্তব গ্রথন ক্রমমাহ পূর্ব্বমিত্যাদিভিঃ। কৃষ্ণশ্চ রাধাচ তয়ো র্যুগ্মীভূতয়োঃ স্তবো লিখ্যত ইতি সম্বন্ধঃ ॥ ২ ॥

বিরুদেতি। নবাক্ষরোয়ং পাদঃ। বিষমাক্ষর পাদত্বাৎ পদ্যেস্মিন্ গাথাচ্ছন্দঃ। তস্য বিশেষস্তু গীতাবলীভাষ্যে লেখ্য স্তত্রৈব দ্রষ্টব্যঃ। নানাচ্ছন্দোভির্ব্বিভিন্ন লক্ষণৈরষ্টাদশভিঃ। কেলিসংহতির্নন্দোৎসবাদ্যা কংস বধান্তা লীলা বিততিঃ। চিত্রকবিত্বানি দ্ব্যক্ষরাদীনি চক্রবন্ধাদীনিচ। গীতাবলী নন্দোৎসবাদি চরিত সংবদ্ধা গানশ্রেণিঃ ॥ ৩ ॥

ললিতাচ যমুনাচ বৃষ্ণীপুরী শ্রীমথুরাচ শ্রীহরিভূভৃচ্চ গোবর্দ্ধনাখ্যো গিরিরাজস্তেষাং। বৃন্দাটবীচ কৃষ্ণনামচ তয়োঃ স্তবপদ্ধতিঃ স্তোত্রশ্রেণিঃ পদ্ধতিঃ পাথি পঙ্‌ক্তৌ চেতি বিশ্বলোচনকারঃ। পর্য্যায়া লিখিতা যেত্বত্র নানার্থাশ্চ ন তে পুনঃ। বাহুল্য ভয়তো লেখ্যা বিচিন্ত্যাস্তে ততস্ততঃ ॥ ৪ ॥

তত্রাদৌ শ্রীচৈতন্যাষ্টকত্রয়ং ব্যাখ্যাস্যামঃ। শ্রীবৃন্দারণ্যে স্থিতঃ শ্রীরূপঃ শ্রীপুরুষোত্তমক্ষেত্রস্থং শ্রীচৈতন্যং কৃষ্ণবর্ণমিত্যাদি শাস্ত্রাত্তদনুগ্রহাচ্চ সাক্ষাদীশ্বরমনুভূয় তত্ত্বেন বর্ণয়ংস্তদ্দর্শনমাশাস্তে সদেত্যাদিভিঃ ॥ ০ ॥

প্রীতি পূর্ব্বক সর্ব্বদা যাঁহাকে উপাসনা করিতেছেন, যিনি, স্বরূপ দামোদর প্রভৃতি ভক্ত গণকে বিশুদ্ধ স্বীয়

স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজভজনমুদ্রামুপদিশন্।

স চৈতন্যো মে দৃশো নেত্রয়োঃ পদং পুনরপি কিং যাস্যতি। পদং ব্যবসিতি ত্রাণ স্থান লক্ষ্মাঙ্ঘ্রি বস্তুষ্বিতি নানার্থবর্গঃ। অন্নেত্র ব্যবসায়ং তদ্বিষয়তাং স কদা গমিষ্যতীতি তাদৃগ্‌ভাগ্যং কদা মে স্যাদিতি ভাবঃ। স কীদৃগিত্যাহ গিরিশ পরমেষ্ঠি প্রভৃতিভিঃ শিববিরিঞ্চ্যাদিভি গীর্ব্বাণৈঃ দেবৈঃ সদা নিত্যমুপাস্যঃ সেব্যঃ। নন্থ তৎ সন্নিধৌ তেন প্রতীয়ন্তে তত্রাহ ধৃতেতি। কৃষ্ণাবতারে সাক্ষাদেব তমুপাসিতবন্তঃ। ইহত্বাচার্য্য হরিদাসাদি বপুষোপাসত ইত্যর্থঃ। প্রণয়িতাং তস্মিন্ প্রীতিং বহদ্ভিঃ প্রাপ্নুবদ্ভিঃ। কিং কুর্ব্বন্নিত্যাহ। স্বভক্তেভ্যঃ স্বরূপ দামোদরাদিভ্যো নিজ ভজন মুদ্রাং স্বভক্তিপরিপাটীমুপদিশন্। শুদ্ধাং কর্ম্মযোগাদ্যনাবৃতাং। অয়মর্থঃ। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র পার্ষদং। যজ্ঞৈঃ সংকীর্ত্তন প্রায়ৈ র্যজন্তি হি সুমেধস ইত্যেকাদশে চতুর্থ যুগাবতারো বর্ণিতঃ সএব কৃষ্ণ চৈতন্যঃ। হরিকীর্ত্তন প্রধানস্য যজ্ঞস্য তদসাধারণ ধর্ম্মস্য তত্রৈব দর্শনাৎ। অসাধারণ ধর্ম্মেণ লক্ষণেনহি লক্ষ্যং পরিচীয়তে। জন্মাদ্যস্য যত ইতি সূত্রে যথা জগজ্জন্মাদি হেতুত্বেন তেন তল্লক্ষ্যং ব্রহ্ম পরিচিতং। সচাবতারো গীর্ব্বাণৈঃ সেব্য ইতি। ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং তীর্থাস্পদং শিব বিরিঞ্চি নুতং শরণ্যমিতি। তদনন্তরোক্তেঃ। অসকৃদাবির্ভাবিনমেতং শ্রুতিরপি দ্যোতয়তি। মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্বশেষপ্রবর্ত্তক ইতি। এবং সাক্ষাদীশ্বর তয়া নিশ্চিতেপি তস্মিন্ যদি কস্যচিন্মন্দমতেরনাস্থা স্যাৎ সাতু তদপ্রসাদাদেবেতি জ্ঞায়তে। তমক্রতুঃ পশ্যতি বীতশোকং ধাতুঃ প্রসাদান্মহিমানমীশমিত্যাদি শ্রুতেঃ। তথাপি তে দেব পদাম্বুজদ্বয়প্রসাদ লেশানুগৃহীত এব হি। জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো নচান্য একোপি চিরং বিচিন্বন্ ইত্যাদি স্মৃতেশ্চ তৎ প্রসাদ এব তদ্বীক্ষণ হেতুরিত্যন্বয় ব্যতিরেক দৃষ্টং বাসুদেব সার্ব্বভৌমাদৌ ব্যক্তমেতৎ। চতুর্থপাদশ্চ সপ্তস্বনুবর্ত্ত্যঃ।

---

ভজনপ্রণালী উপদেশ করিয়াছেন, সেই অপূর্ব্ব রূপসম্পন্ন

স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ১ ॥
সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।

অষ্টকেষু এবমেব কবিরীতেঃ ॥ ১ ॥

এষ চৈতন্যদেবো ন চতুর্থ যুগাবতারঃ কৃষ্ণস্যাংশঃ। কৃতে শুক্লো ধর্ম্মমূর্ত্তী রক্তস্ত্রেতা যুগে মতঃ। দ্বাপরে চ কলৌ চাপি শ্যামলাঙ্গঃ প্রকীর্ত্তিত ইতি। তস্য শ্যামবর্ণত্বস্মরণাৎ কিন্তু প্রেয়সীভাবকান্তিভ্যাং পিহিত স্বভাব কান্তিঃ স্বয়ং কৃষ্ণ এবাবিরভূৎ ইতি ভাবেনাহ সুরেশানামিতি। দুর্গং নির্ভয় স্থানং গতিঃ পরতত্ত্ব সঞ্চারঃ। সর্ব্বস্বং তপো বিজ্ঞান লক্ষণমৈহিকং পারত্রিকং চ ধনং। প্রণতপটলীনাং দাসভক্ত বৃন্দানাং মধুরিমা দাস্যভক্তিমাধুর্য্যং। সংঘাতে প্রকরৌঘ বার নিকর ব্যূহাঃ সমূহশ্চ যঃ সন্দোহঃ সমুদায় রাশি বিসরব্রাতাঃ কলাপোব্রজঃ। কূটং মণ্ডল চক্রবাল পটলস্তোমাগণঃ পেটকং বৃন্দং চক্র কদম্বকং সমুদয়ঃ পুঞ্জোৎকরৌ সংহতিরিতি হৈমঃ। নিখিল পশুপালাম্বুজদৃশাং সমস্ত ব্রজবনিতানাং প্রেম্নঃ কৃষ্ণবিষয়কস্য বিনির্যাসঃ সারঃ স চৈতন্যঃ কিমিত্যাদি প্রাগ্বৎ। ইহ হেত্বলঙ্কারো দর্শিতঃ। 'দুর্গাদি হেতোরপি চৈতন্যস্য দুর্গাদি রূপত্বেনাভিধানাৎ। যদুক্তং' কাব্যকৌস্তুভে। হেতোরেকাত্মনাখ্যানং হেতুরিত্যভিধীয়তে। ইতি। অদ্রীণাং বিদ্রুতিঃ সাক্ষাদাকৃষ্টির্ব্রজসুভ্রুবাং স্থৈর্য্যং স্রোতস্বতীনাঞ্চ জীয়াদ্বংশীধ্বনি র্বিভোরিতিবৎ। ইহাদ্রিবিদ্রবাদি হেতুভূতোপি বংশীনাদ

---

শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন ? ॥ ১ ॥

যিনি ইন্দ্রাদি দেবগণের অভয় দাতা ও নিখিল উপনিষদের লক্ষ্য স্থান, যিনি মুনিগণের ঐহিক পারত্রিকের সর্ব্বস্ব ও ভক্তবৃন্দের সাক্ষাৎ মাধুর্য্য স্বরূপ এবং ব্রজবনিতাদি

বিনির্যাসঃ প্রেম্নো নিখিলপশুপালাম্বুজদৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ২ ।
স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈতদয়িতঃ
প্রপন্নশ্রীবাসোজনিত পরমানন্দগরিমা ।

স্তদ্রূপতয়া বর্ণিতঃ। অস্য সাক্ষাৎ কৃষ্ণত্বং ত্বগ্রেবাক্তী ভবিষ্যতি ॥ ২ ॥

অথ শ্লেষেণ সাক্ষাৎ কৃষ্ণত্বং বর্ণয়ন্ বিশিনষ্টি। স্বরূপমিতি। জগত্যতুলং নিরুপমং স্বরূপং তন্নামানং পার্ষদং বিভ্রাণোধারয়ন্ কৃপা সুধয়া পুষ্ণংশ্চ। অদ্বৈতস্য তদাখ্যস্যাচার্য্যস্য দয়িতঃ প্রিয়ঃ স দয়িতোযস্যেতি বা। প্রপন্নঃ শরণমাগতঃ শ্রীবাসস্তন্নামা পণ্ডিতোঽয়ং যস্য স তথা। জনিতঃ পরমানন্দে স্বগুরুসতীর্থে পরিব্রাজি গরিমা গুরুভাবো যেন সঃ। জগদবিদ্যা হরণাদ্ধরিঃ। এতদেবাহ দীনেতি। দীনানাধ্যাত্মিকাদি তাপতস্তানুদ্ধর্ত্তুং শীলং যস্যেতি তথা। গজপতাবুৎকলাধীশে নৃপেন্দ্রে যঃ কৃপোৎসেকঃ কারুণ্য ধারয়াভি-

---

গের প্রেমসার, সেই শ্রীচৈতন্যদেবকে আবার কি আমি দেখিতে পাইব? ॥ ২ ॥

যিনি জগতে স্বরূপ নামক প্রিয় পার্ষদকে কৃপামৃত বর্ষণে পুষ্ট করিয়াছেন, যিনি অদ্বৈতাচার্য্যের প্রিয়, যিনি পরমানন্দ নামক জনৈক সন্ন্যাসীর গৌরব বৃদ্ধি করিয়াছেন, ও যিনি জগতের মায়া হরণ ও দীনগণকে দুঃখ পঙ্ক হইতে উদ্ধার করিতেছেন এবং যিনি কলিঙ্গাধিপতি মহারাজ গজপতি প্রতাপরুদ্রের প্রতি করুণামৃত বর্ষণে ব্যগ্র হইয়াছেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়নগোচর হইবেন? ॥

হরির্দীনোদ্ধারী গজপতিকৃপোৎসেকতরলঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৩ ॥
রসোদ্দামা কামার্ব্বুদমধুরধামোজ্জ্বলতনু

---

ষেচনং তত্র তরলঃ সত্বরঃ। শ্লেষেণ তু বঃ সিংহোপি গজরাজে স কৃপয়ন্তু ইতি বিরুদ্ধাভাসোলঙ্কারঃ। তেনাদ্ভুত সিংহত্বং ব্যজতে। কৃষ্ণপক্ষে জগতাতুল স্বরূপং শ্রীবিগ্রহং বিভ্রাণো ধারয়ন্ প্রকটয়ন্নিতি যাবৎ। ন তস্য প্রতিমাস্তীতি শ্রুতেঃ। অদ্বৈতং নানা রূপত্বেপি ভেদাভাব স্তদ্দয়িতং প্রিয়ং যস্য সঃ। একোপি সন্ বহুধা যোবিভাতোকং সন্তং বহুধা দৃশ্যমানমিতি শ্রুতেঃ। একত্বামজহদেব নানা রূপ ইত্যর্থঃ। প্রপন্নায়াঃ পাদসেবিন্যাঃ শ্রিয়ো লক্ষ্ম্যা নিবাসঃ সমাশ্রয়ঃ। জনিতঃ স্বজন্মনা প্রাদুর্ভাবিতঃ পরমানন্দ গরিমা নিঃসীমাতিশয়ঃ সুখবাশির্যেন সঃ। গজপতিগ্রাহগ্রস্তো গজেন্দ্রঃ স্ফুটার্থমন্যং। শব্দার্থশ্লেষয়োঃ সঙ্করোহয়ং ॥ ৩ ॥

রসৈর্ভক্তিসুখস্বাদৈ রুদ্দামাগাতিমত্তঃ। রসো গন্ধরসে স্বাদে ইতি বিশ্বঃ। কামার্ব্বুদস্যেব মধুরং স্বাদু যদ্ধাম মোহন প্রভাব স্তেনোজ্জ্বলা তনুর্যস্য সঃ।

---

( এই শ্লোকের শ্রীকৃষ্ণপক্ষে আর একটী অর্থ আছে )

যিনি জগতে স্বরূপ অর্থাৎ অপূর্ব্ব শ্রীবিগ্রহ ধারণ করিয়া দ্বৈতভাবে অর্থাৎ যুগল ভাবে অবস্থান করিতে ভাল বাসেন, সর্ব্বদা চরণ সেবা করিব বলিয়া লক্ষ্মী যাঁহার নিকট বিরাজ করিতেছেন যিনি জন্ম হেতু জগতের অসীম আনন্দ বর্দ্ধন করিয়াছেন, এবং যিনি গ্রাহগ্রস্ত গজেন্দ্রের মোক্ষণে অতিশয় ব্যস্ত হইয়াছিলেন, সেই চৈতন্য রূপ হরি কি আমার লোচন পথের পথিক হইবেন? ॥ ৩ ॥

ভক্তিরসাস্বাদনে যিনি উন্মত্ত, অর্ব্বুদ সংখ্যক কন্দর্পের

যতীনামুত্তংসস্তরণিকরবিদ্যোতিবসনঃ।
হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিকরুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৪ ॥
হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিত রসনো নাম গণনা
কৃতগ্রন্থিশ্রেণী সুভগকটিসূত্রোজ্জ্বলকরঃ।

---

মধুরঃ স্বরসে পুংসি মধুরস্তু বিষান্তরে। মধুরো রসবৎ স্বাদু প্রিয়েষু ত্রিষু বাচ্যবদিতি বিশ্বলোচনকারঃ। ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্ম প্রভাব য়োরিতি বিশ্বঃ। অতিমোহনমূর্ত্তিরিত্যর্থঃ। যতীনাং সংন্যাসিনামুত্তংসঃ শিরোভূষণঃ। তরণিকরাঃ প্রাভাতিক সূর্য্যকিরণা স্তদ্বদ্বিদ্যোতীনি দীপ্তিমন্তি বসনানি যস্য সঃ। গৈরিকারক্ত বস্ত্র ইত্যর্থঃ। আঙ্গিকরুচা অবয়ব কান্ত্যা হিরণ্যানাং সুবর্ণানাং লক্ষ্মীভরং শোভাতিশয়ং অভিভবং স্তিরস্কুর্ব্বন্। স্যুঃ প্রভারুগ্রুচি স্ত্বিড় ভাভাশ্ছবি দ্যুতি দীপ্তয় ইত্যমরঃ॥ ৪ ॥

হরে কৃষ্ণেতি মন্ত্র প্রতীক গ্রহণং। ষোড়শ নামাত্মনা দ্বাত্রিংশ দক্ষরেণ মন্ত্রেণোচ্চৈরুচ্চারিতেন স্ফুরিতা কৃতনৃত্যা রসনা জিহ্বা যস্য সঃ। নাম্নামুচ্চারিতানাং গণনায়ৈ কৃতা যা গ্রন্থিশ্রেণী তয়া সুভগং সুন্দরং কটিসূত্রং

কান্তির ন্যায় যাঁহার শরীর কান্তি, যিনি যতিগণের শিরো ভূষণ, প্রভাত কালের সূর্য্যের কিরণের ন্যায় অরুণ বর্ণ যাঁহার বসন, এবং যিনি শরীর কান্তি দ্বারা সুবর্ণরাশির প্রচুর শোভাকেও পরাভব করিতেছেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৪ ॥

উচ্চৈঃস্বরে হরেকৃষ্ণ নাম উচ্চারণ করিতে যাঁহার রসনা নৃত্য করিতেথাকে ও উচ্চারিত নামের গণনার নিমিত্ত গ্রন্থীকৃত কটী সূত্রে যাঁহার সুন্দর বামহস্ত সুশোভিত, যিনি

বিশালাক্ষো দীর্ঘার্গলযুগলখেলাঞ্চিতভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৫ ॥
পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালী কলনয়া
মুহুর্বৃন্দারণ্য স্মরণ জনিত প্রেমবিবশঃ।
ক্বচিৎ কৃষ্ণাবৃত্তিপ্রচলরসনো ভক্তিরসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৬ ॥

---

তেন তদঞ্চলেনোজ্জ্বলঃ করোবামহস্তো যস্য সঃ। বিশালাক্ষঃ কর্ণান্ত নেত্রঃ। দীর্ঘং যদর্গল যুগলং তস্য খেলয়া বিলাসেনাঞ্চিতৌ ভুজৌ যস্য স আজানুবাহুরিতর্থ্যঃ। অর্গলা পরিঘঃ স্মৃত ইতি হলায়ুধঃ। নিদর্শনালঙ্কারঃ ॥ ৫ ॥

পয়োরাশেঃ সমুদ্রস্য তীরে তটে স্ফুরন্তীনামুপবনালীনামারাম পঙক্তীনাং কলনয়া বীক্ষয়া যন্মুহুর্বৃন্দারণ্য স্মরণং তজ্জনিতেন প্রেম্না বিবশোঽধৈর্য্যং গতঃ। কচিৎ স্থানে কৃষ্ণাবৃত্ত্যা কৃষ্ণেতি নাম্নোঽসকৃৎ কীর্ত্তনেন প্রচলা রসনা জিহ্বা যস্য সঃ যস্মাৎ ভক্তিরসিকঃ ॥ ৬ ॥

---

বিশাল নয়ন ও আজানুলম্বিত বাহু, সেই চৈতন্যদেব কি পুনর্ব্বার আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৫ ॥

সমুদ্রতীরে উপবন সমূহ পুনঃ পুনঃ দর্শন করিয়া অমনি বৃন্দারণ্য স্মরণ হওয়ায় প্রেমভরে যিনি অধৈর্য্য হইতেন, এবং কোথাও বা অনবরত কৃষ্ণনাম কীর্ত্তন হেতু যাঁহার রসনা নিয়ত চঞ্চল হইতেছে, সেই ভক্তিরসাস্বাদনকারী শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়নপথে আবির্ভূত হইবেন? ॥ ৬ ॥

রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচলপতে
রদভ্রপ্রেমোর্ম্মিস্ফুরিত নটনোল্লাসবিবশঃ।
সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃত তনু র্বৈষ্ণবজনৈঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশো র্যাস্যতি পদং ॥ ৭ ॥
ভুবং সিঞ্চন্নশ্রু শ্রুতিভিরভিতঃ সান্দ্রপুলকৈঃ
পরীতাঙ্গো নীপস্তবক নবকিঞ্জল্কজয়িভিঃ।

রথারূঢ়স্য নীলাচলপতেঃ শ্রীজগন্নাথস্য আরান্নিকটে। আরাদ্দূর সমীপয়োরিত্যমরঃ। অধিপদবি পথি বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ। অদভ্রেণ মহতা প্রেমোর্ম্মিণা স্ফুরিতো যো নটনোল্লাসো নৃত্যাতিশয়স্তেন বিবশঃ। পুরুক্ষং পুষ্কলং পুষ্টমদভ্রমভিধীয়তে ইতি হলায়ুধশ্চ। স্ফুটমন্যৎ ॥ ৭ ॥

অশ্রু শ্রুতিভি র্নয়নাম্বুধারাভিভুর্বং সিঞ্চন্। সান্দ্রপুলকৈ র্নিবিড় রোমাঞ্চৈরভিতঃ পরীতাঙ্গো ব্যাপ্তাবয়বঃ। পুলকান্ বিশিনষ্টি নীপেতি। কদম্বগুচ্ছ কেশর পরাভবিভিরিত্যর্থঃ। তুলঞ্চ নীপ প্রিয়ক কদম্বাস্তু হলিপ্রিয়ে ইতি। স্যাদ্গুচ্ছকস্তু স্তবক ইতি। কিঞ্জল্কঃ কেশরোঽস্ত্রিয়ামিতি

রথারূঢ় শ্রীজগন্নাথদেবের সম্মুখবর্ত্তী পথ মধ্যে বৈষ্ণবগণ মহানন্দে নাম সঙ্কীর্ত্তন আরম্ভ করিলে যিনি তৎ সঙ্গী হইয়া মহা প্রেম তরঙ্গে নৃত্য করিতে করিতে বিবশ হইতেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৭ ॥

যিনি সঙ্কীর্ত্তনানন্দে নিমগ্ন হইলে অনবরত তদীয় অশ্রুধারায় ধরাতল অভিষিক্ত হইত এবং কদম্ব কুসুমের কেশরের ন্যায় যাঁহার সর্ব্বাঙ্গ পুলকে পরিব্যাপ্ত হইত ও নিবিড় ঘর্ম্ম

ঘনস্বেদস্তোমস্তিমিততনুরুৎকীর্ত্তনসুখী
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশো র্যাস্যতি পদং ॥ ৮ ॥
অধীতে গৌরাঙ্গস্মরণপদবীমঙ্গলতরং
কৃতী যো বিশ্রম্ভ স্ফুরদমলধীরষ্টকমিদং।
পরানন্দে সদ্যস্তদমলপদাম্ভোজযুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেমলহরী ॥ ৯ ॥

চামরঃ। ঘনেন নিবিড়ে নস্বেদস্তোমেন স্তিমিতাদ্র্া তনুর্যস্য সঃ ॥ ৮ ॥
অষ্টকপাঠফলমাহ। অধীত ইতি। যঃ কৃতী বিদ্বান্ জনশ্চৈতন্যদেব স্যেদমষ্টকমধীতে পঠতি তস্য তদমল্ পদাম্ভোজ যুগলে প্রেমলহরী পরিস্ফুরতু ভবতাদিতি তঃ প্রত্যাশীঃ প্রদানং। অষ্টকং বিশিনষ্টি। গৌরাঙ্গেতি। চৈতন্য ধ্যান সাঙ্কিব্য কৃদিত্যর্থঃ কৃতিনং বিশিনষ্টি। বিশ্রম্ভেতি বিশ্বাস ভ্রাজমান বিশুদ্ধ বুদ্ধিরিত্যর্থঃ। বিশ্রম্ভঃ কেলিকলহে বিশ্বাসে প্রণয়েপিচ ইতি মেদিনী। পরিস্ফারা বিস্তীর্ণা। অস্মিন্ পরস্মিংশ্চাষ্টকে শিখরিণীচ্ছন্দঃ। রসৈরুদ্রৈশ্ছিন্না যমনস ভলাগঃ শিখরিণীতি তল্লক্ষণং। ছন্দসি গণাশ্চ বোধ্যাঃ। সর্ব্বগুরুর্মঃ কথিতো ভজসা গুর্ব্বাদি মধ্যান্তাঃ। ছন্দসি নঃ সর্ব্বলঘু র্যরতালঘ্বাদি মধ্যান্তা ইতি বর্ণচ্ছন্দসি গণাঃ। জ্ঞেয়াঃ সর্ব্বাদি মধ্যান্ত গুরবোহত্র চতুষ্কলাঃ। গণাশ্চতুর্লঘুপেতাঃ পঞ্চার্য্যাদিষু সংস্থিতা ইতি মাত্রা ছন্দসিচ তে বোধ্যা ইতি ॥ ৯ ॥

জালে যাঁহার সর্ব্ব শরীর আদ্র্র হইত; সেই শ্রীচৈতন্য দেব পুনর্ব্বার কি আমার নয়ন পথে আরূঢ় হইবেন? ॥ ৮ ॥

যে বিদ্বান্ ব্যক্তি শ্রদ্ধা সহকারে বিশুদ্ধান্তঃকরণে চৈতন্য দেবের স্মরণ পদ্ধতি স্বরূপ এই অষ্টক পাঠ করিবেন, তাঁহার আনন্দময় সেই চৈতন্যদেবের পাদপদ্ম যুগলে সুবিস্তীর্ণ প্রেম লহরী উচ্ছলিত হউক এই মাত্র প্রার্থনা করি ॥ ৯ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য প্রথমাষ্টকং সমাপ্তং ॥ * ॥

অথ দ্বিতীয়াষ্টকং ॥

কলৌ যং বিদ্বাংসঃ স্ফুটমভিযজন্তে দ্যুতিভরা

দকৃষ্ণাঙ্গং কৃষ্ণং মখবিধিভিরুৎকীর্ত্তনময়ৈঃ।

---

॥ * ॥ ইতি প্রথমং চৈতন্যাষ্টকং ব্যাখ্যাতং ॥ * ॥

জগন্নাথ ক্ষেত্রান্মাতৃ দর্শনায় গৌড়মাগতস্য শ্রীচৈতন্যস্যাস্মিন্ দ্বিতীয়েঽষ্টকে বর্ণনং কলাবিতি। স চৈতন্যাকৃতি দেবঃ নোঽস্মান্ কৃপয়তু কৃপাবিষয়ান্ করোতু। চৈতন্যাকৃতিশ্চিন্মূর্ত্তিঃ। আকৃতিস্তু স্ত্রিয়াং রূপে সামান্য বপুষোরপীতি মেদনীকরঃ। পক্ষে চৈতন্য নাম্নী আকৃতি র্যস্য সঃ শচীপুত্র ইত্যর্থঃ। দেবঃ সর্ব্বারাধ্যঃ পাষণ্ডিবিজিগীষুশ্চ। স ক ইত্যপেক্ষ্যাহ। বিদ্বাংসঃ কৃষ্ণবর্ণমিত্যাদি বাক্যার্থ তাৎপর্য্যজ্ঞাঃ। যং কলৌ চতুর্থযুগে। উৎকীর্ত্তনময়ৈঃ সংকীর্ত্তন প্রধানৈর্মখবিধিভি র্ভক্তি যজ্ঞৈঃ স্ফুটং সাক্ষাৎ যজন্তেঽর্চ্চয়ন্তি। যং কীদৃশমিত্যাহ। কৃষ্ণাঙ্গমিন্দ্র নীলমণি শ্যামলাবয়বমেবং দ্যুতিভরাদকৃষ্ণং পীতং কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণ মিত্যুক্তেঃ। যদ্যপি ত্বিষাঽকৃষ্ণমিত্যুক্তেঃ। শুক্ল কপিলাদিত্বমপ্যায়াতি তথাপ্যাসন্ বর্ণাস্ত্রয়োহ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনুঃ। শুক্লো রক্ত স্তথা পীত

॥ * ॥ ইতি প্রথম অষ্টক সমাপ্ত ॥ * ॥

অথ দ্বিতীয় অষ্টক ॥

জগন্নাথ ক্ষেত্র হইতে জননী শচী দেবীকে দর্শন করিবার নিমিত্ত গৌড়মণ্ডলে আগমন করিলে তৎকালোচিত্ত শ্রীচৈতন্য দেবের ভাব দ্বিতীয় অষ্টকে বর্ণিত হইতেছে ॥

কলিযুগে পণ্ডিতগণ নাম সঙ্কীর্ত্তন ময় যজ্ঞ দ্বারা যাঁহাকে উপাসনা করেন, যিনি কৃষ্ণবর্ণ হইলেও শ্রীমতী রাধিকার

উপাস্যঞ্চ প্রাহু র্যমখিল চতুর্থাশ্রমজুষাং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ১ ॥
চরিত্রং তস্মানঃ প্রিয় মঘবদাহ্লাদনপদং
জয়োদ্ঘোষৈঃ সম্যগ্বিরচিত শচীশোকহরণঃ।

ইদানীং কৃষ্ণতাং গত ইতি শ্রীদশমে গর্গোক্তৌ পারিশেষ্যেণ পীতকান্তে র্লাভা দ্ভুক্তং স্যষ্ঠু। যং ভীষ্মাদয়ো বিদ্বাংসোঽখিল চতুর্থাশ্রমজুষাং সর্ব্ব পরিব্রাজা মুপাস্যং পূজ্যঞ্চ প্রাহুঃ। সন্ন্যাসকৃচ্ছমঃ শান্তঃ নিষ্ঠাশান্তিঃ পরায়ণঃ। ইতি যতিস্রাজং বদন্তীত্যর্থঃ ॥ ১ ॥

প্রিয়ং চরিত্রং তস্মানঃ। শান্তিপুরপাস্মি প্রতিরথ্যং প্রতি ভক্তগৃহঞ্চ হরিকীর্ত্তনং বিস্তারয়ন্নিত্যর্থঃ। চরিত্রং বিশিনষ্টি। অঘবতাং পাপিনা মতিদুঃখয়োগ্যানামাহ্লাদমমানন্দকরং পদং স্থানমিতি পতিতপাবনস্য মুক্তং। দেবং বিশিনষ্টি। জয়োদ্ঘোষৈ র্জয়োস্তু পতিতোদ্ধারিণঃ কৃষ্ণ স্যেত্যেবমুচ্চশব্দৈঃ। বিরচিতং কৃতং স্ববিরহ বিদূনায়াঃ শচ্যাঃ স্বমাতুঃ শোকহরণং যেন সঃ। উদঞ্চত উদয়তঃ মার্ত্তণ্ডস্য রবে দ্যুতিং হরতি তিরস্করো তীতি তাদৃশং। যদ্দুকূলং গৈরিক রক্তমম্বরং তেনাঞ্চিতা শোভিতা কটি র্যস্য সঃ। পক্ষেঽরমেবেন্দ্র কার্য্যার্থী বামনো ঽভূদিতি ব্যজ্যতে। স্বজ্যেষ্ঠ

অতিশয় কান্তি দ্বারা গৌরবর্ণ হইয়াছেন এবং চতুর্থাশ্রমি পরম হংসদিগেরও উপাস্য বলিয়া পণ্ডিতেরা যাঁহাকে কীর্ত্তন করেন, সেই চৈতন্যাকৃতি মহাপুরুষ আমাকে অনুকম্পা করুন ॥ ১ ॥

যিনি শান্তিপুর ধামের প্রতিপথে ও প্রতি ভক্তের গৃহে পাপিজনের আনন্দ কর নিজ চরিত্র অর্থাৎ হরিনাম সঙ্কীর্ত্তন করিতে করিতে (পতিতপাবন কৃষ্ণের জয় হউক এই রূপ)

উদঞ্চন্মার্ত্তণ্ডদ্যুতিহর দুকূলাঞ্চিতকটিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ২ ॥
অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ।

---

ত্বাৎ। স্বভক্তত্বাচ্চ প্রিয়োমঘবা ইন্দ্র স্তস্যাহ্লাদনং পদং ব্যবসায়ো যত্র তচ্চরিতং বলিচ্ছলনং তদ্বন্ধনাদি লক্ষণং তস্মানঃ। বলৌ নিবন্ধে সতি দেবকৃতৈর্জয়োদ্ঘোষৈ বিরচিতং শচ্যা ইন্দ্রাণ্যাঃ শোকহরণং যেন সঃ। স দেব ইতি প্রাগ্বৎ ॥ ২ ॥

নন্বু চতুর্ষযুগাবতারঃ শ্যামলাঙ্গঃ। কৃতে শুক্লো ধর্ম্মমূর্ত্তিরিত্যাদি স্মরণাৎ। অস্যাতু চৈতন্যস্য তদ্যুগাবতারস্য গৌরত্বং কুতস্তত্রাহ। অপারমিতি। যঃ কস্যাপিপ্রণয়ি জনবৃন্দস্য ব্রজাঙ্গনা লক্ষণস্য স্নিগ্ধ ভক্ত নিচয়স্য কমপ্যনির্ব্বাচ্যং মধুরং শৃঙ্গারাপর পর্য্যায়ং রসস্তোমং হৃত্বোপভোক্তুং স্বয়ং তদ্ভাবেনাস্বাদয়িতুং স্বাং রুচিং দ্যুতিমাবব্রে পিদধে। কিং কুর্ব্বন্নিত্যাহ। তদীয়াং তদ্বৃন্দ সম্বন্ধিনীং দ্যুতিং প্রকটয়ন্নুপরি প্রকাশয়ন্। অন্যোপি চৌরঃ স্বরূপমাবৃত্য চোরয়তীতি প্রসিদ্ধমেতৎ। শ্রুতিরপ্যেতং সূচয়তি। যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিমিত্যাদির্না। এবং কুতশ্চকার তত্রাহ। কুতুকীতি তাসাং ভাবাস্বাদে বিনোদবান্। কৌতু

জয় ঘোষণা দ্বারা পুত্রশোকাতুরা শচীদেবীর শোকাপনোদন করিয়াছিলেন এবং নবোদিত অরুণকিরণের ন্যায় অরুণ বর্ণ বসনে যাঁহার কটিদেশ সুশোভিত, সেই চৈতন্যাকৃতি শচীনন্দন আমাদিগকে সমধিক কৃপা করুন ॥ ২ ॥

যিনি মধুর রস আস্বাদন করিব বলিয়া ব্রজবনিতাদিগের অপার মাধুর্য্যভাব অপহরণ পূর্ব্বক তদীয় কান্তি অঙ্গীকার

রুচিং স্বামাধত্তে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৩॥
অনারাধ্যঃ প্রীত্যা চিরমসুরভাবপ্রণয়িণাং
প্রপন্নানাং দৈবীং প্রকৃতিমধিদৈবং ত্রিজগতি।

---

হলং বিনোদঃ স্যাৎ কুতুকঞ্চ কুতূহলমিতি হলায়ুধঃ। যদ্যপ্যুক্ত স্মৃতেঃ প্রতি কলিযুগাবতারঃ শ্যামল স্তথাপি বৈবস্বত মন্বন্তর গতাষ্টাবিংশতিতম চতুর্যুগীয় কলিসন্ধ্যায়াং স্বয়ং ভগবান্ কৃষ্ণ এব স্বপ্রেয়স্যাঃ শ্রীরাধায়াঃ কান্তি ভাবাভ্যাং স্বকান্তি ভাবৌ সমাবৃত্যাবততারেতি স্বীকর্ত্তব্যঃ কৃষ্ণবর্ণ মিত্যাদেরাসন্ বর্ণাস্ত্রয় ইত্যাদেশ্চ। এবমভিপ্রেত্যৈব ছন্নঃ কলৌ যদভব ত্রিযুগোথসত্বমিতি সপ্তমে প্রহ্লাদোক্তিশ্চোপপদ্যেত ॥ ৩ ॥

নন্বেবং শ্রীচৈতন্যস্য সাক্ষাদীশ্বরত্বে নির্ণীতেপি কেচিত্তদ্দেশ বাসিনো বিপ্রা স্তস্মিন্ যতিভাব কৃত প্রীতিমন্তোপি কুতস্তপাত্বং ন জগৃহু স্তত্রাহ অনারাধ্য ইতি। অসুর ভাব প্রণয়িণামাসুর প্রকৃতীনাং তামস দেবতাভক্তিভাজাং চিরং তাদৃক্ প্রীত্যাপ্যনারাধ্যঃ সাক্ষাদীশ্বরত্বেনা-গ্রাহ্যঃ। দৈবীং প্রকৃতিং প্রপন্নানাং ত্বধিদৈবমারাধ্যদেবঃ সন্ যোঽজস্রং জয়তি। তত্বাস্মিনামেব সাত্বিকপ্রকৃতীনাং বহূনাং তথাত্বেন সগ্রাহ্য ইত্যর্থঃ। ত্রিজগতি ত্রিলোক্যাং নম্বেকস্মিন্নেব ভূমণ্ডলে ইত্যর্থঃ। শ্রীমান্

---

করত স্বীয় রূপ গোপন করিয়াছেন, সেই চৈতন্যাকৃতি গৌরাঙ্গদেব আমাদিগকে সাতিশয় অনুকম্পা করুন ॥ ৩ ॥

যিনি অসুরভাবাপন্ন তামসী দেবতার উপাসক ব্রাহ্মণ গণের অনুপাস্য হইলেও জগতে সত্বগুণ সম্পন্ন দেবভাবা পন্ন ব্রাহ্মণগণের একমাত্র আরাধ্য হইয়াছেন এবং স্বাভা-বিক আনন্দময় ও মধুর মূর্তিতে যিনি জগতে সর্বোৎকৃষ্ট

অজস্রং যঃ শ্রীমান্ জয়তি সহজানন্দমধুরঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৪ ॥
গতি র্যঃ পুণ্ড্রাণাং প্রকটিতনবদ্বীপমহিমা
ভবেনালং কুর্ব্বন্ ভুবনমহিতং শ্রোত্রিয়কুলং।

---

শ্রীপতিঃ। দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এবচ। বিষ্ণুভক্তিপরো দৈবো আসুর স্তদ্বিপর্য্যয় ইতি বিষ্ণুধর্ম্মাৎ। তথাচ কৈশ্চিত্তথাত্বেঽগৃহীতেপি ন কাচিৎ ক্ষতিরিতি ॥ ৪ ॥

গতিরিতি। নবদ্বীপস্য দক্ষিণতঃ কুলীনগ্রামোপান্তেঃ পুণ্ড্রো নাম দেশঃ। তদ্ভবানাং পৌণ্ড্রানাং যো দেবো গতিঃ সাধ্য সাধন ভূতো নিস্তারক ইত্যর্থঃ। তত্রত্যাঃসর্ব্বে তং সাক্ষাদীশ্বরত্বেন ভেজুরিতি ভাবঃ। যঃ কীদৃগিত্যাহ প্রকটিতেতি। গঙ্গাদেব্যা বিষ্ণুদেশোর্দ্ধাং চালঙ্কৃতস্যাপি প্রাকৃতত্বে নোচ্যমানস্য নবদ্বীপস্য তত্র প্রাদুর্ভূতেন যেন মহিমা প্রকটিতঃ। বৃন্দাবনস্য প্রকাশবিশেষোঽয়মিতি পূজ্যতা তদ্ভক্তেষু প্রকাশিতেত্যর্থঃ। যঃ শ্রোত্রিয়কুলং বৈদিক বিপ্রবংশং ভবেন স্বজন্মনালং কুর্ব্বন্ ভূষয়ন্ পরমহংসাশ্রমপদং সংন্যাস চিহ্নমঙ্গীকারাৎ স্বীকৃত্য পুনাতি। নহি তস্য সংন্যাস গ্রহণে কিঞ্চিৎ ফলং কিন্তু ভক্তিসাৎ করণেন তৎ পরিশুদ্ধিরেবেতি ॥ ৫ ॥

---

রূপে বিরাজ করিতেছেন, সেই চৈতন্যাকৃতি শচীনন্দন আমাদিগকে কৃপা করুন ॥ ৪ ॥

যিনি পুণ্ড্রদেশীয় ভক্তগণের নিস্তারকারী, যিনি বিশেষ রূপে নবদ্বীপের মহিমা বিস্তার করিয়াছেন ও যিনি নবদ্বীপে বৈদিক ব্রাহ্মণ বংশে জন্ম গ্রহণ করিয়া ভুবন পূজ্য ঐ বংশ উজ্জ্বল করিয়াছেন এবং যিনি পরমহংসাশ্রম অঙ্গীকার করিয়া ভক্তি শিক্ষা দ্বারা ঐ আশ্রম পবিত্র করি-

পুনাত্যঙ্গীকারাদ্ভুবি পরমহংসাশ্রমপদং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫ ॥
মুখেনাগ্রে পীত্বা মধুরমিহ নামামৃতরসং
দৃশোর্দ্বারা যস্তং বমতি ঘনবাস্পাম্বুমিষতঃ।
ভুবি প্রেম্নস্তত্ত্বং প্রকটয়িতুমুল্লাসিততনুঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৬ ॥

---

ভাবমগ্নতাং বর্ণয়ন্ বিশিনষ্টি। মুখেনেতি। অগ্রে প্রথমং মধুরং নামামৃতরসং মুখেনাস্যেন যঃ পীত্বা ঘনবাস্পাম্বু মিষতো নিবিড় নয়ন জলচ্ছলেন দৃশোর্দ্বারা তং নামামৃত রসং বমত্যুদ্গিরতি কিমর্থমিত্যপেক্ষ্যাহ। ভুবি পৃথিব্যাং প্রেম্ন তত্ত্বং স্বরূপং প্রকটয়িতুং বোধয়িতুং। তত্ত্বং বাদ্য প্রভেদে স্যাৎ স্বরূপে পরমাত্মনীতি বিশ্বঃ। ভগবন্নাম কীর্ত্তনমেব তৎ প্রেমা ভবেদিতি বোধনায়েত্যর্থঃ। নচ জুগুপ্সাশ্লীলমিদং বমতি পদং গৌণবৃত্তিতায়ামশ্লীলানঙ্গীকারাৎ। অপহ্নুতিরলঙ্কারঃ। প্রকৃতং নামামৃত রসপানানুভাবমশ্রু প্রতিষিধ্য তস্য তদ্রসত্বেন স্থাপনাৎ। প্রকৃতং যন্নিষিধ্যান্যৎ স্থাপ্যতে সাপহ্নুতিরিতি তল্লক্ষণাৎ ॥ ৬॥

য়াছেন, সেই চৈতন্যাকৃতি গৌরাঙ্গদেব আমাদিগকে কৃপা করুন ॥ ৫ ॥

যিনি প্রথমতঃ মুখ দ্বারা হরিনাম রূপ অমৃত রস পান করিয়া অনবরত অশ্রু বিসর্জ্জন ছলে নয়ন দ্বারা ঐ রস যেন উদ্গিরণ করিতেছেন এবং জগতে প্রেম তত্ত্ব শিক্ষাদিবার নিমিত্ত যাঁহার কলেবর সর্ব্বদা উল্লাসিত, সেই চৈতন্যাকৃতি মহাপ্রভু আমাদিগকে অনুকম্পা করুন ॥ ৬ ॥

তনুমাবিষ্কুর্ব্বন্ নবপুরটভাসং কটিলসৎ
করঙ্কালঙ্কারস্তরুণগজরাজাঞ্চিতগতিঃ।
প্রিয়েভ্যো যঃ শিক্ষাং দিশতি নিজনির্ম্মাল্যরুচিভিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৭ ॥
স্মিতালোকঃ শোকং হরতি জগতাং যস্য পরিতো

তীর্থায় ব্রজন্তং বর্ণয়ন্ বিশিনষ্টি তনুমিতি। নবস্য দাহোত্তীর্ণস্য পুরটস্য সুবর্ণস্যেব ভাঃ যস্যাস্তাং তনুং মূর্ত্তিমাবিষ্কুর্ব্বন্ প্রদর্শয়ন্ পথিকত্বেহি সর্ব্বেষাং তদ্দর্শনং স্যাদিতি কারুণিকত্বং ব্যঙ্গং। কটৌ নিবদ্ধ তয়োল্লসন্ করঙ্কালঙ্কারো নারিকেল ফলাস্থি রচিতমম্বুপাত্রং যস্য সঃ। নারিকেরজঃ করঙ্ক ইতি হৈমঃ নিজাঃ স্বকীয়া নির্ম্মাল্যেষু ভগবৎ প্রসাদেষু মাল্যাদিষু যা রুচয়োঽভিপ্রীতয় স্তাভিঃ প্রিয়েভ্যঃ স্বভক্তেভ্যঃ শিক্ষাং যো দিশতি। ভবদ্ভিরেবমেব তেষাদরোবিধেয় ইতি শিক্ষয়তীত্যর্থঃ ॥ ৭ ॥

নিখিল কল্যাণ করত্বং বর্ণয়ন্ বিশিনষ্টি স্মিতেতি। যস্য স্মিতালোকঃ স্মিত পূর্ব্বকঃ কৃপাকটাক্ষঃ। জগতাং তদ্বর্ত্তি প্রাণিনাং শোকং হরতি।

---

প্রতপ্ত কাঞ্চনের ন্যায় যাঁহার শরীর-কান্তি, যাঁহার কটিদেশ করঙ্গ (সন্ন্যাসীদিগের ভিক্ষাভাজন পাত্র বিশেষ) রূপ অলঙ্কারে সুশোভিত এবং তরুণ গজরাজের ন্যায় যাঁহার প্রশস্ত গমন ও যিনি স্বয়ং প্রীতি পূর্ব্বক ভগবৎ প্রসাদ মাল্যাদি গ্রহণ করিয়া নিজ ভক্তদিগকে শিক্ষা অর্থাৎ তোমারাও এই প্রকার আচরণ করিও এই বলিয়া উপদেশ প্রদান করিতেছেন সেই চৈতন্যাকৃতি মহাপুরুষ আমাদিগকে প্রচুর কৃপা করুন ॥ ৭ ॥

যাঁহার ঈষদ্ধাস্য সহকৃত কৃপাকটাক্ষ সকলের শোক

গিরাস্ত প্রারম্ভঃ কুশলপটলীং পল্লবয়তি।
পদালম্ভঃ কম্বা প্রণয়তি নহি প্রেমনিবহং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৮ ॥
শচীসূনোঃ কীর্ত্তিস্তবক নবসৌরভ্যনিবিড়ং
পুমান্ যঃ প্রীতাত্মা পঠতি কিল পদ্যাষ্টকমিদং।
স লক্ষ্মীবানেতং নিজপদসরোজে প্রণয়িতাং
দদানঃ কল্যাণীমনুপদমবাধং সুখয়তু ॥ ৯ ॥

---

যস্য গিরাস্ত প্রারম্ভঃ সম্ভাষণোপক্রমঃ জগতাং কুশলপটলীং কল্যাণসংহতিং পল্লবয়তি বিস্তারয়তি। যস্য পদালম্ভঃ চরণাশ্রয়ণং কং বা জনং প্রেমনিবহং কৃষ্ণপ্রেম সন্ততিং ন প্রণয়তাপিতু সর্ব্বং জনং তং প্রাপয়তীত্যর্থঃ ॥ ৮ ॥

অষ্টকপাঠফলমাহ। শচীতি। যঃ পুমানিদং শচীসূনোঃ পদ্যাষ্টকং পঠতি। এতং জনং স লক্ষ্মীবান্ শচীসূনুরনুপদং সদা সুখয়তু। কিং কুর্ব্বাণঃ সন্নিত্যাহ। নিজপদসরোজে প্রণয়িতাং প্রীতিং দদানঃ সন্। স্ফুটার্থমন্যৎ ॥ ৯ ॥

---

হরণ করিয়া থাকে, যাঁহার বাক্যারম্ভ জগতের কল্যাণ সমূহ বিস্তার করে, যাঁহার পাদপদ্ম আশ্রয় করিলে সামান্য লোকেও সমধিক কৃষ্ণপ্রেম প্রাপ্ত হয়, সেই চৈতন্যাকৃতি শচীনন্দন আমাদিগকে সমধিক অনুকম্পা করুন ॥ ৮ ॥

শচীনন্দনের কীর্ত্তি কুসুমাবলীর গন্ধে সুগন্ধ পরিপূর্ণ এই পদ্যাষ্টক যে ব্যক্তি প্রীত মনে পাঠ করেন, সেই শ্রীমান্ শচীনন্দন কল্যাণ ময় নিজ পাদপদ্মে তাঁহাকে আশ্রয় দিয়া নিরন্তর তাঁহাকে সুখী করেন ॥ ৯ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য দ্বিতীয়াষ্টকং সমাপ্তং ॥ * ॥

অথ তৃতীয়াষ্টকং ॥

উপাসিতপদাম্বুজস্ত্বমনুরক্তরুদ্রাদিভিঃ
প্রপদ্য পুরুষোত্তমং পদমদভ্রমুদ্ভ্রাজিতঃ।
সমস্ত নত মণ্ডলী স্ফুরদভীষ্টকল্পদ্রুমঃ

---

॥ * ॥ ইতি দ্বিতীয়ং চৈতন্যাষ্টকং ব্যাখ্যাতং ॥ * ॥

অথ পুরুষোত্তমক্ষেত্রে বিরাজমানং চৈতন্যদেবং পশ্যন্ স্তৌতি। উপাসিতেত্যাদিভিঃ। হে শচীসুত হে প্রভো হে মুকুন্দ ত্বং মন্দে ময়ি কৃপাং কুরু। কীদৃশস্ত্বমিত্যপেক্ষ্যাহ। অনুরক্তৈরাচার্য্যাদিরূপতয়া স্থিতৈ রুদ্রাদিভিরুপাসিতে পদাম্বুজে যস্য সঃ। পুরুষোত্তমং পদং স্থানং ক্ষেত্রং প্রপদ্য প্রাপ্যোদ্ভ্রাজিতো বিদ্যোতমানঃ। অদভ্রং শ্রেষ্ঠং। যদ্বা। পুরুষোত্তমং জগন্নাথং পদং বস্তু প্রপদ্য তৎ প্রপত্তিং কৃত্বোদ্ভ্রাজিতো লব্ধচ্ছবিরিত্যর্থঃ। নতমণ্ডলী স্বভক্তগণঃ। মণ্ডলঃ পরিধৌ কুষ্ঠে দেশে দ্বাদশ রাজকে। ক্লীবেথ নিবহে বিম্বে ত্রিষু পুংসিতু কুক্কুরে ইতি মেদিনীকরঃ॥ ১

---

॥ * ॥ ইতি দ্বিতীয় অষ্টক সমাপ্ত ॥ * ॥

তৃতীয় অষ্টকে জগন্নাথ ক্ষেত্রস্থ মহাপ্রভুর ভাব বর্ণিত হইতেছে।

হে শচীনন্দন! রুদ্রাদি দেবগণ মানবদেহ ধারণ পূর্ব্বক সর্ব্বদা তোমাতে অনুরক্ত হইয়া তোমার পাদপদ্ম উপাসনা করিতেছেন, তুমি জগন্নাথ ক্ষেত্র প্রাপ্ত হইয়া সর্ব্বদা সেই স্থানে আনন্দে বিরাজ করিতেছ এবং তুমি ভক্তমণ্ডলীর অভীষ্ট দাতা কল্পবৃক্ষ স্বরূপ, অতএব হে

শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ১ ॥
নু বর্ণয়িতুমীশতে গুরুতরাবতারায়িতা
ভবন্তমুরুবুদ্ধয়ো ন খলু সার্ব্বভৌমাদয়ঃ।
পরোভবতু তত্র কঃ পটুরতো নমস্তে পরং
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ২ ॥
ন যৎ কথমপি শ্রুতাবুপনিষদ্ভিরপ্যাহিতং

---

প্রভোঃ স্তবে স্বস্যাসামর্থ্যং দর্শয়ন্নাহ ন্বিতি। হে শচীসুত সার্ব্বভৌমাদয়োপি ভবন্তং বর্ণয়িতুং স্তোতুং নেশতে সমর্থা ন ভবন্তি। কীদৃশাস্তে ইত্যাহ। গুরুতরাঃ সর্ব্বমুনিগুরবশ্চ তেঽবতারাশ্চ দত্তাত্রেয় বাদরায়ণাদয়ঃ। তে ইবাচরন্তীতি গুরুতরাবতারায়িতাঃ কর্তৃক্যঙন্তাৎ কর্ত্তরি ক্তঃ। উরু বুদ্ধয়োঽতিসূক্ষ্মধিয়ঃ। তাদৃশোপি যদ্বর্ণনে ন ক্ষমাস্তত্র পরোঽন্যঃ পটুর্নিপুনঃ কো ভবেন্ন কোপীতি ভাবঃ। অতঃ সর্ব্বাবরস্য বুদ্ধিহীনস্য মে তে তুভ্যং পরং কেবলং নমোঽস্তু নতু বর্ণনোদ্যম ইতি ভাবঃ ॥ ২ ॥

নন্বু তাদৃশাস্তে তদ্বর্ণনে কুতোঽক্ষমাস্তত্রাহ ন যদিতি। শ্রুতৌ বেদে তচ্ছিরো

---

প্রভো! হে মুকুন্দ! এই মন্দ ব্যক্তি যে আমি, আমাকে কৃপা কর ॥ ১ ॥

হে শচীনন্দন! যে স্থলে ব্যাসাদি মুনিগণের ন্যায় সূক্ষ্ম বুদ্ধি সম্পন্ন সার্ব্বভৌম প্রভৃতি পণ্ডিতগণ তোমার স্বরূপ বর্ণনে সমর্থ হয়েন না, সে স্থলে সামান্য ব্যক্তি আমি কি রূপে তোমাকে বর্ণন করিব। অতএব হে প্রভো! হে মুকুন্দ! তোমাকে নমস্কার করি, এ অধমের প্রতি কৃপা কর ॥ ২ ॥

হে রসরত্নাকর! যাহা বেদে নাই, যাহা উপনিষদে নাই

স্বয়ঞ্চ বিবৃতং নযদ্ গুরুতরাবতারান্তরে।
ক্ষিপন্নসি রসাম্বুধে তদিহ ভক্তিরত্নং ক্ষিতৌ
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং॥ ৩॥
নিজপ্রণয়বিস্ফুরন্নটনরঙ্গ বিস্মাপিত

ভূতাভিরুপনিষত্তি র্যদ্ভক্তিরত্নং কথমপি কেনাপি ভক্তিস্বরূপ প্রকাশকেন প্রকারেণ নাহিতং নর্পিতং ন বর্ণিতমিত্যর্থঃ। তা হি শ্রদ্ধা ভক্তি ধ্যান যোগাদবৈহি। যস্য দেবে পরা ভক্তি র্ভক্তিরস্য ভজনমিত্যাদিভির্মুদ্রিত-বস্তুবস্থাপয়ন্তীতি ভাবঃ। স্বয়ং ভগবতা শ্রীকৃষ্ণেন চ যদ্ভক্তিরত্নং গুরুত রাবতারান্তরে দত্তাত্রেয় ব্যাসাদি প্রাদুর্ভাব মধ্যে ন বিবৃতং। কর্ম্মযোগয়ো রদ্বৈতচ্ছায়ায়াশ্চান্তরান্তবোক্ত্যা তদ্বাক্যেষু শুদ্ধভক্তে বিবৃত্যা লাভাৎ। তত্ত্বমিহ ক্ষিতৌ ধান্যরাশিমিব ক্ষিপন্নসি। যেদেন ভগবতাচ গোপিতানি ভক্তিরত্নান্যেবং বিকিরতস্তে মহোদারস্য বর্ণনং সুর্ব্বদুঃশকমিতি ভাবঃ। এবমুক্তং। ক্ব সা নিরঙ্কুশকৃপা ক্ব তদ্বৈভবমদ্ভুতং। ক্ব সা বৎসলতা শৌরে যাদৃগ্ গৌরে তবাত্মনীতি প্রবোধানন্দঃ॥ ৩॥

নিজেতি ত্রীণ্যত্র সম্বুদ্ধ্যন্তানি। নিজে স্বস্মিন্ কৃষ্ণাত্মনি যঃ প্রণয়ো ভাববিশেষস্তেন বিস্ফুরদুদয়মানং যন্নটনং তত্র যোরঙ্গ আশ্চর্যাতা জ্ঞানং তেন বিস্মাপিত স্ত্রিনেত্রঃ শিব স্তদবতারোঽদ্বৈতাচার্য্যো যেন হে তথাভূত। রঙ্গঃ স্যাদদ্ভুতজ্ঞানে জঙ্গমেঙ্গিতয়োরপীতি বিশ্বঃ। অহস্কৃতিরাভিজাত্য পাণ্ডি-

---

এবং কৃষ্ণাবতারেও অন্যান্য ব্যাসাদি অবতারেও যাহা প্রকাশিত হয় নাই সেই ভক্তি রত্ন অনবরত তুমি এই ধরা-তলে বিতরণ করিতেছ, অতএব হে শচীনন্দন! হে মুকুন্দ! হে প্রভো! এই অধম জনে অনুকম্পা কর॥ ৩॥

হে শচীনন্দন! তুমি নাম সঙ্কীর্ত্তনে অপূর্ব্ব নৃত্য করিয়া শিবাবতার অদ্বৈতাচার্য্যকে বিস্ময়ান্বিত ও ভক্তমণ্ডলীর

ত্রিনেত্রনতমণ্ডলপ্রকটিতানুরাগামৃত।
অহঙ্কৃতি কলঙ্কিতোদ্ধত জনাদি দুর্ব্বোধ হে
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং॥ ৪॥
ভবন্তি ভুবি যে নরাঃ কলিত দুষ্কুলোৎপত্তয়া
স্তমুদ্ধরসি তানপি প্রচুর চারু কারুণ্যতঃ।
ইতি প্রমুদিতান্তরঃ শরণমাশ্রিতস্ত্বামহং

ত্যাদি হেতুকোভিমানস্তেন কলঙ্কিতা লাঞ্ছিতা যে উদ্ধত জনাস্তৈর্দুর্বোধ হে শচীসুত। কলঙ্কাঙ্কৌ লাঞ্ছনঞ্চ চিহ্নং লক্ষ্ম চ লক্ষণমিত্যমরঃ। অহঙ্কার বিযুক্তানাং কেশবো নহি দূরগঃ। অহঙ্কারযুতানান্তু মধ্যে পর্ব্বতকোটয় ইতি স্মৃতেঃ। স্ফুটমন্যৎ॥ ৪॥

নন্বু মন্দে ত্বয়ি মৎ কৃপা কথং স্যাত্তত্রাহ ভবন্তীতি। যেন বা ভুবি কলিত দুষ্কুলোৎপত্তয়ো ভবন্তি দুষ্কুলোৎপত্তিভাজো বর্ত্তন্তে তানপি দুষ্কুলীনত্বাৎ পাপাচারান্ ত্বং সমুদ্ধরসি। কুতো হেতোরিত্যাহ প্রচুরেতি। কমনীয় কৃপা নির্ভরাদিত্যর্থঃ। যত এবমতস্ত্বামহং প্রমুদিতান্তরঃ প্রহৃষ্ট চিত্তঃ সন্ শরণমাশ্রিতঃ প্রাপ্তোস্মি। তাদৃশস্যাপি মে নিস্তারো ভাবীতি॥ ৫॥

---

হৃদয়ে অনুরাগ রূপ অমৃত সঞ্চার করিয়াছ এবং তুমি জাতি বিদ্যা, মহত্ত্ব প্রভৃতি অভিমান মদে কলুষিত হৃদয় উদ্ধত জনগণের দুর্জ্ঞেয়, অতএব হে প্রভো! হে মুকুন্দ! এই মন্দ জনের প্রতি তুমি কৃপা কর॥ ৪॥

এই ধরাতলে যাহারা নীচ কুলে জন্ম গ্রহণ করে, তুমি সমধিক সুন্দর করুণামৃত বর্ষণে সেই সকল পাপাচারি জন গণকে নিস্তার করিয়াথাক, এই ভরসায় আমিও আনন্দমনে তোমার শরণাগত হইলাম, অতএব হে শচীনন্দন! হে প্রভো!

শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ৫ ॥
মুখাম্বুজ পরিস্খলন্মৃদুলবাঙ্মধূলীরস
প্রসঙ্গ জনিতাখিল প্রণতভৃঙ্গরঙ্গোৎকরঃ।
সমস্ত জন মঙ্গল প্রভব নাম রত্নাম্বুধে
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ৬ ॥
মৃগাঙ্ক মধুরানন স্ফুরদনিদ্র পদ্মেক্ষণ
স্মিতস্তবকসুন্দরাধরবিশঙ্কটোরস্তট।

মুখেত্যত্র সম্বোধন দ্বয়ং মুখাম্বুজাৎ পরিস্খলন্ ক্ষরন্ যো মৃদুল বাঙ্মধূলী রসঃ কোমলবাণী মকরন্দ দ্রব স্তস্মিন্ যঃ প্রসঙ্গো গাঢ়াশক্তিস্তেন জনিতো হ্খিলানাং প্রণতভৃঙ্গাণাং রঙ্গোৎকরো বিস্ময় জ্ঞান নির্ভরো যেন হে তথা ভূত। সমস্তানাং নানা বিধানাং জন মঙ্গলানাং প্রভবো যেভ্য স্তথা ভূতানাং নাম রত্নানামম্বুধে হে শচীসুত ॥ ৬ ॥

রূপং নিরূপয়ন্ সম্বোধয়তি মৃগাঙ্কেতি। মৃগাঙ্কশ্চন্দ্র স্তদ্বন্মধুরমাহ্লাদ প্রকাশাভ্যাং রুচিরমাননং মুখং যস্য হে তাদৃশ। স্ফুরন্তী বিরাজন্তী যে

---

এ অধমের প্রতি একবার কৃপাকটাক্ষ বিস্তার কর ॥ ৫ ॥

হে প্রভো! তোমার মুখ পদ্ম বিগলিত কোমল বাক্য রূপ মকরন্দে গাঢ় আসক্ত হইয়া, অপূর্ব্ব রসবোধে ভক্ত রূপ ভ্রমরগণ অতিশয় চমৎকৃত হইতেছে এবং তুমি সকলের কল্যাণ কারণ ভগবন্নাম রত্নের রত্নাকর, অতএব হে শচী নন্দন! হে মুকুন্দ! এই অধম জনের প্রতি অনুকম্পা কর॥ ৬

হে শচীনন্দন! ত্বদীয় মুখমণ্ডল চন্দ্রের ন্যায় অতিশয় আহ্লাদ কর, প্রফুল্ল পঙ্কজের ন্যায় তোমার নয়ন যুগল,

ভুজোদ্ধত ভুজঙ্গমপ্রভ মনোজকোটিদ্যুতে
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ৭ ॥
অহং কনককেতকীকুসুমগৌরদুষ্টঃ ক্ষিতৌ
ন দোষ লবদর্শিতা বিবিধ দোষ পূর্ণেঽপি তে।
অতঃ প্রবণয়া ধিয়া কৃপণবৎসল ত্বাং ভজে

---

অনিদ্রে প্রফুল্লে পদ্মে তে ইবেক্ষণে নেত্রে যস্য হে তাদৃশ। স্মিতস্তবকেন মন্দ-হাস গুচ্ছেন সুন্দরোঽধরো যস্য হে তাদৃশ। বিশঙ্কটং বিশালমুরস্তটং বক্ষো যস্য হে তাদৃশ। বিশঙ্কটং পৃথু বৃহৎ বিশালং পৃথুলং মহদিত্যমরঃ ॥ ৭ ॥

পাপাত্মাপ্যহং তব স্বভাবং বীক্ষ্য কৃতার্থঃ স্যামিতি হৃষ্টচিত্তোস্মীতি ভাবেনাহ অহমিতি। হে কনককেতকীকুসুমগৌর। ক্ষিতৌ পৃথিব্যা মহং দুষ্টঃ কামক্রোধাদি দূষিতোঽস্মি। বিবিধদোষপূর্ণেপি জনে তে তব দোষলব দর্শিতা নাস্তি। অত উদ্ধারকস্য তবোদ্ধার্য্যেণ ময়া সহ সম্বন্ধ প্রতীয়াদ্ধেতো ত্বামহং প্রবণয়া নম্রয়া ধিয়া ভজে। হে] কৃপণবৎসল ময়ি

---

তোমার অধর বিম্ব ঈষদ্ধাস্য রূপ কুসুম স্তবকে সুশোভিত, বক্ষঃস্থল অতি বিশাল, উদ্ধত ভুজঙ্গের ন্যায় ভুজ যুগল এবং কোটিকন্দর্পের ন্যায় তোমার শরীর কান্তি, অতএব হে মুকুন্দ! হে প্রভো! এই মূঢ় জনের প্রতি কৃপা কর ॥ ৭ ॥

হে সুবর্ণকেতকীকুসুমগৌর! হে, দীনবৎসল! এই ধরাতলে আমি কাম ক্রোধাদি অশেষ দোষে দূষিত, কিন্তু দোষ পরিপূর্ণ জনে তোমার দোষ দৃষ্টি নাই বলিয়া দৃঢ় বিশ্বাসে তোমার ভজনা করিতেছি অতএব হে শচীনন্দন! হে মুকুন্দ! হে প্রভো! এই মন্দ জনের প্রতি অনুকম্পা

শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ৮ ॥
ইদং ধরণিমণ্ডলোৎসব ভবৎপদাঙ্কেষু যে
নিবিষ্টমনসো নরাঃ পরিপঠন্তি পদ্যাষ্টকং।
শচীহৃদয়নন্দনপ্রকট কীর্ত্তিচন্দ্রপ্রভো
নিজপ্রণয়নির্ভরং বিতর দেব তেভ্যঃ শুভং ॥ ৯ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য তৃতীয়াষ্টকং সমাপ্তং ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীচৈতন্যদেবস্য স্তোত্রাণি ॥ * ॥

---

মন্দে কৃপাং কুরু ॥ ৮ ॥

অষ্টকপাঠ ফলমাহেদমিতি। হে ধরণীমণ্ডলোৎসব। হে শচীহৃদয় নন্দন। হে প্রকটকীর্ত্তিচন্দ্র হে প্রভো। যেন বা ভবৎ পদাঙ্কেষু ত্বচ্চরণ চিহ্নেষু নিবিষ্ট মনসঃ যস্ত ইদং পদ্যাষ্টকং পরি পঠন্তি তেভ্যঃ নিজ প্রণয় নির্ভরং স প্রেম সম্পত্তিং বিতর দেহি। হে দেব শুভং মঙ্গলাত্মকং। অস্মিন্নষ্টকে পৃথ্বীচ্ছন্দঃ। জসৌ জসযলাবসু গ্রহ যতিশ্চ পৃথ্বী গুরুরিতি তল্লক্ষণং ॥ ৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ং চৈতন্যাষ্টকং ব্যাখ্যাতং ॥ * ॥

---

প্রকাশ কর ॥ ৮

হে ধরণিমণ্ডলোৎসব! হে প্রকাশিত কীর্ত্তিচন্দ্র! হে শচীহৃদয়নন্দন! হে প্রভো! যে সকল মনুষ্য তোমার পাদ পদ্মে মন অভিনিবেশ পূর্ব্বক এই পদ্যাষ্টক পাঠ করেন তুমি তাঁহাদিগকে মঙ্গলময়ী নিজ প্রেম সম্পত্তি বিতরণ কর ॥ ৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়াষ্টক সমাপ্ত ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে শ্রীচৈতন্যদেবের স্তবাবলী সমাপ্ত ॥ * ॥

শ্রীকৃষ্ণায় নমঃ।

অথ শ্রীকৃষ্ণদেবস্য ॥

শ্রীকৃষ্ণঃ পরমানন্দো গোবিন্দো নন্দনন্দনঃ।

---

এবং স্বদেশিকং শ্রীচৈতন্যং স্তুত্বা সচ্চিদানন্দ রূপায় কৃষ্ণায়াক্লিষ্ট কারিণে। একোবশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য একোপি সন্ বহুধা যো বিভাতি তস্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং ধ্যায়েৎ। কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং মত্তঃ পরতরং নান্যদিত্যাদি শ্রুতিস্মৃতিভিস্তেনোপদিষ্টং পরতমং তত্ত্বং কৃষ্ণং স্তোতুমারভতে। অথেতি শ্রীচৈতন্যদেব স্তবানন্তরং শ্রীকৃষ্ণস্য স্তবো লিখ্যত ইত্যর্থঃ। স্তবমাহ। শ্রীতি। শ্রীকৃষ্ণেতি নিখিল নাম মুখ্যেন নাম্না বাচ্যত্বাৎ শ্রীকৃষ্ণঃ। নাম্নাং মুখ্যতমং নাম কৃষ্ণাখ্যং মে পরন্তপেতি ভগবদুক্তেঃ। তৎ প্রবৃত্তি নিমিত্তঞ্চ সদানন্দত্বং। কৃষি র্ভূবাচকঃ শব্দোণশ্চ নির্বৃতি বাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়ত ইতি স্মৃতেঃ। কচিৎ শ্যামত্বঞ্চ। কৃষ্ণো বর্ণশ্চ মে যস্মাত্তস্মাৎ কৃষ্ণোহমর্জ্জুনেতি ভগবদুক্তেঃ। পরমশ্চাসাবানন্দশ্চেতি পরমানন্দঃ বিজ্ঞানমানন্দং ব্রহ্মেত্যাদি শ্রুতেঃ আনন্দস্য পারম্যং বিজ্ঞানাত্মকত্বাৎ। বিভুত্বাৎ সশ্রীকত্বাদ্বা মূর্ত্তত্বাদ্বেত্যন্যে। মূর্ত্তত্বঞ্চ তস্য রাগ মূর্ত্তত্ববদচিন্ত্যত্বাচ্ছুভত্বাচ্চ স্বীকার্য্যং। গবামিন্দ্রত্বাৎ গোবিন্দঃ পায়ান্ন ইন্দ্রো-গবামিতি শ্রীশুকোক্তেঃ। নন্দাৎ যশোদায়াং জাতত্বাৎ নন্দনন্দনঃ। দারকোনন্দনোঽর্ভক ইতি ধনঞ্জয়ঃ যশোদাখনিমাণিক্যমিত্যুপরি বক্ষ্যতি। নন্বু কৃষ্ণস্য যশোদাসুতত্বং ন সম্ভবতি। শ্রীদশমোক্ত স্ফুটার্থ বিরোধাদিতি চেন্মৈবমেতৎ। নিশীথে তম উদ্ভূতে জায়মানে জনার্দ্দনে। দেবক্যাং দেবরূপিণ্যাং বিষ্ণুঃ সর্ব্বগুহাশয়ঃ। আবিরাসীৎ যথা প্রাচ্যাং দিশীন্দুরিব পুষ্কল ইতি তত্রৈব শ্রীমুনীন্দ্রেণ যশোদায়াং চ তস্য জন্মাভিধানাৎ। যশোদাপি দেবকীত্যুচ্যতে। দ্বে নাম্নী নন্দভার্য্যায়া, যশোদা দেবকীতিচ। অতঃ

---

অথ শ্রীকৃষ্ণের স্তব ॥

শ্রীকৃষ্ণ, পরমানন্দ, (যিনি পরম আনন্দ স্বরূপ)

তমালশ্যামলরুচিঃ শিখণ্ডকৃতশেখরঃ ॥ ১ ॥

সখ্যমভূৎ তস্যা দেবক্যা শৌরিজায়য়েত্যাদি পুরাণাৎ ততশ্চায়মর্থঃ। দেহলী প্রদীপ ন্যায়েন দেবক্যামিত্যেতদুভয়ান্বয়ি। তমসা ধ্বান্তেনোদ্ভূতে ব্যাপ্তে নিশীথে রাত্র্যর্দ্ধে দেবক্যাং যশোদায়াং জনার্দ্দনে কৃষ্ণে জায়মানে সতি দেবক্যাং বসুদেবপত্ন্যাং বিষ্ণুঃ কৃষ্ণ এবাবিরাসীদিত্যুভয়ত্র যুগপৎ প্রভোরাবির্ভাবঃ। গর্ভকালে ত্বসংপূর্ণে অষ্টমে মাসি তে স্ত্রিয়ৌ। দেবকী চ যশোদা চ সুষুবাতে সমং তদেতি হরিবংশাচ্চ। তদুত্তরং দুর্গায়াশ্চ যশোদায়ামাবির্ভাবঃ। ততশ্চ শৌরি র্ভগবৎ প্রচোদিতঃ সুতং সমাদায় স সূতিকাগৃহাৎ। যদা বহির্গন্তুমিয়েষ তর্হ্যজা যা যোগমায়াঽজনি নন্দজায়য়া ইতি শ্রীমুনীন্দ্রোক্তেঃ। অতঃ কিঞ্চিৎ পূর্ব্বোত্তর ভাবেন যশোদায়াঃ পুত্রকন্যারূপমপত্যদ্বয়ং তচ্চ বসুদেব যশোদাভ্যাং ক্রমাদদৃষ্টং বোধ্যং দেবরূপিণ্যামিতি কুক্ষি সম্বন্ধোবো নিরস্তঃ। যশোদা নন্দপত্নী চ জাতং পরমবুধ্যত। ন তল্লিঙ্গ পরিশ্রান্তা নিদ্রয়াপগত স্মৃতিরিতি। তত্রৈবোপরি তেন তস্যাং তজ্জন্মনঃ স্ফুটীকরণাচ্চ শৌরিপত্নী নন্দপত্নীচ পরং পরেশমেব স্বগর্ভাজ্জাতমবুধ্যত। তদ্বসুদেবাগমনাদিকং ন বেদ। তল্লিঙ্গমিতি পাঠেপি তস্য বসুদেবাগমাদেশ্চিহ্নং নাবুধ্যত ইত্যর্থঃ। নন্দগোপগৃহে জাতো যশোদা গর্ভসম্ভব ইত্যাদিপুরাণে কণ্ঠোক্তেশ্চ। এবঞ্চ নন্দস্বাত্মজ উৎপন্ন ইত্যতোঽদ্ভুতামুজাবিষ্ণোরিত্যাদিকং সুপপন্নং। উপগুহ্যাত্মজামিত্যাদিবৎ গৌণাত্মজত্ব শঙ্কাচ নিরস্তা। বাসুদেবস্য তস্মিন্নৈক্যাত্তদৈক্যবৎ স্বসা মথুরাদৌ গমনাদন্তরা ব্রজে চাগমনাত্তদুক্তে স্ফুটার্থোপি ন সন্দেহঃ। তস্মাদ্যশোদাসুতঃ কৃষ্ণঃ তমালেত্যর্দ্ধকং স্ফুটার্থং ॥ ১ ॥

---

গোবিন্দ, নন্দনন্দন, তমাল শ্যামল রুচি, (তমাল তরুর ন্যায় যাঁহার স্নিগ্ধ কান্তি) শিখণ্ডকৃতশেখর, (ময়ূরপুচ্ছ দ্বারা যাঁহার মস্তক সুশোভিত) ॥ ১ ॥

পীতকৌশেয়বসনো মধুরস্মিতশোভিতঃ।
কন্দর্পকোটিলাবণ্যো বৃন্দারণ্যমহোৎসবঃ ॥ ২ ॥
বৈজয়ন্তী স্ফুরদ্বক্ষাঃ কক্ষাত্তলগুড়োত্তমঃ।
কুঞ্জার্পিতরতিগুঞ্জাপুঞ্জমঞ্জুলকণ্ঠকঃ ॥ ৩ ॥

---

পীতে বিদ্যুদ্বর্ণে কৌশেয়ে পট্টোত্তবে বসনে যস্ত সঃ। মধুরেতি প্রকটার্থং। কন্দর্পকোটেরপ্যধিকং লাবণ্যং তরলা কান্তি র্যস্য সঃ। বৃন্দারণ্যে মহান্নুৎসবো যস্য সঃ ॥ ২ ॥

পঞ্চবর্ণ পুষ্প রচিতা স্রগ্বৈজয়ন্তী তয়া স্ফুরদ্বিদ্যোতমানং বক্ষো যস্ত সঃ। কক্ষেণাত্তো লগুড়োত্তমো যেন সঃ। বাহুমূলে উভে কক্ষাবিত্যমরঃ। দণ্ডো যষ্টিশ্চ লগুড় ইতি হৈমঃ। কুঞ্জেষু লতাদিমন্দিরেষর্পিতা রতিরভিরুচি র্যেন সঃ। গুঞ্জাপুঞ্জেন তৎকৃতেন হারেণ মঞ্জুলঃ কণ্ঠো যস্ত সঃ। কুঞ্জনিকুঞ্জ কুড়ুঙ্গাঃ স্থানে বৃক্ষে বৃ্ত্তান্তরে ইতি হৈমঃ। কথ্যতে কৃষ্ণলা গুঞ্জা ইতি হলযুধঃ ॥ ৩ ॥

---

পীত কৌশেয় বসন [যিনি পীতবর্ণ পট্টবস্ত্রে সুশোভিত] মধুর স্মিত শোভিত, (যিনি মধুর ঈষৎহাস্য যুক্ত) কন্দর্প কোটি লাবণ্য, (কোটি কন্দর্পের ন্যায় যাঁহার রূপ লাবণ্য) বৃন্দারণ্য মহোৎসব, (যাঁহার বৃন্দাবনে অতিশয় উৎসব) ॥ ২ ॥

বৈজয়ন্তী স্ফুরদ্বক্ষা, (যাঁহার বক্ষঃস্থল বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্প মালায় সুশোভিত) কক্ষাত্ত লগুড়োত্তম, (যিনি পশুপালনার্থ বাহু পরিমাণ উত্তম যষ্টি কক্ষে ধারণ করিয়াছেন) কুঞ্জার্পিত রতি, (লতা বেষ্টিত বনের মধ্যস্থানে অবস্থান করিতে যিনি ভাল বাসেন) গুঞ্জাপুঞ্জ মঞ্জুল কণ্ঠক, [গুঞ্জা মালায় যাঁহার মনোহর কণ্ঠস্থল সুশোভিত] ॥ ৩ ॥

কর্ণিকারাঢ্যকর্ণশ্রীর্ধৃতস্বর্ণাভবর্ণকঃ।
মুরলীবাদনপটু র্বল্লবীকুলবল্লভঃ ॥ ৪ ॥
গান্ধর্ব্বাপ্তিমহাপর্ব্বা রাধারাধনপেশলঃ।
ইতি শ্রীকৃষ্ণচন্দ্রস্য নাম বিংশতিসংজ্ঞিতং ॥ ৫ ॥

কর্ণিকারৈ স্তদাখ্যৈঃ পুষ্পৈরাঢ্যা কর্ণয়োঃ শ্রীঃ শোভা যস্ত সঃ। বৃক্ষোৎপলঃ কর্ণিকার ইতি হলায়ুধঃ। ধৃত স্বর্ণাভং গৌরং বর্ণকমনুলেপনং যেন সঃ বর্ণকং স্যাদ্বিলেপনমিত্যমরঃ। মুরলীত্যৰ্দ্ধকং স্ফুটার্থং ॥ ৪ ॥

'গান্ধর্ব্বায়াঃ শ্রীরাধায়া আপ্তির্লাভস্তদর্থম্বা তদেব বা মহৎপর্ব্ব উৎসবো যস্য সঃ। পর্ব্বঃ স্যাদুৎসবে গ্রন্থৌ প্রস্তাবে লক্ষণান্তরে। দর্শপ্রতিপদোঃ সন্ধৌ বিষুবৎ প্রভৃতিম্বপীতি বিশ্বঃ। রাধায়াঃ স্বাধীনভর্তৃকায়া আরাধনে তদ্বেশ নির্ম্মাণে পেশলো নিপুনঃ। পেশলঃ কুশলে রম্যে ইতি হৈমঃ। স্তোত্রস্য নাম স্বয়ং দর্শয়তি ইতীতি ॥ ৫ ॥

কর্ণিকারাঢ্য কর্ণ শ্রী, [ কর্ণিকার কুসুমে যাঁহার কর্ণযুগল সুশোভিত ] ধৃতস্বর্ণাভবর্ণক, [ যিনি স্বর্ণ বর্ণ অনুলেপনে অনুলিপ্ত ] মুরলীবাদন পটু, [ যিনি বংশীবাদনে দক্ষ ] বল্লবী কুলবল্লভ, [ যিনি ব্রজরমণীগণের বল্লভ ] ॥ ৪ ॥

গান্ধর্ব্বাপ্তি মহাপর্ব্বা [যিনি শ্রীরাধিকার লাভকে মহা উৎসব বলিয়া বোধ করেন ] রাধারাধনপেশল, [ যিনি স্বাধীন ভর্তৃকা শ্রীরাধিকার বেশভুষা করিতে অতিশয় পটু ] শ্রীকৃষ্ণের একবিংশতি নাম চিহ্নিত আনন্দাখ্য এই মহাস্তব যিনি পাঠ করেন বা যিনি শ্রবণ করেন, তিনি কৃষ্ণপ্রেমে প্রেমিক হইয়া পরম সুখ লাভ করেন এবং নিখিল সদ্গুণে

আনন্দাখ্যং মহাস্তোত্রং যঃ পঠেচ্ছৃণুয়াচ্চ যঃ।
স পরং সৌখ্যমাসাদ্য কৃষ্ণপ্রেমসমন্বিতঃ ॥ ৬ ॥
সর্ব্বলোকপ্রিয়ো ভূত্বা সদ্গুণাবলিভূষিতঃ।
ব্রজরাজকুমারস্য সন্নিকর্ষমবাপ্নুয়াৎ ॥ ৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমহানন্দাখ্যং স্তোত্রং ॥ * ॥

শ্রীকৃষ্ণায় নমঃ ॥
রাধিকাহৃদয়োন্মাদি বংশীক্বাণমধুচ্ছটঃ।
রাধাপরিমলোদ্গারগরিমাক্ষিপ্তমানসঃ ॥ ১ ॥

পাঠাদি ফলমাহ যঃ পঠেদিত্যাদিনা সৌখ্যং পাঠাদিজং ॥ ৬ ॥
সন্নিকর্ষং সন্নিধিং তৎপার্ষদ্ভাবমিত্যর্থঃ ॥ ৭ ॥

॥ * ॥ ইত্যানন্দাখ্যং স্তোত্রং ব্যাখ্যাতং ॥ * ॥

অথ নাম দশকেন স্তৌতি রাধিকেত্যাদিনা। রাধিকায়া হৃদয়ং চিত্ত মুন্মাদয়িতুং শীলং যস্যাস্তাদৃশী বংশীক্বাণ মধুচ্ছটা বেণুনাদমাধ্বীক পরম্পরা যস্য সঃ। রাধায়াঃ যঃ পরিমলো বিমর্দ্দোত্থং সৌরভ্যং তস্যোদ্গার গরিম্না গুরুপ্রসারেণাক্ষিপ্তমাকৃষ্টং মানসং মনোযস্য সঃ। বিমর্দ্দোত্থে পরিমলো গন্ধে জনমনোহরে ইত্যমরঃ ॥ ১ ॥

ভূষিত ও সকল লোকের প্রিয় হইয়া অন্তে ব্রজরাজকুমার শ্রীকৃষ্ণের নিকটে অবস্থান করেন।

॥ * ॥ ইতি মহানন্দাখ্য স্তোত্র সমাপ্ত ॥ * ॥

অথ কৃষ্ণলীলামৃতনামকস্তোত্র।

যিনি বংশীধ্বনি রূপ মধু পরম্পরায় শ্রীরাধিকার চিত্ত উন্মাদ করেন, শ্রীরাধিকার অঙ্গ সৌরভে যাঁহার মন আকৃষ্ট হয় ॥ ১ ॥

কন্ত্ররাধামনোমীনবড়িশীকৃতবিভ্রমঃ।
প্রেমগর্ব্বান্ধগান্ধর্ব্বা কিলকিঞ্চিতরঞ্জিতঃ ॥ ২ ॥
ললিতাবশ্যধী রাধা মানাভাসবশীকৃতঃ।
রাধাবক্রোক্তিপীযূষমাধুর্য্যভরলম্পটঃ ॥ ৩ ॥

কন্ত্রে কমনীয়ে রাধামনোমীনে বড়িশীকৃতো বিভ্রমো বিলাসো যেন সঃ। বড়িশং মৎস্য বেধনমিত্যমরঃ। পরমানন্দহেতু র্যো বিলাসঃ স এব বিরহে চিত্তবেধকো ভবতীতি তত্র তৃষ্ণাতিশয়ো ব্যঙ্গ্যঃ। প্রেম গর্ব্বাভ্যামন্ধায়াঃ প্রমত্তায়াঃ গান্ধর্ব্বায়াঃ শ্রীরাধায়াঃ যৎ কিলকিঞ্চিতং তেন রঞ্জিতো রক্ততাং নীতঃ। উপলক্ষণমেতৎ। গর্ব্বস্মিতাভিলাষাদেভী কোপাদেশ্চ মিশ্রণং। প্রমোদাৎ প্রেয়সঃ সঙ্গে কথ্যতে কিলকিঞ্চিতমিতি। তল্লক্ষণং কাব্যকৌস্তুভে ॥ ২ ॥

ললিতাবশ্যা দীর্ঘসা স্তস্থা রাধায়া মানাভাসেনাপি বশীকৃতঃ কাতরতাং গতঃ। রাধায়া যদ্বক্রোক্তি পীযূষং চন্দ্রাবলীক্রীড়াকুরঙ্গস্য তে কিমস্মাভিঃ সরলাভি স্বদঙ্গাভিরিত্যনৃজুবাগমৃতং তস্য মাধুর্য্যভরে লম্পটো লুব্ধস্তচ্ছ্রবণেঽতৃপ্ত ইত্যর্থঃ ॥ ৩ ॥

---

যিনি শ্রীরাধিকার চিত্ত রূপ মীন বিদ্ধ করিবার নিমিত্ত নিজ বিলাসরূপ বড়িশ আশ্রয় করিয়াছেন, যিনি প্রেম গর্ব্বে মত্ত শ্রীরাধিকার কিলকিঞ্চিত (নায়ক নায়িকার সঙ্গম সময়ে নায়িকার গর্ব্ব, অভিলাষ, রোদন, ঈষৎ হাস্য, অসূয়া, ভয় ও ক্রোধ, হর্ষ হেতুক এই সাতটী ভাবের যে এককালীন প্রাকট্য করণ তাহার নাম কিলকিঞ্চিত) ভাবে অনুরক্ত ॥২

ললিতাগত চিত্ত শ্রীরাধিকার মানের আভাসেও যিনি কাতর হয়েন, যিনি শ্রীরাধিকার বক্রোক্তি রূপ অমৃত পানে অতিশয় লুব্ধ ॥ ৩ ॥

মুখেন্দুচন্দ্রিকোদ্গীর্ণরাধিকারাগসাগরঃ।
বৃষভানুসুতাকণ্ঠহারিহারহরিণ্মণিঃ॥ ৪॥
ফুল্লরাধা কমলিনী মুখাম্বুজমধুব্রতঃ।
রাধিকাকুচকস্তূরীপত্রস্ফুরদুরস্থলঃ॥ ৫॥
ইতি গোকুলভূপালসূনুলীলামনোহরং।

---

মুখেন্দুচন্দ্রিকয়া বদনচন্দ্রজ্যোৎস্নয়োদ্গীর্ণ উচ্ছলিতো রাধিকা রাগ সাগরো যস্মাৎ সঃ। বৃষভানুসুতায়াঃ কণ্ঠে হারী মনোহরো যো হারস্তস্য হরিণ্মণি র্মরকতস্তস্য হারস্য নায়কঃ। মরকতং স্বশ্মগর্ভং গারুত্মতং হরিণ্মণি রিতি হৈমঃ। হারনায়কত্বয়া কণ্ঠে ধৃত ইত্যর্থঃ॥ ৪॥

ফুল্লেতি। তত্তঃ কৃত রাধিকাধরচুম্বন ইত্যর্থঃ। রাধিকাকুচয়োর্যৎ কস্তূরীপত্রং তেন গাঢ়াশ্লেষাল্লগ্নেন স্ফুরদ্বিদ্যোতমানমুরস্থলং যস্যেতি লব্ধতৎ সম্ভোগ ইত্যর্থঃ। এষু রাধিকা শব্দস্য পুনঃ পুনরুপাদানং ন দোষঃ নাম্নাং তাদ্রূপ্যেণ সিদ্ধত্বাৎ॥ ৫॥

স্তোত্রপাঠ ফলমাহ। ইতীতি। ইত্যেতন্নাম দশকং যঃ পঠেৎ সোঽস্য গোকুল ভূপাল সূনোর্বল্লভতাং প্রীতিপাত্রতাং ব্রজেৎ প্রাপ্নুয়াৎ। কীদৃশং নাম দশকং ইত্যপেক্ষায়ামাহ গোকুলেতি। গোকুলভূপালোনন্দস্তস্য

---

যাঁহার মুখচন্দ্র চন্দ্রিকায় শ্রীরাধিকার অনুরাগ সাগর উচ্ছলিত হয়, যিনি বৃষভানু সুতা শ্রীরাধিকার কণ্ঠ লম্বিত হারের মরকত-মণি স্বরূপ॥ ৪॥

যিনি রাধা কমলিনীর প্রফুল্ল মুখ পদ্মের ভ্রমর স্বরূপ, আলিঙ্গন হেতু যাঁহার বক্ষঃস্থল শ্রীরাধিকার স্তনযুগল স্থিত কস্তূরীপত্র চিহ্নে চিহ্নিত॥ ৫॥

নন্দনন্দনের দশনামাঙ্কিত লীলাময় মনোহর এই স্তব

যঃ পঠেন্নাম দশকং সোঽস্য বল্লভতাং ব্রজেৎ ॥ ৬ ॥

॥ * ॥ ইতি লীলামৃতং শ্রীকৃষ্ণস্য নামদশকং ॥ * ॥

শ্রীকৃষ্ণায় নমঃ ॥

কলহান্তরিতাবৃত্তা কাচিদ্বল্লবসুন্দরী।
বিরহোত্তাপখিন্নাঙ্গী সখীং সোৎকণ্ঠমব্রবীৎ ॥ ১ ॥
হন্ত গৌরি স কিং গন্তা পন্থানং মম নেত্রয়োঃ।

সূনুঃ শ্রীকৃষ্ণস্তস্য শ্রীরাধয়ৈব সহ যা লীলা শ্লোকপঞ্চকেনোক্তাস্তাভি র্মনোহরং মঞ্জুলং। অস্তেত্যস্য তং সূনুনা সম্বন্ধঃ। সমস্তস্যাসমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গতিরিত্যভিযুক্তোক্তেঃ সমঞ্জসঃ ॥ ৬ ॥

॥ * ॥ ইতি শ্রীলীলামৃতাখ্যং নাম দশকং ব্যাখ্যাতং ॥ * ॥

অথাষ্টোত্তর শত নামভিঃ স্তৌতি। স্তোত্রপ্রাদুর্ভাববিধিমাহ কলহান্তরিতেতি। কাচিদ্বল্লবসুন্দরী গোপাঙ্গনা কলহান্তরিতা বৃত্তা সতী সোৎকণ্ঠং যথা স্যাত্তথা সখীমব্রবীৎ। সা কীদৃশীত্যাহ বিরহেতি কৃষ্ণ বিচ্ছেদ জাতজ্বর ক্লিশেত্যর্থঃ ॥ ১ ॥

কিমব্রবীত্তদাহ। হন্তেতি খেদে। হে সখি স শ্রীকৃষ্ণঃ। ক্বচিদ্বা-

---

যিনি পাঠ করেন, তিনি শ্রীকৃষ্ণের অতিশয় প্রিয় হয়েন ॥ ৬ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণলীলামৃত নামক দশ নাম সমাপ্ত ॥ * ॥

অথ প্রেমেন্দুসাগর নামক স্তোত্র।

[ প্রণয়কোপ বশতঃ বিনয়কারি প্রাণেশ্বরকে পরিত্যাগ করিয়া পশ্চাৎ তাহার বিরহে যে নায়িকা অনুতাপ করে তাহার নাম কলহান্তরিতা ] কলহান্তরিতা কোন ব্রজরমণী শ্রীকৃষ্ণ বিরহে কাতর ও উৎকণ্ঠিত হইয়া কোন সখীকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

সখি! করুণাসিন্ধু অতসী কুসুমবর্ণ গোকুলপতি সেই

শ্রীকৃষ্ণঃ করুণাসিন্ধুঃ কৃষ্ণো গোকুলবল্লভঃ ॥ ২ ॥
গোবিন্দঃ পরমানন্দোনন্দমন্দিরমঙ্গলং।

---

চকঃ শব্দ ইত্যাদি স্মরণাৎ বিজ্ঞানানন্দ বিগ্রহঃ। সর্ব্বেশঃ প্রিয়ঃ কিং মম নেত্রয়োঃ পন্থানং গন্তাচ তদ্দর্শনং মে কিং ভাবীতি কিমিতি প্রশ্নে। কিং প্রশ্নে কুৎসিতেপি চেতি হৈমঃ। নচ গোপ্যঃ প্রিয়ং তং তথাত্বেন জানন্তি ইতি বাচ্যং ন। তথা তাসাং বাক্যাদেব। নহি সিতামশ্নন্ কশ্চিচ্চেতনস্ত মাধুর্য্যং নানুভবেদিতি শক্যং বক্তুং। নচ তাসামজ্ঞানে স্বভাব সঙ্কোচঃ। প্রত্যুত পুষ্টিরেবেতি ভাষ্যপীঠকে বিস্তরঃ। স কীদৃগিত্যাহ করুণেতি। দয়ার্দ্রত্বাদ্দৌর্জন্যমগণয়ন্মামঙ্গীকর্ত্তেত্যর্থঃ। কৃষ্ণোঽতসীপুষ্পপ্রভ ইতি তত্রাশক্তিনির্ভরঃ। গোকুলেতি। নিখিল ব্রজহিত কৃত্বাত্তদন্তর্গতায়াংমেপি হিতং কর্ত্তেত্যর্থঃ ॥ ২ ॥

উক্তং ব্যঞ্জয়তি গোবিন্দ ইতি গোবর্দ্ধনোদ্ধরণ লীলয়া যো ব্রজবিপ্লবোদ্যত মিন্দ্রং পরাভূয় ব্রজং ররক্ষ। গবামিন্দ্রত্বেন যমিন্দ্রোঽভিষিষেচেত্যর্থঃ। পরমশ্চাসাবানন্দশ্চেতি নিত্যানন্দবপুরিত্যর্থঃ। নচ শ্রীকৃষ্ণ ইত্যনেনাগতত্বাৎ পুনরুক্তোয়মর্থ ইতি বাচ্যং। সর্ব্বেষাং নাম্নামেক বস্তু বিষয়ত্বেনার্থ পুনরুক্তেরদোষত্বাৎ। এবমেব বৈশম্পায়ন সহস্র নাম্নি ভাষ্যকৃদ্ভির্ব্যাখ্যাতং। নন্দেতি। মূর্ত্তিমন্নন্দগৃহ কল্যাণ রূপ ইত্যর্থঃ। যশোদৈব খনিরাকরস্তস্যা

---

শ্রীকৃষ্ণ পুনর্ব্বার কি আমার নয়নগোচর হইবেন? ॥ ২ ॥

যিনি গোবিন্দ অর্থাৎ গোবর্দ্ধন ধারণ কালে ব্রজমণ্ডল বিপ্লব করিতে উদ্যত ইন্দ্রকে পরাভব করিয়া ব্রজধাম রক্ষা করিয়াছিলেন এবং গো সমুদয়ের ইন্দ্র বলিয়া ইন্দ্র যাঁহাকে অভিষেক করিয়াছিলেন। যিনি পরম আনন্দ স্বরূপ, যিনি

যশোদাখনিমাণিক্যং গোপেন্দ্রাম্ভোধিচন্দ্রমাঃ ॥ ৩ ॥
নবাম্ভোধরসংরম্ভবিড়ম্বিরুচিডম্বরঃ।
ক্ষিপ্তহাটকশৌটীর্য্যপট্টপীতাম্বরাবৃতঃ ॥ ৪ ॥
কন্দর্পরূপসন্দর্পহারিপাদনখদ্যুতিঃ।
ধ্বজাম্ভোরুহদম্ভোলি যবাঙ্কুশলসৎপদঃ ॥ ৫ ॥

---

মাণিক্যং। খনিঃ স্ত্রিয়ামাকরঃ স্যাদিত্যমরঃ তদ্গর্ভরত্নত্বেনোৎপ্রেক্ষ্যমাণ ইত্যর্থঃ। ভীষ্মশ্চ রত্নগর্ভ ইতি তন্নাম পপাঠ। গোপেন্দ্রো ব্রজেশ্বরঃ স এবাম্ভোধিস্তস্য চন্দ্রমাঃ। অম্ভোধেশ্চন্দ্র ইব নন্দাজ্জাতস্তদ্বত্তদুল্লাসকশ্চেত্যর্থঃ ॥৩

নবাম্ভোধরস্য সংরম্ভং স্বতুল্যান্য পরাজয়ার্থকং ক্রোধং বিড়ম্বয়ত্যব হেলয়তীতি তাদৃশো রুচি ডম্বরঃ কান্তিবিস্তারো যস্য সঃ। ক্ষিপ্তং তিরস্কৃতং হাটকস্য স্বর্ণস্য শৌটীর্য্যরূপগর্ব্বো যেন তথা ভূতেন পট্টোদ্ভবেন পীতাম্বরেণাবৃতঃ ॥ ৪ ॥

কন্দর্পস্য রূপসন্দর্পং সৌন্দর্য্যগর্ব্বং হরতি তাদৃশী পাদনখ দ্যুতির্যস্য সঃ। রূপং প্রভাবে সৌন্দর্য্যে ইতি বিশ্বঃ। ধ্বজেতি বিস্পষ্টার্থং। ছত্রাদেরুপলক্ষণমেতৎ ॥ ৫ ॥

নন্দালয়ের কল্যাণ কর, যিনি যশোদা রূপ খনিতে মাণিক্য স্বরূপ ও নন্দরূপ সমুদ্রের আনন্দকর চন্দ্র সদৃশ ॥ ৩ ॥

নবীন মেঘের ন্যায় যাঁহার শরীর কান্তি, যিনি স্বর্ণ বর্ণ পীত বসনে সুশোভিত ॥ ৪ ॥

যাঁহার পদনখদ্যুতি কন্দর্পের সৌন্দর্য্য গর্ব্ব অপহরণ করে, ধ্বজ, পদ্ম, বজ্র, যব ও অঙ্কুশাদি দ্বারা যাঁহার পাদ পদ্ম সুশোভিত ॥ ৫ ॥

পদপঞ্জরসিঞ্জানমঞ্জুমঞ্জীরখঞ্জনঃ।
মসারসম্পুটাকার ধারি জানুযুগোজ্জ্বলঃ ॥ ৬ ॥
শৌণ্ডস্তম্বেরমোদ্দণ্ডশুণ্ডারম্যোরুসৌষ্ঠবঃ।
মণিকিঙ্কিণিসংকীর্ণ বিশঙ্কটকটিস্থলঃ ॥ ৭ ॥
মধ্যমাধুর্য্য বিধ্বস্ত দিব্যসিংহমদোদ্ধতিঃ।

পদপঞ্জরয়োঃ সিঞ্জানৌ শব্দায়মানৌ মঞ্জুমঞ্জীরাবেব খঞ্জনৌ যস্য সঃ। মঞ্জীরো নূপুরে স্ত্রিয়ামিতি। খঞ্জরীটস্তু খঞ্জন ইতি চামরঃ। রূপকেণোপমাত্রব্যজ্যতে। মসারসংপুটস্যেন্দ্রনীলমণি সমুদগস্যাকারং সংস্থানং ধারয়ন্তি তথাভূতং যজ্জানুযুগং তেনোজ্জ্বলোদীপ্যমানঃ। আকার ইঙ্গিতেঽপি স্যাৎ সংস্থানাজ্ঞানয়োরপীতি বিশ্বলোচনকারঃ ॥ ৬ ॥

শৌণ্ডো মত্তশ্চাসৌস্তম্বেরমশ্চ হস্তী তস্য যোদ্দণ্ডা প্রবলা শুণ্ডাকরস্ততোপি রম্যমূরু সৌষ্ঠবং সক্থিশোভা যস্য সঃ। মত্তে শৌণ্ডোৎকটক্ষীবা ইতি। স্তম্বেরম দ্বিরদ সিন্ধুব নাগ দন্তিনো দন্তাবলঃ করটি কুঞ্জর কুম্ভিপীলব ইতি। হস্তিনাসাকরঃ শুণ্ডা হস্তোঽস্যাগ্রং তু পুষ্করমিতি চ হৈমঃ সক্থি ক্লীবে পুমানূরুরিতি। সুষ্ঠু প্রসংশনে ইতি চামরঃ। মণিকিঙ্কিণ্যা সংকীর্ণং ব্যাপ্তং বিশঙ্কটঞ্চ বিশালং কটিস্থলং যস্য সঃ ॥ ৭ ॥

মধ্যমাধুর্য্যেণ বিলগ্ন শোভয়া বিধ্বস্তা ন্যক্কৃতা দিব্যস্য স্বর্গীয়স্য

---

যাঁহার পাদপদ্ম স্বরূপ পঞ্জরে নূপুর রূপ খঞ্জন পক্ষী মধুর শব্দ করিতেছে এবং ইন্দ্রনীলমণি নির্ম্মিত সম্পুটকের (কটুয়ার) ন্যায় যাঁহার জানুদ্বয় উজ্জ্বল ॥ ৬ ॥

মত্ত মাতঙ্গের শুণ্ডাদণ্ডের ন্যায় যাঁহার উরুদ্বয় সুশোভিত এবং যাঁহার বিশাল কটিস্থল মণিময় কিঙ্কিণী দ্বারা খচিত ॥ ৭ ॥

যাঁহার কটিদেশের শোভায় স্বর্গীয় সিংহের মদগর্ব্ব খর্ব্ব

গারুত্মতগিরিগ্রাবগরিষ্ঠোরস্তটান্তরঃ ॥ ৮ ॥
কম্বুকণ্ঠস্থলালম্বিমণিসম্রাড়লঙ্কৃতিঃ।
আখণ্ডলমণিস্তম্ভস্পর্দ্ধি দোর্দ্দণ্ডচণ্ডিমা ॥ ৯ ॥
খণ্ডিতাখণ্ডকোটীন্দুসৌন্দর্য্যমুখমণ্ডলঃ।

সিংহস্য মদোদ্ধতির্যেন সঃ। গারুত্মতগিরে র্মরকতাচলস্য যো গ্রাবা শিলা পট্টিকা তদ্বদ্গরিষ্ঠ মুরস্তটান্তরং বক্ষোমধ্যং যস্য সঃ। পাষাণ প্রস্তর গ্রাবোপলাশ্মানঃ শিলাদৃষৎ ইত্যমরঃ ॥ ৮ ॥

রেখাত্রয়েণাঙ্কিতঃ কণ্ঠঃ কম্বুকণ্ঠস্তদ্রূপং স্থলং স্থানং তদালম্বিনী মণিসম্রাড়লঙ্কৃতিঃ কৌস্তুভ বিভূষণং যস্য সঃ। কম্বুগ্রীবা ত্রিরেখাসাবিত্যমরঃ। আখণ্ডলমণিরিন্দ্রনীলমণি স্তন্নির্ম্মিতং স্তম্ভং স্পর্দ্ধিতুমসূয়িতুং শীলং যস্য তাদৃশো দোর্দ্দণ্ডয়োশ্চণ্ডিমা প্রকোপোঽথবা শোভা তীব্রতা যস্য সঃ। চণ্ডস্তীব্রে দৈত্যভেদে যম দাসেঽতি কোপনে ইতি বিশ্বলোচনকারঃ ॥ ৯ ॥

খণ্ডিতমখণ্ডিতানাং পূর্ণানামিন্দুকোটেঃ সৌন্দর্য্যং যেন তাদৃশং মুখমণ্ডলং যস্য সঃ। লাবণ্য লহরীসিন্ধুঃ সর্ব্বাঙ্গোচ্ছলৎ কান্তিকঃ। সিন্দূরেণ

---

হইয়াছে এবং মরকত-মণি পর্ব্বতের শিলাখণ্ড অপেক্ষাও যাঁহার বক্ষঃস্থল সুশোভিত ॥ ৮ ॥

যাঁহার কম্বু কণ্ঠে অর্থাৎ শঙ্খের ন্যায় রেখাত্রয়ান্বিত গলদেশে, ভূষণসার কৌস্তুভমণি শোভা পাইতেছে এবং ইন্দ্রনীলমণি নির্ম্মিত স্তম্ভের ন্যায় যাঁহার দোর্দ্দণ্ড অর্থাৎ বাহুযুগল অতিশয় শোভিত ॥ ৯ ॥

যিনি মুখমণ্ডল দ্বারা কোটি কোটি পূর্ণ শশধরের শোভা পরাভব করিয়াছেন, যিনি লাবণ্য লহরীর সিন্ধু এবং সিন্দূ-

লাবণ্যলহরীসিন্ধুঃ সিন্দূরতুলিতাধরঃ ॥ ১০
ফুল্লারবিন্দসৌন্দর্য্যকন্দলীতুন্দিলেক্ষণঃ।
গণ্ডান্ততাণ্ডবক্রীড়াহিণ্ডমকরকুণ্ডলঃ॥ ১১
নবীনযৌবনারম্ভ জৃম্ভিতোজ্জ্বলবিগ্রহঃ।

তুলিতো অধরো যস্য সঃ। অত্যরুণাধর ইত্যর্থঃ। সিন্দূরং রক্তচূর্ণকে ইতি বিশ্বঃ ॥ ১০ ॥

প্রসরৎ পরুষাক্ষরং তাক্তিরিত্যেব প্রকারেণোদিতং সরুষা রুদিতং ক্রোধ রোদনেন সহিতং নিশময্য শ্রুত্বা ততোঽধিকয়া সতত স্মিত চন্দ্রিকয়া স্ফুরিতঃ। অতিহৃষ্টো ভুদিত্যর্থঃ। যতঃ প্রণয়ী তাসাং মিত্রমিত্যর্থঃ। তাঃ প্রত্যমলং বচনং স্ফুটং নিগদন্। ইতি কিং তদাহ। হে মহিলাঃ। যদি ঋতে সত্যে মম বাগমৃতে গ্রহিলা যুয়ং ভবথ। তত্তর্হি উপসৃত্য সন্নিধিমাগাদ্য প্রিয়কাৎ কদম্বাৎ পততঃ স্বং পরিচ্ছদকান্ সপটী পদকাহুয়রী কুরুত। গুরুতঃ প্রমদাদতি হর্ষাদগৃহীত। হৃদ্যনুচিতং সংকুচিতং ত্যজত। বিবস্ত্রাঃ কথ-

গোপিকাগণের কপট ক্রন্দন ও ভয়াবহ পরুষোক্তি শ্রবণে তুমি মন্দ মন্দ হাস্য করিয়া তাঁহাদিগকে কহিলে, হে মহিলাগণ। তোমারা যদি আমার কথা প্রতিপালন কর তবে আনন্দ মনে আমার নিকট আগমন পূর্ব্বক এই কদম্ববৃক্ষ হইতে নিজ নিজ বস্ত্র গ্রহণ কর ও হৃদয়ের সঙ্কোচ ভাব পরিত্যাগ কর, আর যদি আমার কথা শ্রবণ না কর তবে কখনই

ন্ন্যুরুবীর্য্যচয়ে ময়ি কিং রচয়ে
ন্নৃপতিঃ পরিতঃ সরুষা ভরিতঃ
স্ফুটমিত্যমলং নিগদন্ কমলং
ভ্রময়ন্নুদিতঃ শশিবন্মুদিতঃ।
সকরাম্বরিণী রথতাহরিণী
নয়নাঃ কলয়ন্ সশিরশ্চলয়ন্
বত নগ্নতয়া স্পৃহয়োন্নতয়া
জলমজ্জনতঃ কৃতবর্জ্জনতঃ

---

নৃপসন্নিধ্যাম ইতি যদ্বাচং চেন্মন্যধ্বে তর্হি নিতরাং সর্ব্বথা পট্টান্ বিতরামি ন হাস্যামি। যচ্চ কান্তস্য মে বাক্যমকুর্ব্বাণা নৃপতিমুগ্রং প্রাদর্শয়ত তৎ কিমাকিঞ্চিৎকরমিত্যাহ। পরিতোরুষা ভরিতোপি স নৃপতি রুরুবীর্য্যচয়ে মহাবিক্রমিণি ময়ি কিং রচয়েৎ কিং কর্ত্তুং ক্ষমঃ। তৎ পরিকরাস্ত বহবো নিহতাস্তমপি নিহনিষ্যামীত্যর্থঃ। কমলং ভ্রময়ন্ শশিবদুদিত মির্ত্তয়ং প্রকাশমানমিত্যর্থঃ। মুদিতস্তাঃ পশ্যন্ সহর্ষঃ।

---

বস্ত্র প্রদান করিব না, আর তোমরা যে কংসের ভয় দেখাইতেছ সেই দুষ্ট কংস ক্রুদ্ধ হইয়া আমার কি করিতে পারে? সে বলবানের কিছুই করিতে পারে না, এই কথা বলিয়া নিজ হস্তস্থিত লীলাকমল ভ্রমণ করিতে করিতে কদম্ববৃক্ষের উপর পূর্ণচন্দ্রের ন্যায় উদিত হইয়া আনন্দ মনে দিগ্বসনা হরিণনয়না গোপাঙ্গনাদিগকে দর্শন করিতে লাগিলে এবং মস্তক কম্পন পূর্ব্বক তাহাদিগকে কহিলে হে গোপিকাগণ! বিবস্ত্র হইয়া স্নান করা শাস্ত্রে নিষিদ্ধ, তোমরা মনের ব্যগ্রতা বশতঃ বিবস্ত্র হইয়া যমুনা জলে স্নান করিয়াছ তাহাতে

কপটের্জ্জনিতা লঘুতা বনিতা
স্তদলং দুরিত ক্ষতয়ে স্ফুরিত
দ্যুতিসুন্দরয়ো র্যুগলং করয়োঃ
শিরসি প্রযতা দ্রুতমর্পয়তা
রুণমিত্যধুনা নববাগ্মধুনা
পরিলভ্য মদং হৃদি বিভ্রমদং
কিরতীভিরলং নয়নং বিরলং
রচিতাঞ্জলিভিঃ প্রমদাবলিভিঃ

পুনঃ কীদৃশঃ প্রমদাবলিভিঃ প্রণতঃ। মধুরোরুচিরঃ। কীদৃশীভিঃ। ইতি নিজবাগ্মধুনা ভগবদ্বচনাসবেন বিভ্রমদং মদং হৃদি পরিলভ্য নয়নং তস্মিন্ কিরতীভিঃ। বিরলং পৃথক্ পৃথক্ রচিতাঞ্জলিভি র্ভগবন্তং প্রিয়ং নমস্কুর্ব্বতীভিরিত্যর্থঃ। ইতীতি কিং তদাহ। হে বনিতা উন্নতয়া স্পৃহয়া অভিলাষেণ নগ্নতয়া বিবস্ত্রতয়া কৃত বর্জ্জনতঃ শাস্ত্রে প্রতিসিদ্ধাজ্জলমজ্জনতো হেতোঃ কপটের্বরুণদেবতায়া লঘুতাবজ্ঞাধুনা যুষ্মাভির্জ্জনিতা কৃতা। অনুপ্রাসানুরোধাদস্থানস্থ পদত্বং ন দোষঃ। তত্তস্মাদ্দুরিতক্ষয়ে বরুণাবজ্ঞা নিমিত্তক পাপ বিনাশায় অরুণং করয়োর্যুগলং শিরসি দ্রুতং মহ্যং মদন মূর্ত্তয়ে অর্পয়ত। প্রযতাঃ সত্যোন্মুখং। করয়োঃ কীদৃশয়োরিত্যাহ স্ফুরি-

---

জলাধিপতি বরুণের অবমাননা হইয়াছে এক্ষণে সেই পাপ ক্ষালনের নিমিত্ত তোমরা প্রত্যেকে মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া সূর্য্যদেব বা আমাকে প্রণাম কর, এইরূপ বাক্যামৃত দ্বারা গোপিকাগণের হৃদয় বিভ্রম উৎপাদন করিলে, তাঁহারা একে একে মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া তোমাকে প্রণাম করিতে লাগিলেন ও লজ্জা বশতঃ ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ

প্রণতোমধুরঃ কৃতকামধুরঃ
সুভগঙ্করণং বসনাভরণং
বিহিতা নতয়ে ললনাততয়ে
দদদঙ্কুরিত প্রণয়চ্ছুরিতঃ
পরিতোহৃষিতে মদনোত্তৃষিতে
ত্রপয়া নমিতে প্রিয়সঙ্গমিতে
নবরাগধরে দ্যুতিভাগধরে
হসিতাঙ্কুরতঃ স্ফুরিতে পুরতঃ
স্থগিতে রসনা বিলসদ্ধসনা
কুলিতে পৃথুনা স্ফুট বেপথুনা,
চলদগ্রকরে প্রমদাপ্রকরে
বিহিতেষ্টবরঃ প্রণয়িপ্রবরঃ
সুতরাং সুখিভির্বলিতঃ সখিভি

---

তেতি। পুনঃ কীদৃশঃ। কৃতা পূরিতা কামধুবা বাঞ্ছিতভাবো যেন সঃ। বিহিতা নতয়ে ললনা ততয়ে শুভগং করণং বসনাভরণং দদৎ প্রযচ্ছন্ অঙ্কুরিতেন মদীয়ৈবেষা ললনাততি রিত্যভ্যুদিতেন প্রণয়েণ চ্ছুরিতঃ তস্মাৎ সানুরাগ ইত্যর্থঃ। ততঃ প্রমদাপ্রকরে পশুপালসুতাগণে বিহিতেষ্টবরঃ। যাতাবলা ব্রজং সিদ্ধা ময়েমা রংস্যথ ক্ষপা ইতি। তদভিলষিতং দাতুং প্রতিজ্ঞাত

---

করিতে লাগিলেন, অনন্তর বাঞ্ছাফলপ্রদ তুমি সন্তুষ্ট হইয়া অপহৃত বসন ভূষণাদি তাঁহাদিগকে সমর্পণ করিলে, অনন্তর মদনান্ধ ও লজ্জায় অধোবদন হইয়া তোমার সম্মুখে অবস্থান পূর্ব্বক প্রিয় সঙ্গমে নবানুরাগ প্রকাশ করিতেছেন দেখিয়া তাঁহাদের অভিলষিত বর প্রদান করিলে এবং বয়স্যগণে মিলিত হইয়া বংশীধ্বনি দ্বারা তাঁহাদের উৎকণ্ঠাবর্দ্ধন

র্বহুধা খুরলী বিলসন্মুরলী
নবকাকলিকালিভিরুৎকলিকা
কুলমুন্নময়ন্ সুদৃশাং রময়ন্
ধিয়মুন্মদনঃ কৃপয়া সদনে
প্রহিত প্রমদঃ কলিত প্রমদঃ
কুসুমস্তবকং শ্রবণে নবকং
দধদাভরণং জগতাং শরণং
জয়কেশিহর প্রমণা বিহর
স্বগতি প্রণয়ং স্বজনে প্রণয়ন্
ময়ি দুর্হৃদয়ে ভগবন্ বিদয়ে
কলয়েররুণাধর হে করুণাং ॥ ০ ॥

---

রাণিত্যর্থঃ। প্রমদাপ্রকরে কীদৃশীত্যাহ পরিভোলুষিতে ইত্যাদীনি দশ বিশেষণানি বিস্ফুটার্থানি। যতঃ প্রণয়ি প্রবরঃ স্নিগ্ধাভির্মুখ্যঃ। নিতরাং স্থবিভিরানন্দিভিঃ সখিভির্বলিতঃ সন্। বহুধা নানা প্রকারয়া খুরল্যাহভ্যাসেন বিলসন্ত্যা মুরল্যাং নবকাকলয়ো যস্য সঃ। সুদৃশাং তাসামুৎকলিকাকুলমুৎকণ্ঠাবৃন্দমুন্নময়ন্ বিবর্দ্ধয়ন্। তাসাঞ্চ ধিয়ং রময়ন্। উন্মদনস্তাসামুন্মাদজনকঃ। কৃপয়া সদনেষু প্রহিতাঃ প্রেষিতাঃ প্রমদা যেন সঃ। কলিত প্রমদঃ স্বয়ং তত্তদ্বিনোদৈর্দ্ধৃতহর্ষঃ। কুসুমস্তবকং নবকমাভরণং শ্রবণে দধৎ। জগতাং প্রাণিনাং শরণমাশ্রয়ঃ। জয়েত্যাদিকং যোজিতং প্রাক্। কুসুমস্তবক

---

ও চিত্ত বৃত্তি আকর্ষণ করিয়া অনুগ্রহ পূর্ব্বক তাঁহাদিগকে নিজ নিজ ভবনে প্রেরণ করিয়া কুসুম স্তবকরূপ আভরণ কর্ণযুগলে ধারণ পূর্ব্বক গোপিকাগণের সেই সেই ভাব মনে করিয়া অসীম আনন্দ অনুভব করিতে লাগিলে, অতএব হে কেশিহর! হে জগৎশরণ্য! তোমার জয় হউক তুমি এই মন্দ ভাগ্য অধমকে কৃপা কর।

যস্য স্ফূর্ত্তি লবাঙ্কুরেণ লঘুনাপ্যন্তর্মুনীনাং মনঃ
স্পৃষ্টং মোক্ষসুখাদ্বিরজ্যতি ঝটিত্যাস্বাদ্যমানাদপি।
প্রেম্নস্তস্য মুকুন্দ সাহসিতয়া শক্নোতু কঃ প্রার্থনে
ভূয়াজ্জন্মনি জন্মনি প্রচয়িনী কিন্তু স্পৃহাপ্যত্র মে॥ ০॥

॥ * ॥ ইতি বস্ত্রহরণং ॥ * ॥

---

নামা দণ্ডকোয়ং বোধ্যঃ। হে মুকুন্দ যস্য লঘুনাপি স্ফূর্ত্তি লবাঙ্কুরেণ মুনীনাং তাপস শান্তাদীনা মন্তর্মনঃস্পৃষ্টং সৎ আস্বাদ্যমানাদনুভূয়মানাদপি মোক্ষসুখাদ্বি গুরঙ্গ সমুদ্রতুল্য লীলাশূন্য পরমাত্ম স্বরূপানুভবাৎ ঝটিতি বিরজ্যতি শীঘ্রং বিরক্তিমেতি ততোবিচিত্রলীলাস্পদমেব তৎ স্বরূপমিচ্ছতীত্যর্থঃ। পরিনিষ্ঠিতোপি নৈর্গুণ্যে উত্তমঃ শ্লোকলীলয়া। গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবানিতি শ্রীশুকোক্তেঃ। নৈর্গুণ্যে লীলাগুণরহিতে পরমাত্মনীত্যর্থঃ। তস্য প্রেম্নঃ প্রার্থনে তদেবাধুনা মে ভবত্বিতি সাহসিতয়া যাচনে কঃ শক্নোতু ন কোপীত্যর্থঃ। কিন্ত্বত্র প্রেম্নি জন্মনি জন্মনি মে প্রচয়িনী বর্দ্ধমানা স্পৃহাপি ভূয়াৎ। সত্যাং স্পৃহায়াং প্রেমাপি কদাচিৎস্যাদী-ত্যাশয়ঃ॥

॥ * ॥ ইতি বস্ত্রহরণ পুনর্ব্যাখ্যাতং ॥ * ॥

---

হে মুকুন্দ। যাহার অল্পমাত্র প্রকাশ রূপ নবাঙ্কুর মুনি-গণের অন্তঃকরণ স্পর্শ করিয়া অচিরাৎ আস্বাদ্যমান ব্রহ্মা-নন্দ হইতেও চিত্তকে নিবৃত্ত করে সেই ত্বদীয় প্রেমরস সাহসী হইয়া কোন্ ব্যক্তি তোমার নিকট প্রার্থনা করিতে পারে? অতএব আমি যদিচ তাহা পাইবার যোগ্য নহি তথাপি এই প্রার্থনা যেন জন্মে জন্মে আমার ঐ প্রেম বিষ-য়িণী পিপাসা পরিবর্দ্ধিত হয়॥

॥ * ॥ ইতি বস্ত্রহরণ ॥ * ॥

# অথ রাসক্রীড়া।

নমঃ শ্রীরাসরসিকায়॥

শারদ শশধর বীক্ষণহৃষ্টঃ
পরম বিলাসালিভিরভিমৃষ্টঃ।
বল্লব রমণীমণ্ডলভাব
প্রোল্লাসককল মুরলীরাবঃ॥ ১॥
অথ সকলাভির্মদবিকলাভি
র্নিশি পরিভূয় স্বজনান্ ভূয়ঃ।
অবিরুবতীভি র্নবযুবতীভি

অথাতি চারুত্বাদ্রাসক্রীড়াং পুনর্বর্ণয়তি পজ্ঝটিকাছন্দসা। শারদেত্যাদি পদ্যানাং বনমালী জয়তীতি পঞ্চদশপদ্যগতেনান্বয়ঃ। স কীদৃশঃ। সারদ শশধরস্য শরচ্চন্দ্রস্য বীক্ষণেন হৃষ্টঃ সহর্ষঃ। অভিমৃষ্টোব্যাপ্তঃ॥ ১॥

অথেতি। ভূয়োঽধিকং যথাস্যাত্তথা স্বজনান্ পত্যাদীন্ পরিভূয়োল্লঙ্ঘ্য বনং প্রাপ্তাভির্নবযুবতীভিঃ বিহিত উদ্দেশোঽন্বেষণং যস্য সঃ। কীদৃশীভিঃ মদেন তারুণ্যজেন বিকলাভি বিহ্বলাভির্ব্যাপ্তাভিরিতি যাবৎ অবিরুবতীভি

হে কৃষ্ণ! একদা শরৎকালীন পূর্ণচন্দ্র দর্শনে আনন্দিত ও ব্রজরমণীগণের ভাবাকৃষ্ট হইয়া রাসক্রীড়া করিবার মানসে তুমি মুরলীধ্বনি করিলে॥ ১॥

অনন্তর যৌবনমদান্ধ গোপযুবতীগণ মুরলী শ্রবণে ব্যাকুল হইয়া পতি পুত্র প্রভৃতি আত্মীয়জনের নিষেধ বাক্য উল্লঙ্ঘন পূর্ব্বক অরণ্য মধ্যে নিঃশব্দে তোমার অনুসন্ধান

বিহিতোদ্দেশঃ সুন্দরবেশঃ ॥ ২ ॥
মিলিত মৃগাক্ষী বাঞ্ছিত সাক্ষী
কৃত পরিহাসঃ স্ফীত বিলাসঃ।
তদমলবাণী নিশিত কৃপাণী
দলিত নিকারঃ কলিতবিকারঃ ॥ ৩ ॥
প্রমদোত্তরলিত বল্লবনারী
মুখচুম্বন পরিরম্ভণকারী।
উন্নত মনসাং সুদৃশাং মান

নিঃশব্দাভিঃ ॥ ২ ॥

মিলিতানাং স্বান্তিকং প্রাপ্তানাং মৃগাক্ষীণাং যানি বাঞ্ছিতানি তেষু সাক্ষী কৃতো মাধ্যস্থ্যং নীতঃ পরিহাসো যেন সঃ। হাস্তেন তাসু প্রকাশিতোদাসীন্য ইত্যর্থঃ। তাসামমলবাণ্যএব নিশিতাঃ কৃপাণ্যস্তাভির্দ্দলিতঃ কৃতোনিকারঃ শাঠ্যং যস্ত সঃ। কুস্থতি নিকৃতিঃ শাঠ্যমিত্যমরঃ। ততঃ কলিত বিকারঃ তাসাং কটাক্ষৈ বিদ্ধচিত্তঃ ॥ ৩ ॥

উন্নতমনসাং প্রৌঢ়চিত্তানাং সুদৃশাং মান প্রেক্ষণতঃ কান্তলব্ধ সৌভাগ্য

করিতে লাগিলেন ॥ ২ ॥

পরে তাঁহারা তোমার নিকট উপস্থিত হইলে তুমি পরিহাস বাক্যে তাঁহাদের বাঞ্ছিত ভাবের প্রতি ঔদাস্য প্রকাশ করিলে, তাঁহারা অমল বাক্যরূপ নিষিত কৃপাণ দ্বারা তোমার শাঠ্যভাব খণ্ডন পূর্ব্বক তোমার হৃদয় বিকার পরিবর্দ্ধিত করিলেন ॥ ৩ ॥

মুখচুম্বন ও আলিঙ্গনাদি দ্বারা গোপিকাগণ মানবতী

প্রেক্ষণতঃ কলিতান্তর্দ্ধানঃ ॥ ৪ ॥
অনুকৃত চরিতঃ পুলিনে পরিতস্
তরুষু চ পৃষ্টঃ ক্বাপি ন দৃষ্টঃ।
যুবতি চমূভি স্তুরিতনমূভি
র্মুহুরনুগীতঃ কুতুকপরীতঃ ॥ ৫ ॥
কাকুভিরাভিঃ প্রার্থিতসঙ্গঃ
প্রকটিত মূর্ত্তির্ধৃত রতিরঙ্গঃ।

---

হেতুক গর্ব্ব দর্শনাদেকমৃত্যভাব্য রাস প্রযোজকার মানোপশমায় কলিকান্তর্দ্ধানঃ ॥ ৪ ॥

অমূভির্যুবতি চমূভিঃ পুলিনেঽনুকৃত চরিতঃ। স্ফুটার্থমন্যৎ ॥ ৫ ॥

আভির্যুবতিচমূভিঃ কাকুভির্গদগদবাগ্ভিঃ প্রার্থিতঃ সঙ্গো যস্য সঃ। ততঃ প্রকটিত মূর্ত্তি স্তাস্বাভির্বৃতঃ। তাসামুত্তরীয়ৈর্বিরচিতে পীঠে উপবিষ্টঃ নিগূঢ় কথাভোভিঃ কিমপি পরিপৃষ্টঃ। কথমস্মাস্বিরপরাধাস্বদেকপ্রাণা

---

হইলে তাঁহাদের গর্ব্ব পরিহারের নিমিত্ত তুমি তথা হইতে অন্তর্হিত হইয়াছিলে ॥ ৪ ॥

তুমি অন্তর্হিত হইলে গোপিকাগণ তোমার অদর্শনে ব্যাকুল হইয়া বৃন্দাবনস্থিত তরু লতাদিগকে তোমার বার্ত্তা জিজ্ঞাসা করিতে লাগিলেন এবং কোন প্রকারে তোমার অনুসন্ধান না পাইয়া যমুনাতটে আগমন পূর্ব্বক তোমার লীলার অনুকরণ ও ত্বদীয় গুণ গাণ করিতে আরম্ভ করিলেন ॥ ৫ ॥

গোপিকাগণ এইরূপ কাকু ও করুণ বাক্যে তোমার সঙ্গ প্রার্থনা করিলে তুমি তাঁহাদের নিকট গমন পূর্ব্বক

কিমপি নিগূঢ়রুষা পরিপৃষ্টঃ
কলিতোত্তর বিধি রলমুপবিষ্টঃ ॥ ৬ ॥
করুণাশীলঃ খণ্ডিতপীলঃ
স্তবকিত নীলঃ কুবলয়নীলঃ।
ধৃত মৃদুহাসঃ প্রেমনিবাস

---

নিশি ত্যক্তবানসীত্যাক্ষিপ্ত ইত্যর্থঃ। অতোলং কলিতোত্তর বিধিঃ। মন্নি-প্রেম বর্দ্ধয়িতুং ব স্ত্যক্তবানসীত্যুক্ত্বাপ্যদৃষ্ট তৎ প্রসাদঃ সদৈবাহং মৃণ্যেব ভবতীনামিতি যত্ত সমাগুত্তর ইত্যর্থঃ। ততোপি প্রসন্নাভি স্তাভিঃ সহ ধৃত-রতিরঙ্গঃ ॥ ৬ ॥

করুণেতি স্ফুটার্থং। কুবলয়ং নীলাম্বুজং তদ্বন্নীলঃ শ্যামাঙ্গঃ। ততোতি বিস্তৃত স্তহুবাসো দেহসৌরভ্যং যস্য সঃ। কেচিত্তু ততোপি বিস্তৃতস্তমু র্মহান্ বাসঃ সম্ভোগার্থ মবস্থানং যেন সঃ। বাসো বেশ্মন্যবস্থানে ইতি হৈমঃ।

---

তাঁহাদের উত্তরীয় বসনে উপবেশন করিলে এবং প্রণয় কোপ বশতঃ গোপিকাগণ তোমাকে কত ভর্ৎসনা করিলে তুমি প্রণয় পরীক্ষার নিমিত্ত "আমি অন্তর্হিত হইয়াছিলাম" এইরূপ বাক্যে তাঁহাদিগকে সান্ত্বনা করিয়া দিব্য মূর্ত্তিধারণ পূর্ব্বক তাঁহাদের সহিত হাস্য পরিহাসাদি রতিরঙ্গ আরম্ভ করিলে ॥ ৬ ॥

অনন্তর, কুবলয়দল শ্যামকান্তি করুণার্দ্রচিত্ত প্রেমময় তুমি প্রণয় পূর্ণ বাক্য দ্বারা গোপিকাগণের মনোবেদনা দূর করিয়া বিলাসোচিত কলেবর ধারণ পূর্ব্বক তাঁহাদের সহিত

স্তত তনুবাসঃ কল্লিতরাসঃ ॥ ৭ ॥
অথ পরিকল্পিত মণ্ডলবন্ধঃ
কুসুমশরাসন বিভ্রম কন্দঃ।
যুবতী যুগযুগ সুভগস্কন্ধ
ন্যস্তলসদ্ভুজদণ্ডদ্বন্দ্বঃ ॥ ৮ ॥
অলি পরিবীতে মারুতশীতে
বর সঙ্গীতে ভুবনাতীতে।
ভূষণ তারধ্বনি পরিসার

---

কল্পিতো রচিতোরাসো যেন সঃ॥ ৭॥

অথেতি। কুসুম শরাসন পুষ্পধন্বা স্মরস্তস্য যে বিভ্রমা বিলাসা স্তেষাং কন্দোমূলং কারণমিত্যর্থঃ। যুবতীনাং যুগস্য যুগস্যেতি দ্বিরুক্ত্যা সর্ব্বেষাং যুবতি যুগলানাং শুভগেষু স্কন্ধেষু ন্যস্তমর্পিতং লসৎ সুন্দরং ভুজদণ্ড দ্বন্দ্বং যেন সঃ॥ ৮॥

অলীতি যুগ্মকং। পুনঃ স কীদৃশঃ রাসে কৃতরুচিঃ সাভিলাষঃ। রাসে কীদৃশীত্যাহ অলি পরিবীতে ইত্যাদি প্রকটার্থং। ভূষণানাং যে তার-

---

রাসক্রীড়া আরম্ভ করিলে ॥ ৭ ॥

তৎপরে কন্দর্প বিলাসের মূল কারণ স্বরূপ তুমি গোপিকা দিগকে মণ্ডলাকারে বিন্যস্ত করিয়া দুই দুই গোপিকার দুই দুই স্কন্ধে তোমার যুগল হস্ত ন্যস্ত হইয়া সুন্দর সুশোভিত হইল ॥ ৮ ॥

ভ্রমরগণ গুণ গুণ স্বরে মারুতের মন্দ মন্দ বহনে ত্রিভুবনাতীত গোপিকাগণের মধুর সঙ্গীতে ও তাঁহাদের মঞ্জীরাদি

ক্রান্ত বনান্তে শশিরুচিকান্তে ॥ ৯ ॥
মধ্যগ মধ্যগ মধুপরিরাজি
স্ফুট চম্পকততি বিভ্রমভাজি।
রাসে কৃত রুচিরন্তস্থায়ী
বেণুমুখাধর পল্লবদায়ী ॥ ১০ ॥
স্তম্ভিত রাকাপতি রবিকারা
নপি সুরদারাম্মদয়ন্নারাৎ

---

ধ্বনয়োঽত্যুচ্চানি সিঞ্জিতানি তেষাং পরিস্ফুরেণ সঞ্চারেণ ক্রান্তং বনান্তং যত্র তস্মিন্ ॥ ৯ ॥

মধ্যগাশ্চ মধ্যগাশ্চেতি প্রতিচম্পক যুগ্মমধ্যস্থিতা যে মধুপাস্তৈ বিরাজিনো্যা যাঃ স্ফুটাশ্চম্পক ততয় স্তাসাং বিভ্রমং ভ্রান্তিং ভজতীতি তস্মিন্ অন্তস্থায়ী শ্রীরাধয়া সহ মণ্ডল মধ্যস্থঃ। বেণুমুখেঽধরপল্লবং দদাতীতি সঃ ॥ ১০ ॥

পুনঃ কীদৃশঃ স্তম্ভিতোরাকাপতিশ্চন্দ্রো যেন সঃ। অবিকারান্ বিকার রহিতানপি সুরদারান্মদয়ন্ মন্মথ মত্তান্ কুর্ব্বন্। আরাদ্দূরে বিরতীত্যর্থঃ।

---

অলঙ্কার শব্দে ও শারদ শশধরের কমনীয় শীত কিরণে বনপ্রদেশ অতি রমণীয় হইল ॥ ৯ ॥

দুই দুই চম্পক কুসুম মধ্যবর্ত্তি ভ্রমরের ন্যায় তুমি গোপীমণ্ডলে নিজ কায়ব্যূহ বিস্তার করিয়া মহারাস করিবার মানসে শ্রীরাধিকার সহিত মিলিত হইয়া গোপীমণ্ডলের মধ্যে বংশীধ্বনি করিতে লাগিলে ॥ ১০ ॥

ত্বদীয় এই অলৌকিক লীলা দর্শনে রাকাপতি চন্দ্রও স্তম্ভিত হইলেন অমরাঙ্গনাগণ সর্ব্বদা অবিকারিচিত্ত হইয়াও

কুতুকাকৃষ্ট শ্চিরমভিবৃষ্টঃ
সপদি বিলূনৈঃ সুরতরুমূলৈঃ ॥ ১১ ॥
অথ কল্পীকৃত রজনি বিহারী ;
খস্থসুরাসুর বিস্ময়কারী।
নিজ নিজ নিকটস্থিতি বিজ্ঞান
প্রমুদিত রমণীকৃত সংমানঃ ॥ ১২ ॥

কুতুকেন রাসবিনোদেনাকৃষ্টঃ। সপদি তৎক্ষণে বিলূনৈঃ সুরতরুমূলৈঃ কল্পবৃক্ষপুষ্পৈরভিবৃষ্টঃ ॥ ১১ ॥

কল্পী কৃতায়াং ব্রহ্মরাত্রিতাং নীতায়াং রজন্যাং বিহারী ক্রীড়নশীলঃ। ত্রিযামিয়াং রাত্র্যাং যো ব্রহ্মরাত্রিং সমাবেশয়ামাস। মিথোনিখিল গুণানুভবসিদ্ধিকাম ইতি ভাবঃ। ব্রহ্মরাত্র উপাবৃত্তে ইত্যত্রৈবং ব্যাখ্যাতং তত্ত্বজ্ঞৈঃ। খস্থানাং নভোবর্ত্তিনাং সুরাসুরাণাং বিস্ময়ং করোতীতি সঃ। নিজ নিজ নিকটে স্বস্ব পার্শ্বে স্থিতি বিজ্ঞানেন হরের্বিদ্যমানতানুভবেন প্রমুদিতা যা রমণ্যস্তাভিঃ কৃতসংমানঃ ॥ ১২ ॥

---

দূর হইতে এই লীলা দর্শন করিয়া কন্দর্প পরবশ হইলেন এবং কল্পবৃক্ষ হইতে পুষ্প চয়ন করিয়া তোমার উপর বর্ষণ করিতে লাগিলেন ॥ ১১ ॥

অনন্তর ঐ রাসরাত্রিকে ব্রহ্মার রাত্রির ন্যায় দীর্ঘকালস্থায়িনী করিয়া তাহাতে বিহার করিতে লাগিলেন, তোমার লীলা দর্শনে আকাশস্থ সুরাসুরগণ বিস্ময়ান্বিত হইলেন এবং তুমি আপন নিকটে আছ বলিয়া গোপিকাগণ তোমার কতই সম্মান করিতে লাগিলেন ॥ ১২ ॥

নিজ দৃগ্‌ভঙ্গী ক্ষুভিত কুরঙ্গী-
নয়নামণ্ডল গুরু কুচসঙ্গী।
কেলিবিলোলঃ প্রচলন্নিচোলঃ
স্বেদজলাঙ্কুর চারুকপোলঃ॥ ১৩॥
কুমুদযুতায়াং তরণিসুতায়াং
সলিলবিনোদঃ প্রবলিতমোদঃ।
যুবতী নিকায় প্রোক্ষিতকায়ঃ
শিথিলিতমালঃ পুলককরালঃ॥ ১৪॥

নিজ দৃগ্‌ভঙ্গ্যা স্বকটাক্ষেণ ক্ষুভিতানাং কুরঙ্গীনয়নামণ্ডলানাং গুরুষু পীনেষু কুচেষু সঙ্গ আশ্লেষ লক্ষণো যস্যাস্তি সঃ। স্ফুটার্থমিতরৎ॥ ১৩॥

কুমুদেতি প্রকটার্থং। সলিলবিনোদে জলবিহারে। প্রোক্ষিতো নিষিক্তঃ। পুলককলামালীতীতি পুলককরালঃ॥ ১৪॥

---

তুমি নিজ নয়ন ভঙ্গী দ্বারা হরিণনয়না গোপাঙ্গনাদিগকে ক্ষুভিত করিয়া তাহাদের পীনস্তনালম্বন করিতে লাগিলে, ক্রীড়াসক্ত হইলে তোমার পরিধান বস্ত্র স্খলিত হইতে লাগিল ও ঘর্ম্মজলে তোমার গণ্ডদেশ সুশোভিত হইল। ১৩॥

ক্রীড়ান্তে ত্বদীয় বনমালা ত্বদীয় পুলকিত কলেবরে শৈথিল্য ভাব ধারণ করিলে তুমি কুমুদ কুসুমশোভিত কালিন্দী-সলিলে জলবিহারের নিমিত্ত তথায় অবগাহন করিলে গোপিকাগণ তোমার উপর জলসেচন করিতে লাগিলেন॥ ১৪॥

অথ বনমালীবর বিপিনালী
কুঞ্জনিকেতন বীক্ষণশালী
জয়তি বিহারী নিশি মণিহারী
ব্রজতরুণীগণ মানসহারী ॥ ১৫ ॥
নত জনবন্ধো জয় রসসিন্ধো
বদনোল্লসিত শ্রমজলবিন্দো
ত্বমখিল দেবাবলিকৃতসেবা

---

বনবিহার মাহ অথেতি পদ্যং বিস্ফুটার্থং ॥ ১৫ ॥

কবিরেব প্রভো রাসলীলাং বর্ণয়িত্বা তস্ত জয়মাশাস্তে নতজনেতি। ত্বং জয় ঈদৃশ পরিকর ধাম লীলা বিশিষ্টতয়া প্রকটয় স্বোৎকর্ষং সর্ব্বদেতি ভাবঃ। নহু যূয়মপি মামীদৃশং স্বেবধ্বং তত্রাহ ত্বমিতি। অখিলাভি র্দেবাবলিভিঃ কৃতা সেবা সন্ততিঃ পরিচর্য্যা বিস্তারো যস্ত তাদৃশ 'ত্বমসি। তত্তেহ তব সেবায়ামধমা গুণহীনা মনুষ্যাঃ বয়ং কে বা ভবামঃ। ন কেপীতি কা গণনা তস্তামস্মাকমিত্যর্থঃ। নতজন বন্ধুশ্চেৎ কৃপয়সি তদা যোগ্যাঃ সন্তঃ স্তামা

---

অনন্তর গোপিকাগণের চিত্তহারী তুমি বনমালা ধারণ পূর্ব্বক বনবিহারের নিমিত্ত নিভৃত নিকুঞ্জ স্থান অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১৫ ॥

হে প্রণতজনবান্ধব! হে রসসাগর! তোমার জয় হউক। রাস পরিশ্রান্ত হইলে তোমার বদনমণ্ডলে বিন্দু বিন্দু ঘর্ম্মজল কণিকা কি অপূর্ব্ব শোভা সম্পাদন করিতেছে, নিখিল দেবগণ তোমার আরাধনায় প্রবৃত্ত অতএব অধম

সম্ভূতিরধমা বয়মিহ কে বা ॥ ১৬ ॥
জয় জয় কুণ্ডলযুগরুচিমণ্ডল
বৃত গণ্ডস্থল দমিতাখণ্ডল।
ধৃতগোবর্দ্ধন গোকুলবর্দ্ধন
দেহি রতিং মে ত্বয়ি মুরমর্দ্দন ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি রাসক্রীড়া ॥ * ॥

---

শ্রয়িষ্যাম এবেতি ভাবঃ ॥ ১৬ ॥

সেবাভাগ্যং দূরেঽস্তু রতিলেশন্ত দেহীত্যাশয়বানাহ। জয় জয়েতি। কুণ্ডলযুগয়োরুচি মণ্ডলৈ বৃতে গণ্ডস্থলে কপোলৌ যস্য হে তাদৃশেতি তত্র স্বাশক্তি নির্ভরঃ। স্ফুটার্থমন্যৎ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি রাসক্রীড়া ব্যাখ্যাতা ॥ * ॥

---

আমরা কিরূপে তোমার সেবার যোগ্য হইতে পারি ॥ ১৬ ॥

হে মুরমর্দ্দন! তোমার পুনঃ পুনঃ জয় হউক, কর্ণকুণ্ডল যুগলের প্রভায় ত্বদীয় গণ্ডস্থল অপূর্ব্ব শোভা ধারণ করিতেছে, তুমি গোবর্দ্ধন ধারণ করিয়া ইন্দ্রের গর্ব্ব খর্ব্ব ও শ্রীবৃন্দাবনের শ্রী পরিবর্দ্ধিত করিয়াছ, অতএব এই অধম ব্যক্তি এক্ষণে ত্বদ্বিষয়িণী ভক্তি তোমার নিকট প্রার্থনা করিতেছে অভীষ্ট পূর্ণ করিয়া কৃপাময় নাম সার্থক কর ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি রাসক্রীড়া ॥ * ॥

# অথ স্বয়মুৎপ্রেক্ষিতলীলা।

শ্রীরাধাবল্লভায়নমঃ ॥

শ্রী।

শ্যামল সুন্দর সৌহৃদবদ্ধা
কামিত তৎপদসঙ্গতিরদ্ধা।
ধৈর্য্যমসৌ স্মরবর্দ্ধিত বাধা
প্রাপণমন্দির কর্ম্মণি রাধা ॥ ১ ॥
তং কমলেক্ষণ মীক্ষিতুকামা
সাচ্ছলতঃ স্বয়মুজ্‌ঝিতধামা।

সুধা সুধারাস্থ মুনাভিধানং যদ্বাচ মাচম্য তনোতি লোকঃ। কিশোরয়োঃ কেলিকলৈক কুঞ্চীকরোতু নঃ কাঙ্ক্ষিতমেষ রূপঃ ॥

অথেতি। স্বয়ং স্বোপায়েন স্বয়ং দূত্যেনৈবোৎপ্রেক্ষিতা নিষ্পাদিতা যা লীলা সা স্বয়মুৎপ্রেক্ষিতলীলেত্যর্থঃ। অত্র মঙ্গলং শ্রীতি। শ্যামলেতি। অসৌ রাধা মন্দির কর্ম্মণি গৃহকৃত্যে ধৈর্য্যং ন প্রাপ। কীদৃশী। যতঃ শ্যামলে সুন্দরে হরৌ যৎ সৌহৃদং তেন বদ্ধা অতএব স্মরেতি। ততঃ কামিতেতি ॥ ১ ॥

তমিতি। ছলতঃ সূর্য্যার্চ্চনপুষ্পানয়ন ব্যাজেন। সা রাধা দূর মবিন্দতেতি লোকপ্রেক্ষণ শঙ্কানিবৃত্তিঃ ॥ ২ ॥

---

একদা কৃষ্ণপদাভিলাষিণী শ্রীমতী রাধিকা শ্রীকৃষ্ণের প্রেমাস্বাদনে কন্দর্পজনিত বেদনায় অধীর হইয়া নিজ গৃহকার্য্য দ্বারাও চিত্তকে সুস্থ রাখিতে পারিলেন না ॥ ১ ॥

অনন্তর সেই কমলনয়ন শ্রীকৃষ্ণ দর্শনে ব্যগ্র হইয়া

যামুনরোধসি চারু চরন্তী
দূরমবিন্দত সুন্দরসন্তী। দোধকং॥ ২ ॥
প্রাপ্যোদারাং পরিমলধারাং
কংসারাতে রুদয়তি বাতে।
সেয়ং মত্তা দিশি দিশি যত্তা
দৃষ্টিং কত্রা মকিরদনম্রা॥ ৩॥
ভৃঙ্গীবেয়ং তম পরিমেয়ং
মুগ্ধা গন্ধং হৃদি কৃতবন্ধং।

---

দোধকমিতি। তল্লক্ষণঞ্চ। দোধকমিচ্ছতি ভত্রিতয়াদগাবিত্যেতৎ ॥ ২ ॥
সেয়ং রাধা বাতে পবনে উদয়ত্যুপসর্পতি সতি। কংসারাতেঃ শ্রীকৃষ্ণস্যো-দারাং পরিমলধারাং প্রাপ্য মত্তা সতী দিশি দিশি কত্রাং মনোজ্ঞাং দৃষ্টি মকিরৎ। যত্তা তদীক্ষণে সযত্না। অনম্রা উচ্চগ্রীবা ॥ ৩ ॥
ইয়ং মুগ্ধা রাধা ভৃঙ্গীব তমপরিমেয়ং গন্ধমভিলক্ষীকৃত্য দ্রুতং যাতা কংসা-রাতে রক্তিকমিতি শেষঃ ॥
হৃদিকৃতো বন্ধস্তদীক্ষণ নির্বন্ধো যত্র তদবথা আস্তথা।। ইয়ং কীদৃশী।

---

সূর্য্যপূজার- কুসুমচয়ন চ্ছলে গৃহ পরিত্যাগ পূর্ব্বক গমন করিতে করিতে অতিদূরে যমুনাতীরে গমন করিলেন ॥ ২ ॥

তথায় পবন প্রেরিত শ্রীকৃষ্ণের অঙ্গ সৌরভ আঘ্রাণে মত্ত ও সচকিত হইয়া সোৎকণ্ঠভাবে ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ৩ ॥

শ্রীরাধিকা মধুমত্ত ভ্রমরীর ন্যায় সেই অপরিমেয় কৃষ্ণাঙ্গ গন্ধে মুগ্ধ ও উদ্বিগ্ন চিত্ত হইলেন এবং কৃষ্ণপ্রেমে উদ্ভ্রান্ত

ব্যগ্রপ্রায়া পুলকিতকায়া
প্রেমোন্মাতা ক্রতমভিযাতা। মত্তা ॥ ৪ ॥
কৃষ্ণমবেক্ষ্য ততঃ পরিতুষ্টা
পুষ্পগণাহৃতি কৈতবজুষ্টা।
মন্থরপাদ সরোরুহপাতা
কুঞ্জকুটীরতটী মুপযাতা ॥ ৫ ॥
সাপৃথুবেপথু দোলিতহস্তা
প্রেমসমুত্থিত ভাববিহস্তা।

---

ব্যগ্রপ্রায়া প্রায়েণোদ্বিগ্না। স্ফুটমন্যৎ। মত্তেতি। তল্লক্ষণঞ্চ। জ্ঞেয়া মত্তামত্তসর্গস্থৈত্যেতৎ ॥ ৪ ॥

ততস্তত্র সা রাধা কৃষ্ণমবেক্ষ্য পরিতুষ্টা সতী, কুঞ্জকুটীরতটী মুপযাতা জগাম। কেন ছদ্মনোপযাতেত্যপেক্ষায়াং বিশিনষ্টি পুষ্পেতি। ভাবাবেশাদুপযানেপ্যসমর্থা ভূদিতি বোধয়ন্ বিশিনষ্টি মন্থরেতি ॥ ৫ ॥

সা তত্র পুরোবনান্তে প্রসসার। কীদৃশী পৃথুনা বেপথুনা কম্পেন দোলিতৌ হস্তৌ যস্যাঃ সা। প্রেম্না সমুত্থিতৈর্ভাবৈ হর্ষ গদ্গদাদিকাদিতি বিহস্তা ব্যাকুলা। বিহস্ত ব্যাকুলৌ সমাবিত্যমরঃ। বনান্তে কীদৃশীত্যাহ ফুল্লেতি। বিলাসো

---

ও পুলকিত অঙ্গ হইয়া অচিরাৎ গন্ধানুসারে সেই দিকে ধাবিত হইলেন ॥ ৪ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ দর্শনে পরিতুষ্ট হইয়া পুষ্পচয়ন ছলে মৃদু মৃদু পদ সঞ্চালন পূর্ব্বক নিকুঞ্জবনের দিকে আগমন করিলেন ॥ ৫ ॥

প্রফুল্লিত তরুলতায় আকীর্ণ নিকুঞ্জবন প্রাপ্ত হইয়া

তত্র পুরঃ প্রসসার বনান্তে ॥ ৬ ॥

দোধকমেব ॥ ০ ॥

মাধবস্তাং তদালোকয়ন্ রাধিকাং
বল্লবীবর্গতঃ সদ্গুণেনাধিকাং।
কেয়মুদ্বাধতে মন্বনং রাগতস্
তূর্ণ মিত্যুল্লপন্ ফুল্লধীরাগতঃ ॥ ৭ ॥

ভালবিদ্যোতিত স্ফীতগোরোচনং

---

নাম সম্বন্ধোয়ং আবচ্ছেদঃ। তল্লক্ষণঞ্চোক্তং। বিশেষো দয়িতালোকে মুখনেত্রাদি কর্ষণঃ। যানস্থানাসনালোক বিলাসঃ কথ্যতে বুধৈরিতি কাব্য কৌস্তভে। এবমন্যত্রচ ॥ ৬ ॥

তদা মাধবস্তাং রাধামালোকয়ন্ সন্নাগতঃ প্রাপ। মন্বনং রাগতঃ কেয়-মুদ্বাধতে ইতি তূর্ণমুল্লপন্ সন্। স্ফূর্ত্তিমন্যৎ ॥ ৭ ॥

ভালেতি। সা ভামিনী রাধা তং কৃষ্ণং পার্শ্বতঃ প্রেক্ষ্য পটেনাবৃতা সতী কৈতবাহুঙ্কৃষ্ট কুঞ্চিতাবচরচ্ছলেন দূরন্থগামিনী অভূৎ। তদ্যোতি দূরে

---

শ্রীরাধিকা কৃষ্ণ দর্শনে সাত্ত্বিকভাবের উদয় হেতু কম্পিত হস্ত ও হর্ষগদ্গদাদিভাবে অধৈর্য্য হইলেন ॥ ৬ ॥

ব্রজরমণীর শিরোমণি শ্রীরাধিকা পুষ্পচয়ন করিতেছেন দেখিয়া শ্রীকৃষ্ণ কহিলেন কে তুমি? আপন ইচ্ছায় আমার নিকুঞ্জবনের উপদ্রব করিতেছ, এই কথা বলিতে বলিতে আনন্দ মনে শ্রীরাধিকার নিকট উপস্থিত হইলেন ॥ ৭ ॥

সুন্দর গোরোচনায় বিভূষিত ললাট, চঞ্চলনয়ন শ্রীকৃ-

পার্শ্বতঃ প্রেক্ষ্য তং বিভ্রমভ্রোচনং।
সা পটেনাবৃতা কৈতবাত্তামিনী
বক্রিতভ্রূরভূৎ দূরভূগামিনী ॥ স্রগ্বিণী ॥ ৮ ॥
লীলোদ্ভ্রান্তং মুহুরথ সুদতী
নেত্রদ্বন্দ্বং দিশি দিশি সুদতী
বীক্ষাং চক্রে দলভরবিকটাং
মল্লীবল্লীং তটভুবি নিকটাং ॥ ৯ ॥

---

জগামেত্যর্থঃ। সা কীদৃশীত্যাহ বক্রিত ভ্রূরিতি। দেবাভ্যর্চ্চন পুষ্পাবচয় কারিণীং মাং খেদয়িতুং কথমত্র ভবান্ প্রবৃত্ত ইত্যুৎপন্ন কৃত্রিম কোপেত্যর্থঃ। তং কীদৃশমিত্যাহ ভালেতি প্রকটার্থং ॥ ৮ ॥

স্রগ্বিণীতি। লক্ষণমস্ত পূর্ব্বং দর্শিতং। সা সুদতী যমুনাতট ভুবি নিকটাং সন্নিহিতাং মল্লীবল্লীং বীক্ষাং চক্রে দদর্শ। দিশি দিশি লীলোদ্ভ্রান্তং নেত্রদ্বন্দ্বং মুহুর্দতী নিক্ষিপন্তী সতী। বল্লীং কীদৃশীং দলভরৈর্বিকটাং ব্যাপ্তাং ॥ ৯ ॥

---

কৃষ্ণকে নিজ পার্শ্বে দর্শন করিয়া শ্রীরাধিকা ভ্রূভঙ্গী পূর্ব্বক কহিলেন আমি সূর্য্যপূজার নিমিত্ত কুসুমচয়ন করিতেছি তুমি এসময়ে কেন বিরক্ত করিতেছ, এই বলিয়া বস্ত্র দ্বারা সর্ব্বাঙ্গ আবরণ পূর্ব্বক অন্য স্থানের কুসুমচয়ন ছলে কিছু দূরে গমন করিলেন ॥ ৮ ॥

অনন্তর শ্রীরাধিকা চপলনয়নে ইতস্তত দৃষ্টিপাতঃ করিতে করিতে অনতিদূরে যমুনাতটে নিবিড় পত্র সুশোভিত মল্লিকাবল্লী দর্শন করিলেন ॥ ৯ ॥

তামুন্মীলদ্ভ্রমর বিলসিতাং
লব্ধা পুষ্পৈরুপরি বিল সিতাং
লীনেবাভূ বিকসিতমদনা
তস্যাঃ প্রান্তে সরসিজবদনা ॥
ভ্রমরবিলসিতা ॥ ১০ ॥

অঞ্জসা ব্যাহরৎ কঞ্জসারেক্ষণ
স্তামসৌ স্রগ্বিণীঃ দামসৌরভ্যভাক্ ।
মাধুরীমুদ্গিরন্ সাধুরীত্যুজ্জ্বলাং
নূতনানন্দদাং পূতনামর্দ্দনঃ ॥ ১১ ॥

---

সা সুরসিজবদনা রাধা তাং বল্লীং লব্ধা সতী তস... ...ন্ত লীনেবাভূদন্তর্লীনাং। তাং কীদৃশীং। উপরি পুষ্পৈঃ সিতাং শুভ্রাং। স্ফুটার্থমন্যৎ। লীলোন্ম্ভ্রমিত্যাদি পদ্যদ্বয়েঽবহিত্থা সঞ্চারিভাবঃ। ভ্রমরেতি। তল্লক্ষণঞ্চ। মোগোনৌগোভ্রমরবিলসিতেত্যোক্তৎ ॥ ১০ ॥

অসৌ পূতনামর্দ্দন স্তাং রাধামঞ্জসা সুখেন ব্যাহরৎ কথিতবান্। কীদৃশঃ। কঞ্জাদপি সারে শ্রেষ্ঠে ঈক্ষণে যস্য সঃ মাধুরীং শোভামুদ্গিরন্ সন্ রীতিঃ শব্দঃ। বিশদার্থমন্যৎ ॥ ১১ ॥

---

অনন্তর সরোজবদনা শ্রীরাধা কন্দর্প প্রভাবে উল্লাসিত হইয়া ভ্রমরমালায় আকীর্ণ ও অশেষ কুসুম শোভিত সেই মল্লিকাবৃক্ষের অন্তরালে যেন লুক্কায়িত প্রায় হইলেন ॥ ১০ ॥

পূতনামর্দ্দন পুণ্ডরীকনয়ন আনন্দ মনে তথায় উপস্থিত হইয়া নিজ মাধুর্য্যভাব প্রকাশ পূর্ব্বক কুসুম মালাধারিণী সৎস্বভাবা শ্রীরাধিকাকে সম্বোধন করিয়া কহিলেন ॥ ১১ ॥

ভঙ্গুরানঙ্কুরান্নির্দ্দয়ং ছিন্দতী
বীরুধঃ কোমলোচ্ছেদিনীর্ভিন্দতী।
আঃ কথং লুণ্ঠসি ত্বং মৃগাঙ্কাননে
পুষ্পরাজীমসৌ হন্ত মৎকাননে।
স্রগ্বিণী॥ ১২॥
সদাত্র চিনুমঃ প্রসূনমঞ্জসে
বয়ং হি নিরতাঃ সুরাভিভজনে।

---

কিং ব্যাহরৎ তদাহ ভঙ্গুরানিতি। হে মৃগাঙ্কাননে রাধে অসৌ ত্বং মৎ কাননে পুষ্পরাজীং কথং লুণ্ঠসি। হন্তেতি খেদে। আ ইতি কোপে। আঙ্ স্যাৎ কোপপীড়য়োরিত্যমরঃ। কীদৃশী সতী নির্দ্দয়ং যথাস্যাত্তথা ভঙ্গুরান্ বক্রীনঙ্কুরান্ ছিন্দতী। কোমলোচ্ছেদিনী বিরুধো লতা ভিন্দতী সতী। কোমল উচ্ছেদো হঙ্কুরোদ্গমো বাসামস্তি তাঃ॥ ১২॥

সকোপমিব সম্ভাষিণি হরৌ প্রথমং প্রাগল্ভ্য মাশ্রয়ন্ত্যাহ সদেতি সুরভি ভজনে দেবার্চ্চনে নিরতা বয়মত্রাঞ্জসে নির্জ্জনে বনে সদৈব প্রসূনং চিনুমঃ। কেহপি নিষেধ বচনং গর্জ্জনং ন কুরুতে। ত্বমদ্য প্রগল্ভবচনং কিং ভঙ্গুরে প্রকাশয়সি। সুরাভিভজনে ইতি তব ধর্ম্মজস্য দেবার্চ্চন বিরোধো নোচিতঃ।

---

হে চন্দ্রবদনে! আমার উদ্যানে আসিয়া ফল তুলিতেছ কেন? তুমি নির্দ্দয় রূপে আমার উদ্যানস্থ বৃক্ষের অঙ্কুর ভাঙ্গিয়া কোমল কোমল লতা সকল উন্মূলিত করিলে, কি জন্য এত উপদ্রব করিতেছ? ॥ ১২॥

শ্রীমতী কহিলেন আমরা প্রত্যহ দেবপূজার নিমিত্ত এই নির্জ্জনবনে পুষ্পচয়ন করিয়া থাকি/কৈ, এতদিন কেহ

নকোপি কুরুতে নিষেধবচনং
কিমদ্য তনুষে প্রগল্ভবচনং ॥ ৯৩ ॥
প্রসীদ কুসুমং বিচিত্য সরসা
প্রযামি সরসীরুহাক্ষতরসা ।
ক্রিয়াদ্য মহতী মমাস্তি ভবনে
বিলম্বমধিকং তনুষ ন বনে ॥

অজনে ইতি সাত্যজ্রেতর জনেভ্যঃ শঙ্কেতি বাচ্যতে ॥ ১৩ ॥

অথ সবিনয়মাহ প্রসীদেতি । হে সরসিরুহাক্ষ ত্বং প্রসীদ । কুসুমা বচনে বিঘ্নং মা কুরু । সরসীরুহাক্ষাহং যদি কুসুমাবচয়নং কর্ত্তুমসমর্থা কুসুমং বিচিত্য ত্বরসা বেগেন প্রযামি । যতস্তস্যা মহতী ক্রিয়া মমাস্তি । ততো বাক্যোত্থাপনেন বনেঽধিকং বিলম্বং মম ন কুরুষ ন কুরু । অত্র স্বরি- সরসা সাম্প্রতাগামি । অতঃ প্রসীদ মামঙ্গীকুরু । সরসীরুহাক্ষেতি বয়েত্র শোভনাক্ষ্যাহং গৃহে স্থাতুং ন শক্নোমি । অতস্তরসা প্রসীদেতি ভবনেঽদ্য মে মহতী ক্রিয়া নাস্তি ততোবনেঽধিকং বিলম্বং তনুষেতি বাচ্যতে । জলোদ্ধ-

ইত আমাদিগকে নিষেধ করে না, অদ্য তুমি কেন উগ্র হইয়া আমাদিগকে রূঢ় কথা বলিতেছ ॥ ১৩ ॥

হে সরোজনয়ন ! অদ্য আমার প্রতি প্রসন্ন হও ক্ষমা কর । আমি তোমার মত রুক্ষ কথা বলিতে জানি না, অদ্য আমার ভবনে একটী বৃহৎকার্য্য আছে তদনুরোধে পুষ্পচয়ন করিয়া আমাকে শীঘ্রই বাটী যাইতে হইবে অতএব কথাবার্তায় অধিক বিলম্ব বা আমার কার্য্য ক্ষতি

জলোদ্ধতগতিঃ ॥ ১৪ ॥

নিযুক্তঃ ক্ষিতীন্দ্রেণ যেনাস্মি কামং
বনং পালয়ামি ক্রমেণাভিরামং
জনঃ শীর্ণমপ্যাহরেদেষ্য দলার্দ্ধং
হরাম্যম্বরং তস্য বিত্তেন সার্দ্ধং ॥ ১৫
পরিজ্ঞাতমদ্য প্রসূনানিমেতাং
লুনীষে ত্বমেবং প্রবালৈঃ সমেতাং।

তেতি। লক্ষণমস্যোক্তং প্রাক্ ॥ ১৪ ॥

অস্মন্মনোজ্ঞং শ্রোতুমত্তরেতি স্পৃহাবাহুপবি কৃষ্ণমিবাহ নিযুক্ত ইতি দ্বাভ্যাং। যেন প্রসিদ্ধেন ক্ষিতীন্দ্রেণ কামেন রাজ্ঞা নিযুক্তোহমভিরামং তস্য ক্রীড়াস্পদং বনং পালয়ামি। তদ্বনস্য শীর্ণমপি দলার্দ্ধং যোজন উদ্ধরে কৃতাম্বরং বস্ত্রং বিত্তেন সার্দ্ধং হরামি ॥ ১৫ ॥

মর্য্যাদা পরিজ্ঞাতং ত্বমেবৈতাং প্রসূনালীং প্রবালৈঃ পল্লবৈ সহ লুনীষে ছিনৎসি। অসৌ ত্বং মর্য্যাদা ধৃতা। হে পুষ্পচৌরি নিত্যমেবং কুর্ব্বাণা ত্বং কথং কেন প্রমাদেন রাজ্ঞো গেহং প্রবিষ্টাসীতি। অত্র বলবান্ স্মরো মামেকাকিন মধীনং লক্ষ্যং বিধায় যথেচ্ছং বিধ্যতি। তদুদ্রোপশমা ত্বয়া চেদব্যক্তঃ ত্বাং

---

করিও না ॥ ১৪ ॥

শ্রীকৃষ্ণ কহিলেন মহারাজ কন্দর্প কর্ত্তৃক নিযুক্ত হইয়া তদীয় এই রমণীয় উদ্যান আমি পালন করিতেছি। যদি কোন জন এই উদ্যানস্থ বৃক্ষের শীর্ণ পত্র বা পত্রার্দ্ধ অপহরণ করে তাহা হইলে আমি তাহার বস্ত্র অলঙ্কারাদি সর্ব্বস্ব কাড়িয়া লই ॥ ১৫ ॥

হে কাঞ্চনগৌরি! হে পুষ্পচৌরি! আমি অদ্য জানি-

ধৃতাসৌ ময়া কাঞ্চনশ্রেণিগৌরী-
প্রবিষ্টাসি গেহং কথং পুষ্পচৌরি।
ভুজঙ্গপ্রয়াতং ॥ ১৬ ॥
সপতিঃ পিশুনঃ কুপিতোপিশুনঃ
সদনে সুখরা জরতী মুখরা।

তদা কিং মে কর্ত্তুং শক্নুয়াদতএব যাবদপেক্ষ্যমাণো স্থিবসামি বনেতি ভাগ্যা-দেব ত্বং মিলিতাসি। কাঞ্চনশ্রেণি গৌরীতি যদেকাসুরজোয়ীতি পদ্য-দ্বয়েশ্মিন্ বাজ্যতে ॥

ভুজঙ্গেতি। তল্লক্ষণকোক্তং প্রাক্ ॥ ১৬ ॥

অথাতি সাস্রদাসন্দমদ্ভুতবিভুকামা যবিলবল্প দুঃখহেতুত্বাং নিবেদয়-ন্ত্যাহ স ইতি। স মে পতির্ধবঃ পিশুনঃ পরস্যাপিছিদ্র সূচকঃ ॥

নচৈতাবদেব। অপিতু কুপিতঃ সন্নপি পিশুনঃ ত্রিবিধ ক্লেশ কুদ্দি-ত্যর্থঃ। অর্থান্তরং তু নকার্য্যং। অশ্লীলত্বাৎ। অন্যচ্চ তন্নকারণমস্তি। ইত্যাহ। মুখরা মাতামহী জরতী সুখরা বহু রুক্ষভাষিণী সদনে বর্ত্ততে। গুরবঃ শ্বশ্রুপ্রভৃতয়শ্চ চতুরা নিখিলিত পরীক্ষকাঃ সদনে সন্তি। এবং বরি

---

লাম তুমিই আমার উদ্যানের পুষ্প ও পত্র ছিন্ন করিয়া থাক, তোমায় ধরিয়াছি, তুমি কেমন করিয়া ঘরে যাইবে ॥ ১৬ ॥

শ্রীমতী কহিলেন হে পুরুষেশ্বর! দেখ আমার পতি সর্ব্বদা আমার দোষানুসন্ধান করিয়া আমাকে বিশেষ যন্ত্রণা দেন, আর আমার মাতামহী অতিমুখরা ও রুক্ষভাষিণী, শ্বশ্রূ প্রভৃতি গুরুজনেরাও আমার ছল গ্রহণ করেণ অতএব আমার প্রতি এরূপ উপদ্রব করিবেন না এই নির্জ্জন স্থানে

চতুরা গুরবো ভবিতা রুষবো
ব্যসনং পুরুষেশ্বর কিং কুরুষে ॥ ১৭ ॥
জলজেক্ষণ হে কুলজামবলাং
নহি দুর্যশসা রচয়াধবলাং।

---

বিলম্বিতায়াস্তুরবো নিন্দা মম কথং ভাবিনী। হে পুরুষেশ্বর ইদং ব্যসনং সার্ব্বেশ্যাসং কিং কথং কুরুষে। যেনাবয়োঃ রুষব এব ভবেৎ। ব্যসনং ক্ষতভে শক্তৌ পানস্ত্রী মৃগয়াদিষু। দৈবানিষ্ট ফলে পাপে বিপত্তৌ বিফলো-দ্যমে ইতি বিশ্বঃ। পুরুষেশ্বরেণ ত্বয়া মৎ সৌমনস্যমেব কর্ত্তুং সাম্প্রতং নতু মদ্বৈমনস্যমিতি ভাবঃ ॥ ১৭ ॥

হে জলজেক্ষণ কুলজাং কুলীনাং মাং দুর্যশসা ধবলাং মলীমাং ন রচয় বিরমৎ কিরণং তরণিং দিবি পশ্য। ততোঽহেতো র্যে সরণিং পন্থানং ত্যজেতি। এবঞ্চ নাবয়োঃ কোপি রুষবঃ। বিরমৎ কিরণমিতি যবাহিতস্য ক্ষয়েনৈবাহু ষ্ঠৈয়র্ষং ব্যজ্যতে। নহু শক্তিশক্তিমত্তাবেন যছোক্ত্য বরিতা নিজয়ো রসম্লে-র্নিত্য দাম্পত্যং বিহায় কেয়মৌপপত্ত্যেন লীলেতি চেৎ পারকৈমবর্য্যাদিতি গৃহাণ। নহেতয়ো র্নিয়ামকঃ কোপ্যাস্তি। স্বীতা দাম্পত্যে হেয়ং। সৈবা কর্ম পারকত্যাদৌপপত্ত্যং। অকর্ম্মতক্রিয়াভিধানাৎ। নচ জনমনো নিবেশাদৈরেতৎ। নগায়েহমিত্যাদি বাক্যেষু তৃণিন্‌ যেচ্ছাশাঃ প্রত্যয়াৎ তন্নিবেশস্য সৌন্দর্য্য.হেতুকএব। নচোৎ কণ্ঠয়াঃ পরিপোষায়েতৎ। তস্য

---

কোন রূপে বিলম্ব হইলে তোমার ও আমার বড়ই নিন্দা হইবে ॥ ১৭ ॥

হে জলজনয়ন! এই অবলা কুলবতীকে দুর্যশে কলঙ্কিত করিও না, ঐ দেখ সূর্য্য ক্রমেই অস্তমিত হইতেছেন অত-

তরসা বিরমৎকিরণং তরণিং
দিবি পশ্য ততস্ত্যজ মে সরণিং।
তোটকং ॥ ১৮ ॥
জানে তব কচপক্ষং সংভৃতবর মল্লিকালক্ষং।
উরসি চ কঞ্চুকরাজং ধ্রুবমর্ব্বুদ মাধবীভাজং ॥ ১৯ ॥
এহি তব ক্ষণ মাত্রং বিচারয়ামি ক্রমাদগাত্রং।

---

নিত্য পুষ্টত্বাৎ। তস্মাৎ পারমৈশ্বর্য্যাদেবৈতচ্ছক্তিশক্তিমতো স্বযৌনি পীর্ণ দাম্পত্যমৌপপত্যমিতি সুধীভিরবধেয়ং ॥ ১৮ ॥

শ্রীরাধায়াঃ তচ্ছ্রবণীয়ং হরিরাহ জানে ইতি দ্বাভ্যাং। হে রাধে চন্দ্রমুখি ত্বং বাগ্মাধুর্য্যেণ মাং প্রতারয়িতুমিচ্ছসি নাহং তাদৃশঃ কিন্তু স্মররাজাধীনশ্চ ভবামি। যদ্যেব চেদপ্ হে প্রযাতুমিচ্ছসি তর্হি রাজকীয়ে দ্রব্যেহবলোকিতে যাস্যসীতি ভাবঃ। পদাৎ বিশদার্থং। কচপক্ষং কেশপাশং মাধব্যো বাসন্তী পুষ্পাণি ॥ ১৯ ॥

ব্যঙ্গ্যং প্রকাশয়মাহ এহীতি। ক্রমাৎ কচপক্ষবক্ষো নীব্যাদিস্পর্শ পরী-পাট্যেত্যর্থঃ তবে রাজকীয় দ্রব্য স্বরূপে। কচপক্ষাদৌ নির্ণীতে দৃষ্টে সতি ভবনং প্রযাহি। হে তড়িৎপীতে ॥

আর্য্যোক্ত। তপগান্ত নামায়মার্য্যা ভেদঃ। তন্মূলশ্লোকং। আর্য্যা-

---

অব পথরোধ করিও না, অদ্য আমাকে ছাড়িয়া দাও ॥ ১৮ ॥

কৃষ্ণ কহিলেন, অয়ি বিদ্যুদ্গৌরি! তুমি অনঙ্গ রাজের অনেক বস্তু হরণ করিয়াছ। আমার বোধ হইতেছে তোমার কবরী মধ্যে ও বক্ষঃস্থলস্থ কঞ্চুক মধ্যে অর্ব্বুদ পরিমিত মাধবী কুসুম রহিয়াছে। তুমি আমার নিকটে আইস,

তত্ত্বে কিল নির্ণীতে প্রযাহি ভবনং তড়িৎপীতে।

আৰ্য্যা ॥ ২০ ॥

ন মুধা মাধব রচয় বিবাদং
বিদধে তব মুহুরহমভিবাদং।
গোকুলবসতৌ স্মরমিব মূর্ত্তং
নকিমু ভবন্তং জানে ধূর্ত্তং ॥ ২১ ॥

---

পরার্দ্ধ তুল্যে দলদ্বয়ে প্রাহুরুপগীতিমিতি। আর্য্যাপরার্দ্ধস্ত সপ্তবিংশতিমাত্রা কো লক্ষিতো দ্রষ্টব্যঃ ॥ ২০ ॥

এবং হরের্বাঙ্মধু নিপীয় মত্তা রাধা তং তির্য্যক্ পশ্যন্তী তদুক্তিনিবারক মুত্তরমাহ ন মুধেতি দ্বয়েন। হে মাধব মধোর্বসন্তস্যায়ং মাধবঃ। বসন্ত-রামণীয়কাধীন ইত্যর্থঃ। পক্ষে মাং কুলধর্ম্ম বিষয়ং যথার্থজ্ঞানং ধুনোষি রূপাধি মাধুর্য্যেণাপনয়তীতি সঃ। অভিবাদং প্রণামং। তথাচ ভবন গমনায়াদিদেশেতি ভাবঃ ॥

নম্ন স্মররাজ কিঙ্করোহং তদন্ত নির্ণয় মন্তরা কথং ভদর্থমাদিশামীতি চেত্ত-ত্রাহ গোকুলেতি। ন ত্বং স্মরকিঙ্করঃ কিন্তু বিজ্ঞানানন্দ রসরাজমূর্ত্তি ত্বং। মত্ত স্মরস্তে কথঞ্চিদুপমানমিত্যর্থঃ। ধূর্ত্তত্বাত্তব তথা ভণিতিরিতি ভাবঃ ॥ ২১

---

তোমার অঙ্গ প্রত্যঙ্গ অনুসন্ধান করিয়া দেখি, কত বস্তু লইয়াছ তাহা দেখাইয়া তবে ভবনে গমন কর ॥ ১৯ ॥ ২০ ॥

শ্রীরাধা কহিলেন, হে মাধব! আমি তোমাকে পুনঃ পুনঃ প্রণাম করিতেছি, তুমি আমার সহিত মিছামিছি কলহ করিও না। তুমি বলিতেছ আমি কন্দর্পের কিঙ্কর এ তোমার কপট বাক্য এই গোকুল মধ্যে তুমিই মূর্ত্তিমান্ কন্দর্প, ইহা কে না জানে? ॥ ২১ ॥

বেত্তি ন গোপীবৃন্দারামং
বৃন্দাবনমপি ভুবি কঃ কামং
অহমিহ তদিদং কিতব রসালং
কথমবচেষ্যে ন কুসুমজালং।
পজ্ঝটিকা ॥ ২২ ॥
নেদমত্র কলসস্তনি শংস
ক্রোধনো নৃপতিরেষ নৃশংসঃ।

---

কিঞ্চৈতদ্বৃন্দাবনং গোপীনামেবাস্মাকং স্বং যতোমৎ সখীবৃন্দাত্র পালিকাস্তীতি সর্ব্বজন প্রসিদ্ধং ততশ্চ কোঽত্র স্মরঃ কথঞ্চ তে কুসুমাবচয় প্রতিষেধোঽর্থবানিত্যাবেনাহ বেত্তীতি। রসমালাতীতি রসালং। হে কিতব কপটিন্ পজ্ঝটিকেতি লক্ষণমস্তোক্তং প্রাক্॥ ২২ ॥

রাধয়ৈব মুক্তো হরি স্তবক্রোজয়ো দৃংশৌ নিদধানোমুহুমুদয়াতামাহ। নেদমিতি। হে কলসস্তনি নেদং বাক্যং শংস বদ। এষ স্মরনৃপতি নৃশংসঃ ক্রূরঃ। ক্রোধনো যস্তবতি। ইদং ত্বদ্বাক্যং শ্রুত্বা ক্রোধং বিধাস্যতি তস্মান্ন শংসেতি। তস্মিন্ ক্রুদ্ধে কিং ভাবীতি চেত্তত্রাহ। তেন যৌবত কর্ত্তৃকে বন-

---

হে ধূর্ত্ত! তুমি ধূর্ত্ততা করিও না, ইহা সকলেই জানে যে বৃন্দা নামক আমাদের এক সখী আছে, তাহারই এই উদ্যান এজন্য ইহার নাম বৃন্দাবন। এ স্থানে কন্দর্পের কোন অধিকার নাই আমাদেরই সম্পূর্ণ অধিকার, সুতরাং আমরা এই রসময় বৃন্দাবনের ফুল তুলিব তোমার বারণ করিবার কি ক্ষমতা আছে? ॥ ২২ ॥

কৃষ্ণ কহিলেন, হে কলসস্তনি! তুমি এ স্থানে এরূপ কথা বলিও না। এই কন্দর্প নৃপতি অতি নৃশংস ও ক্রোধী,

তেন হন্ত বিদিতে বনভঙ্গে
যৌবতং পততি ভীতিতরঙ্গে ॥ ২৩ ॥
তন্বি গেহগমন ব্যবসায়ং
চেৎ করোষি শৃণু রম্যমুপায়ং।
অত্র মত্তবহু ষট্‌পদ বীরে
লীলয়া প্রবিশ কুঞ্জকুটীরে ॥ স্বাগতা ॥ ২৪ ॥

---

ভঙ্গে বিদিতে যৌবতং ভীতি তরঙ্গে পততীতি। ভীতয়শ্চ বাণজালেন হৃদি ভেদনং নিযোজ্যেন ময়াচাধর খণ্ডন বক্ষোজ বিমর্দ্দন ভুজনিবন্ধনানি চেত্যেবং লক্ষণাস্তাশ্চ বর্ত্তমান প্রয়োগেণাগতা এবেতি ভাবঃ ॥ ২৩ ॥

নম্বু নৃশংসাৎ নৃপতেঃ কথং পরিত্রাণং কথঞ্চ ভবনপ্রয়াণং স্যাদিতি চেত্তত্রাহ। তন্বীতি প্রকটার্থং পদ্যং। অত্র কুঞ্জকুটীরে লীলয়া হেতুনা প্রবিশেতি। ময়ি তুষ্টেন তে স্মরান্তীতি লেশোপীতি ভাবঃ। মত্ত বহুষট্‌পদ-বীরে ইতি তটস্থজন প্রবেশ শঙ্কাপ্যত্র ন কার্য্যা। যতোবীরাস্তেষাং নিবারকাঃ সন্তীতি ব্যজ্যতে। স্বাগতেতি। তল্লক্ষণঞ্চ স্বাগতারণ ভগৈ গুরুণা-চেত্যোক্তং ॥ ২৪ ॥

---

অতএব যুবতীজন কর্ত্তৃক এইরূপ নিজ কাননের অত্যাচার জানিতে পারিলে তিনি যুবতীদিগকে মহাভীতি তরঙ্গে নিপাতিত করিবেন অর্থাৎ নিজ বাণ দ্বারা মর্ম্ম ভেদ ও তদীয় ভৃত্য আমাদ্বারা ওষ্ঠাধর খণ্ডনাদি উপদ্রব করিবেন ॥ ২৩

হে তন্বি! যদি নিতান্তই গৃহ গমনে ব্যস্ত হইয়া থাক তবে এক সদুপায় বলি শ্রবণ কর। এস্থানে মত্তভ্রমর রূপ বহু সংখ্যক বীর পুরুষ কর্ত্তৃক প্রতিপালিত মদীয় কুঞ্জকুটীরে অনায়াসে প্রবেশ কর সে স্থানে কোন ভয় থাকিবে না ॥ ২৪

গোকুলে কুলবধূভিরর্চ্চিতা
শীল চন্দন রসেন চর্চ্চিতা
রাধিকাহ মধিকারিতামতঃ
কিং করোষি ময়ি ধূর্ত্ত কামতঃ ॥ ২৫ ॥
নাক্ষিণী ক্ষিপ কুরঙ্গি সর্ব্বতঃ
সাক্ষিণী ভব সখীভিরন্বিতা
মাধবঃ কিল তুনোতি মামসৌ

অন্তরতিপ্রসন্নাপি বহিঃ প্রৌঢ়ি মালম্ব্যাহ গোকুল ইতি। শীলং সচ্চরিতং। অতোহন্যামীদৃশ্যাং ময়ি কামতঃ স্বেচ্ছাতোহধিকারিতাং কিং কথং করোষি। মৎসম্মতি মন্তরালতো নকিঞ্চিচ্চলেদিতি ভাবঃ ॥ ২৫ ॥

স্বচ্ছেদনয়ং ময়ি চিকীর্ষসি তর্হি তবোপালম্ভ মুপালম্ভয়িষ্যামি। তত্র কুরঙ্গ্যাদীনাং সাক্ষ্যং স্থাপয়ামীত্যাহ নাক্ষিণী ইতি প্রকটার্থং পদ্যং। ইহ নির্জ্জনোয়ং দেশস্তদত্র ময়া সহ স্বচ্ছন্দং রমস্বেতি ব্যঙ্গ্যার্থস্য ব্যঞ্জকতা রথেছে-

শ্রীরাধা কহিলেন, হে ধূর্ত্ত! আমার নাম রাধিকা, সচ্চরিত্রতারূপ চন্দনানুলেপনে আমি অনুলিপ্ত অর্থাৎ এই গোকুল মধ্যে আমিই সৎস্বভাবা এজন্য গোকুলবাসি কুলবধূগণ আমাকেই সম্মান করিয়া থাকেন অতএব তুমি আপন ইচ্ছামত কি করিতেছ? আমাকে অধিকার করিয়া কি কলঙ্কিত করিবে? ॥ ২৫ ॥

হে ধূর্ত্ত! তুমি পুনঃ পুনঃ আমার প্রতি কটাক্ষ নিক্ষেপ করিও না। হে হরিণীগণ! তোমারা বন্ধুবান্ধবে মিলিত হইয়া সর্ব্বতোভাবে আমার সাক্ষী হও, হে সাধুস্বভাব ময়ূরীগণ! তোমরাও শ্রবণ কর, এই মাধব আমার প্রতি বড়ই উপদ্রব

সাধবঃ শৃণুত ভোঃ শিখিস্ত্রিয়ঃ।
রথোদ্ধতা ॥ ২৬ ॥
ভ্রূলেখাং কিমরালাং ত্বং নির্ম্মাসি করালাং
কিম্বা পশ্যসি বামিং সংরম্ভাদভিরামং।

---

তেতি তল্লক্ষণঞ্চ। রাৎপরৈর্ন রলগৈরথোদ্ধতেত্যেতৎ ॥ ২৬ ॥

ব্যঙ্গার্থমধুমত্তঃ প্রাহ ভ্রূলেখামিতি। হে প্রিয়ে ব্যঙ্গার্থ সুধয়া মাং সন্তর্প্যাপি পুনরররালাং বক্রাং ভ্রূলেখাং ত্বং কিং কথং নির্ম্মাসি। কলামালা-তীতি রলয়োঃ সাবর্ণ্য স্বীকারাৎ করালাং কলাধারিণীমিত্যর্থঃ। অভিরাম মতি সুন্দরং মাং সংরম্ভাৎ কোপাৎ বামং বক্রং কিম্বা পশ্যসি। দিষ্ট্যা সুখ মেতৎ দিষ্ট্যা সমুপজোষং চেত্যানন্দ ইত্যমরঃ। ত্বং হরিহস্তে সুবৃত্তা। হরের্মনো-হরস্য মে করে প্রাপ্তা। পক্ষে হরেঃ সিংহস্য। ভুবি কস্যেহস্য জনোহরেঃ সকাশাত্রাতা ভবেৎ। কীদৃশী ত্বং কাননলোলাঃ। হেলয়োৎফুল্লৌ কপোলৌ যস্যাঃ সা। হেলা লক্ষণমুক্তং ॥

অভিলক্ষে বিকারেতু হাবোহেলা স্মৃতা বুধৈরিতি কাব্যকৌস্তভে। রোমাঞ্চাদিভিঃ কপোল বর্ত্তিভি স্তব ময়ি প্রীতিরাবেদ্যতে তেন ভ্রূবক্রতাদি

---

করিতেছেন ॥ ২৬ ॥

কৃষ্ণ কহিলেন, অয়ি প্রিয়ে! তুমি আমার প্রতি ভয়ানক ভ্রূভঙ্গী করিতেছ কেন? আর সর্ব্বজন প্রিয় আমার প্রতি ক্রুদ্ধ হইয়া বক্র ভাবেই বা কেন পুনঃ পুনঃ দর্শন করি-তেছ? আবার পরমানন্দে কাননে আগমন ও হাব ভাব প্রকাশক সুন্দর গণ্ডস্থল দর্শনে আমার প্রতি যে তোমার প্রীতি হইয়াছে তাহাও অনুভব হইতেছে, যাহা হউক তুমি

দিষ্ট্যা কাননলোলা হেলোৎফুল্লকপোলা।
বৃত্তা ত্বং হরিহস্তে ত্রাতা হন্যোভুবি কস্তে ॥ ২৭ ॥
আরুহ্য ক্রমবাটীং মুঞ্চেমাং পরিপাটীং
গেহান্তস্তব সর্ব্বং জানে ভামিনি গর্ব্বং।

---

লক্ষিতঃ কোপোমৃষৈবেতি ময়া বিদিতঃ। তস্মাদভীষ্টং সংসাধয়েতি ॥ ২৭ ॥

হে ভামিনি ক্রমবাটী মটবীমারুহ্য প্রাপ্য স্বমিমাং ভবন জিগমিষা কোপ প্রকাশনাদি লক্ষণাং পরিপাটীং ক্রিয়াক্রমং মুঞ্চ। ললিতাদি সখী সাহায্যেন যস্তব গর্ব্বঃ স খলু গৃহমধ্যে এব ফলবান্ ভবেন্নত্বেকাকিন্যা বনমধ্যে স্থীত্যাহ গেহান্তরিতি। তর্হি মে গৃহে প্রয়াণং কথং স্যাদিতি চেত্তত্রোপায় যুগলমাহ। সোয়ং ভৈরবরূপো ভয়ঙ্কর বপুর্ভূপঃ স্মরচক্রবর্ত্তী নেদিষ্ঠো অতি নিকটস্থোস্তি তস্যাগ্রে ত্বং চল হে বামে। স তে দোষানুরূপং দণ্ডকর্ত্তা। ভৈরবাত্তস্মাচ্চেদ্বিভেষি তর্হি মে মহ্যং চোলীং কঞ্চুলিকামর্পয় দেহীত্যি। এতাবতৈব মে তুষ্টির্ময়ি তুষ্টে স ভূপস্ত্বয়ি প্রসীদত্যেবেতি ভাবঃ। লোলেতি।

---

এক্ষণে হরি হস্তে পতিত হইয়াছ, পৃথিবীতে এমন কোন্ ব্যক্তি আছে যে তোমাকে সিংহ হস্ত হইতে পরিত্রাণ করিবে ॥ ২৭ ॥

হে ভামিনি! তুমি বৃক্ষবাটিকায় আগমন করিয়াছ, অতএব এক্ষণে গৃহগমন প্রত্যাশা পরিত্যাগ কর। হে সুন্দরি! তুমি যে ললিতাদি সখীর বলে গর্ব্ব করিতেছ ঐ ললিতা প্রভৃতিকে আমি বিশেষ জানি, তাহারা আপন গৃহে থাকিয়া বিক্রম করিতে পারে, এস্থানে কি করিবে? এক্ষণে সেই ভয়ানক কন্দর্প ভূপতি সমীপবর্ত্তী হইয়াছেন তাঁহার নিকট চল। যদি তাহার কাছে যাইতে ভয় হয় তবে

নেদিষ্ঠঃ কিল ভূপঃ সোহয়ং ভৈরবরূপ
স্তম্ভাগ্রে চল বামে চোলীমর্পয় বামে ॥ দোলা ॥ ২৮ ॥
ইতি বচন কদম্বৈস্তত্র নর্ম্মাবলম্বৈঃ
স্খলদমল দুকূলাং প্রোল্লসদ্বাহু মূলাং ।
অবিশদ পদবদ্ধং গদগদোত্তাবনদ্ধং
কিমপি কিমপি জল্পং কল্পয়ন্তীমনল্পং ॥ ২৯ ॥

তদ্রক্ষণঞ্চ । হরিঃ সর্ব্বচ্ছিদি দোলামৃগৌ মত্তোগো চরণেচেদিত্যেতৎ ॥ ২৮ ॥
এবং বহু বাগ্বিলাসং সমাস্বাদ্য তৌ প্রেষ্ঠৌ স্বাভীষ্টং প্রাপতুরিত্যাহ । ইতি বচনেতি দ্বাভ্যাং । স হরিঃ শ্রীরাধিকায়া মনোহরণো নন্দসূনুরেষ্টভীষ্ট প্রাপণং কবীষ্ট কুঞ্জতাং । স কীদৃশঃ যোনর্ম্মাবলম্বৈ রিত্যোক্তির্বচন কদম্বৈঃ কৃত্বা সর্ব্বনিত নতি ক্রান্ত লতামন্দিরমধ্যে রাধাং নিনায় । অতিকান্তো নিতান্ত মতিলম্বণীয়ঃ । রাধাং কীদৃশীং বাগ্বিলাসাবেশাৎ স্খলৎ অমলং দুকূলং যস্যা স্তাং । তদতএব প্রোল্লসৎ প্রকটী ভবৎ বাহুমূলং যস্যা স্তাং । কিমপি কিমপ্যত্যনির্বচণীয়ং জল্পং কল্পয়ন্তীং কুর্ব্বন্তীং । জল্পং কীদৃশং । অবিশদেনাস্পষ্টেন পদেন বদ্ধং গ্রথিতং ॥ ২৯ ॥

---

তোমার কঞ্চুক বস্ত্র আমাকে অর্পণ কর আমি সন্তুষ্ট থাকিলে কন্দর্প কোন যন্ত্রণা দিতে পারিবে না ॥ ২৮ ॥

শ্রীকৃষ্ণের এই প্রকার নর্ম্মগর্ভ বহুবিধ বাক্য শ্রবণে শ্রীরাধিকার পরিধেয় বসন ক্রমে স্খলিত হইলে বাহুমূল অর্থাৎ স্তন প্রান্ত অনাবরণ হইল এবং তিনি গদগদ স্বরে ও অস্পষ্টাক্ষরে তৎকালোচিত নিষেধ বাক্যে পুনঃ পুনঃ শ্রীকৃষ্ণের মনঃ প্রীতি সম্পাদন করিতে লাগিলেন ॥ ২৯ ॥

স্মিত মুদিতকপোলাং নির্ম্মিতাপাঙ্গদোলাং
বরযুবতিষু রাধাং প্রেমপূরাদগাধাং।
সদনিত লতিকান্ত র্যোনিনা যাতি কান্তঃ
স হরিরলমভীষ্টপ্রাপণং সে কৃষীষ্ট ॥*
মালিনী ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি বিলাসমঞ্জরী ॥ * ॥

॥ * ॥ ইতি স্বয়মুৎপ্রেক্ষিতলীলা ॥ * ॥

---

* স্মিতেন মুদিতৌ কপোলৌ যস্যাস্তাং। নির্ম্মিতো হপাঙ্গয়ো র্দ্দোলশ্চাপল্যং যযা তাং। বরযুবতিষু মধ্যে প্রেম পূরাদগাধামিতি। মালিনীতি। তল্লক্ষণঞ্চ প্রাগুক্তং ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি স্বয়মুৎপ্রেক্ষিত লীলা ব্যাখ্যাতা ॥ * ॥

---

মন্দ মন্দ হাস্য শোভিত যাঁহার গণ্ড স্থল, যিনি চপলভাবে পুনঃ পুনঃ কটাক্ষ নিক্ষেপ করিতেছেন ও যিনি অতিশয় প্রেম হেতু যাবতীয় রমণীর শিরোমণি, এবম্বিধ সেই শ্রীরাধিকাকে লতামণ্ডপ রূপ নিজ গৃহে লইয়া যিনি নিজাভীষ্ট পরিপূর্ণ করিলেন সেই ভুবন মনোহর শ্রীকৃষ্ণ আমার অভীষ্ট পরিপূর্ণ করুন ॥ ৩০ ॥

ইতি বিলাসমঞ্জরী।

॥ * ॥ ইতি স্বয়মুৎপ্রেক্ষিতলীলা ॥ * ॥

## অথ খণ্ডিতা।

নমঃ শ্রীব্রজনাগরায় ॥
অবজ্ঞায় ভর্ত্তুর্মহাঘোর দণ্ডং
গুরোর্ভাষিতঞ্চ ব্যতিক্রম্য চণ্ডং।
নিষেধোদ্ধুরাং কিঙ্করীমাক্ষিপন্তী
হরেকৃষ্ণ নাথেতি বালা জপন্তী ॥ ১ ॥

---

বিপ্রলব্ধায়াঃ শ্রীরাধায়া মন্দিরে প্রাতরাগতং ধৃতান্য স্ত্রীভোগ চিহ্নং কৃষ্ণং প্রতি ললিতাহ। অবজ্ঞায়েতি যুগ্মং। হে কৃষ্ণ মে সখী প্রদোষে রজনী মুখে প্রয়াণীয় সজ্জাভৃৎ। ধৃতনেপথ্য রক্ষণোপায়া সতীতি বোধ্যং কিং কৃত্বা। ঘোরং ভয়ঙ্করং ভর্ত্তুর্দণ্ডমবজ্ঞায় গুরোর্ভাষিতঞ্চ ব্যতিক্রম্য গুরোঃ শ্বশ্র্বাশ্চণ্ডং ভাষিতঞ্চ ব্যতিক্রম্যোল্লঙ্ঘ্য। এতস্মিন্মহত্যান্ধকারে নগন্তব্যমিতি নিষেধোদ্ধুরাং কিঙ্করীঞ্চাক্ষিপন্তী মূঢ়া ত্বং কিং বেৎসীতি নিরস্যন্তী সতী ॥ ১ ॥

---

বিপ্রলব্ধা শ্রীরাধিকার মন্দিরে প্রাতঃকালে অন্যনারী সম্ভোগ চিহ্নিত হইয়া শ্রীকৃষ্ণ আসিয়াছেন দেখিয়া ললিতা সখী তাঁহাকে কহিতেছেন। মদীয় সখী শ্রীরাধিকা সঙ্কেত স্থানে যাইবার মানসে ভর্ত্তার ভয়ানক দণ্ডে অবজ্ঞা ও গুরুজনের সকোপ বাক্য উল্লঙ্ঘন এবং দাসীগণের নিষেধ বচন অবহেলন করিয়া মনে মনে "হে হরে! হে কৃষ্ণ! এক্ষণে তুমিই আমার নাথ তুমিই একমাত্র সহায়" এই কথা বারংবার বলিতে লাগিলেন ॥ ১ ॥

রসম্মেঘজালে তড়িদ্ভিঃ করালে
গলদ্বারিধারে দুরন্তান্ধকারে।
মিলদ্ভূরি দোষে সখী মে প্রদোষে
প্রয়াণায় লজ্জা মনাদৃত্য সজ্জা॥ ২॥
অদূরোল্লসদ্ভল্লুকারব্ধযুদ্ধাং
চলদ্বন্দ শূকাবলীভোগরুদ্ধাং।
সমন্তাদ্ঘনদ্বায়সারাতিভীমাং
রসোৎফুল্ল মুল্লঙ্ঘ্য কান্তার সীমাং॥ ৩॥

প্রদোষে কীদৃশীত্যাহ। রসদুগ্রশব্দঃ কুর্ব্বম্মেঘজালং যত্র তস্মিন্। করালে বিকুটে। এবং মিলন্তো ভূরয়োদোষা যত্র তস্মিন্॥ ২॥

অদূরেতি যুগ্মকং। মে সখী রসোৎফুল্ল মনুরাগোল্লসিং যথাস্যাত্তথা কান্তারসীমাং দুর্গম বনান্ত মুল্লঙ্ঘ্য অনবদ্যং স্তুত্যং লতাগেহমধ্যং প্রবিশ্য সুগন্ধিভিঃ প্রসূনৈস্তল্পমিহ ব্যধত্ত ইত্যম্বয়ঃ। কান্তারসীমাং কীদৃশীং।

---

ভয়ানক মেঘের গর্জ্জন ও ভয়ানক বিদ্যুৎ প্রকাশ হই-তেছে, চতুর্দ্দিকে মুষলধারে বৃষ্টি হইতেছে, ঘোর অন্ধকারে চতুর্দ্দিক্ আচ্ছন্ন, এবম্বিধ বহুদোষাকীর্ণ প্রদোষ সময়ে লজ্জা পরিত্যাগ পূর্ব্বক মদীয় সখী শ্রীরাধিকা সঙ্কেত স্থানে গমন মানসে সজ্জিতা হইলেন॥ ২॥

অনতিদূরে ভল্লুকগণের ভয়ানক সংগ্রাম, চঞ্চল ভুজঙ্গা-বলীর শরীর ও ফণায় অরণ্য পথ অবরুদ্ধ ও পেচকগণ ভয়া-নক শব্দ করিতেছে এই প্রকার দুর্গম অরণ্য পথ অনুরা-গিণী হইয়া অতিক্রম করিলেন॥ ৩॥

প্রবিশ্যানবদ্যং লতাগেহমধ্যং
ধৃতোৎসুক্য চক্রা নিসর্গাদবক্রা।
নখাগ্রপ্রলূনৈঃ সুগন্ধিপ্রসূনৈঃ
পয়ঃফেণ কল্পং ব্যধত্তেহ তল্পং ॥ ৪ ॥
প্রণীতেক্ষণেয়ং মুহুস্তে পদব্যাং
দধানা মুকুন্দে স্পৃহাং নব্যনব্যাং।
অলব্ধং ততস্ত্বাগবেত্যাতিখিন্না

---

অদূরে নিকটে উল্লসদ্ভি র্ভল্লুকৈর্ঘ্ব ৈক্ষ বাবন্ধং যুদ্ধং যত্র তাং চলন্তীনাং দন্দ শূকাবলীনাং সর্পশ্রেণীনাং ভোগৈঃ কায়ৈঃ ফণৈশ্চ কদ্ধামাবৃতাং। ধ্বনদ্ভি র্বায়সারাতিভিরুলূকৈ র্ভীমাং ভয়ঙ্করীং। কুত্র এবঞ্চকার তত্রাহ। ধৃতোৎ সুকা চক্রেতি।— অনুরাগ ব্যাপ্তা সতীত্যর্থঃ। নিসর্গা স্বভাবাদবক্রেতি স্ববঞ্চকতানভিজ্ঞেত্যর্থঃ ॥ ৩ ॥ ৪ ॥

প্রণীতেতি। হে মুকুন্দ ইয়ং মে সখী তে পদব্যাং পথি প্রণীতেক্ষণার্পিত নেত্রা নব্যনব্যাং স্পৃহাং মুহুর্দ্দধানা যাতা। ততস্ত্বদাগমন সময়াতিক্রমা দনন্তরং ত্বাগলব্ধমবেত্য জ্ঞাত্বা প্রসূনেষোঃ স্মরস্য বাণৈ র্বিভিন্না বিদ্ধমর্ম্মা

---

অনন্তর স্বভাবতঃ সরল প্রকৃতি শ্রীরাধিকা রমণীয় লতা মণ্ডপ মধ্যে প্রবেশ করিয়া যাহার পর নাই আনন্দ অনুভব করিলেন। তদনন্তর স্বহস্ত দ্বারা নানাবিধ সুগন্ধি কুসুম-চয়ন করিয়া দুগ্ধ ফেণনিভ শয্যা প্রস্তুত করিলেন ॥ ৪ ॥

হে মুকুন্দ! এই রাধিকা মনে মনে কত সাধ করিয়া তোমার আগমন প্রতীক্ষায় পুনঃ পুনঃ তোমার পথের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন। অনন্তর তোমাকে অপ্রাপ্য

বভূব প্রসূনেষুবাণৈর্বিভিন্না ॥ ৫ ॥
স্বকণ্ঠী শঠেয়ং ভজন্তী প্রকল্পং
মুহুর্ভাবয়ন্তী নিমেষং চ কল্পং।
চকারাদ্য কুঞ্জে বতালব্ধকান্তে
সখী জাগরং সংভ্রমাদেকিকা মে ॥ ৬ ॥
অহোভাগ্যমদ্য প্রপন্নোসি সদ্য

সত্যতিখিন্না বভূব ॥ ৫ ॥

স্বকণ্ঠীতি হে শঠ ইয়ং স্বকণ্ঠী মে সখী হরিঃ কুতোহেতোর্নাগত ইতি জল্পং মুহুর্ভজন্তী নিমেষঞ্চ কল্পং ভাবয়ন্তী একিকৈব কুঞ্জেজ্জাগরং চকার। সম্ভ্রমাৎ ত্বৎ স্নেহ ভ্রান্ত্যা ত্বং নিস্নেহোহসীতি ভাবঃ। কুঞ্জে কীদৃশে। অলব্ধকান্তেহপ্রাপ্ত মনোরথে। ঈদৃশানুরাগিণীং বঞ্চয়ন্ শঠত্বমিত্যর্থঃ। তল্লক্ষণমুক্তং কাব্যকৌস্তভে। শঠ একস্যাং রক্তো বহিঃ পরস্যাং ধৃতপ্রণয় ইতি। যদ্যপি সখী কিঙ্করী সহস্র নিষেবিতা রাধা তথাপ্যুৎকণ্ঠাতি বৃদ্ধে রেকিকৈব কদাচিৎ কান্তমাগতেতি বোধ্যং ॥ ৬ ॥

এবং স্বসখী দুঃখদশাং প্রকাশ্যাথ কৃষ্ণ মুখালম্ভ্যনাহ অহো ইতি। অহো

---

জানিয়া কন্দর্প বাণে বিদ্ধ হওত অতিশয় খিন্ন হইলেন ॥ ৫ ॥

হে শঠ! এই আমার সখী শ্রীরাধিকা ভ্রান্তি বশতঃ তোমার কপট স্নেহে বিশ্বস্ত হইয়া "কৃষ্ণ কেন কুঞ্জে আসিলেন না" ইহা বলিতে ভাবিতে নিমেষ কালকেও কল্প পরিমিত করিলেন, অনন্তর কুঞ্জে হতাশ হইয়া একাকিনী অদ্যকার যামিনী জাগরণ পূর্ব্বক অতিবাহিত করিলেন ॥ ৬ ॥

হে মুরারে! আহা! অদ্য আমাদের কি ভাগ্য প্রসন্ন

ত্বমস্মিন্নগারে যদারান্মুরারে।
সখীবৃন্দদৃষ্টি ধৃ´তানন্দবৃষ্টি
বভূবান্তরঙ্গং বিলোক্য ত্বদঙ্গং॥ ৭॥
দুকূলস্য লক্ষ্মীঃ সমস্তাদ্বিশালা।
যসৌ বীক্ষ্য পীতস্য তে মল্লীমালা।

মুরারে অদ্যাস্মাকমিদং ভাগ্যমভ্যুদিতং যৎ ত্বমস্মিন্নগারেঽস্মন্মন্দিরে আরাৎ দূরাৎ সদ্যঃ প্রপন্নোসি। অান্তরঙ্গং ত্বদঙ্গং বিলোক্য সখীবৃন্দ দৃষ্টি ধৃ´তানন্দ বৃষ্টি র্বভূবেতি কিমতঃ পরং ভাগ্যং স্যাদিত্যর্থঃ। বিপরীত লক্ষণয়াস্মৎ সপত্নী গৃহাৎ ত্বং ধৃতরতি চিহ্নো যৎ প্রভাতেঽস্মন্নিলয় মাগতঃ। খেদয়িতুং যচ্চ ত্বদঙ্গং সপত্নী নখাঙ্ক কুচ কুঙ্কুম বিভূষিতং বীক্ষ্য স্ববঞ্চন জন্যালি দুঃখশ্রেণি সখ্যোমুঞ্চন্তি তদিদং মহদভাগ্যমেবেতি বোধ্যতে তেন দিগিমাং স্নেহপদ্ধতি-মিতি ভাবঃ॥ ৭॥—

ব্যঞ্জিতার্থানঙ্গীকারিণং কৃষ্ণং প্রতি ভক্তিরতি চিহ্নানি গ্রাহয়তি দুকূলস্যেতি

হইয়াছে, যে হেতু তুমি অতিদূর দেশ হইতে অচিরাৎ আমাদের নিকুঞ্জে উপস্থিত হইলে। অলক্ত কুঙ্কুমাদি নানাবর্ণে বিভূষিত ত্বদীয় অঙ্গ দর্শন করিয়া এই সমস্ত সখীগণের নয়ন হইতে অনবরত আনন্দাশ্রু ধারা বর্ষণ হইতেছে। (এই শ্লোকের ব্যঙ্গার্থ দ্বারা ইহাই প্রতীতি হইল যে, তুমি আমাদের সপত্নী চন্দ্রাবলীর সঙ্গে সহবাস করিয়া সম্ভোগ-চিহ্ন ধারণ পূর্ব্বক আমাদিগকে কাঁদাইবার জন্য আসিয়াছ, সুতরাং অদ্য আমাদিগের বড়ই দুর্ভাগ্য)॥ ৭॥

তোমার বক্ষঃস্থলাবলম্বিনী মল্লিকামালা পীয়ত পী-ত্ব

লুঠন্তী কুচোত্তাসি কাশ্মীরপঙ্কে
নিজং পীতমঙ্গং চকারাদ্য শঙ্কে ॥ ৮ ॥
বিকীর্ণালকান্তঃ পরিশ্রান্তিকান্ত
স্তবব্যক্ততন্দ্রঃ স্ফুরত্যাস্যচন্দ্রঃ।
কৃতানঙ্গযাগং বিভক্তাঙ্গরাগং
নখাঙ্কালিপাত্রং তবেদঞ্চ গাত্রং ॥ ৯ ॥

---

ত্রিভিঃ। অসৌ তে মল্লীমালা পীতস্য দুকূলস্য বিশালাং লক্ষ্মীং শোভাং সমন্তাদীক্ষ্য। অস্যৎ স্বপত্ন্যাঃ কুচোত্তাসিনি কাশ্মীর পঙ্কে লুঠন্তী নিজমঙ্গং পীতমদ্যাচকারেত্যাহং শঙ্কে ॥ ৮ ॥

স্বভাব পীতেয়ং মল্লিমালেতি চেত্তত্রাহ। বিকীর্ণেতি। তবাস্যচন্দ্রো বিকীর্ণালকান্তাদি রূপঃ স্ফুরতি। তবেদং গাত্রঞ্চ বিভক্তাঙ্গরাগং বিমর্দ্দিত চিত্রং নখাঙ্কালি পাত্রঞ্চ সৎ স্ফুরতি। অতঃ কৃতানঙ্গযাগ মেতদিতি নিশ্চিতং ॥ ৯ ॥

---

রসনের অপূর্ব্ব শোভা দর্শনে ঈর্ষাপরবশ হইয়াই যেন চন্দ্রাবলীর কুচগণ্ডস্থিত কুঙ্কুম পঙ্কে লুণ্ঠিত হইয়া অদ্য নিজ শরীর পীতবর্ণ করিয়াছে ॥ ৮ ॥

অলকাবলীর ছিন্নভিন্নতা ও পরিশ্রম বশতঃ অনৌৎসুক্য ভাব এবং জাগরণ হেতু আলস্য ভাব প্রকাশ হওয়ায় অদ্য তোমার বদন চন্দ্র অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছে। তদ্রূপ চন্দন কুঙ্কুমাদি অঙ্গরাগ রহিত ও নখচিহ্ন ভূষিত গাত্রও যেন সদ্যঃ অনঙ্গ যজ্ঞ করিয়াছে বলিয়া প্রতীত হইতেছে ॥ ৯

স্ফুরদ্বন্ধুজীব প্রসূনাগুসঙ্গং
পরিস্পর্দ্ধমানো বিলাসেন ভূঙ্গং
মুদং কস্য বিম্বাধরস্তেন রক্তঃ
করোত্যুজ্জ্বলাং কজ্জ্বলেনাদ্য সক্তঃ ॥ ১০ ॥
অলং দেব দিব্যেন জানে ভবন্তং
সদা রাধিকায়ামতি প্রেমবন্তং।

---

নন্বন্যৈস্তৈঃ সহ সঙ্কথয়া জ্যোৎস্ন্যাং বাহুযুদ্ধেন চ সমেদসভূদয়ং ত্বং ময়ি রতিচিহ্নং শঙ্কসে। ইতি চেত্তত্রাহ স্ফুরদিতি। রক্তোহরুণস্তে বিম্বাধরঃ কজ্জলেন সক্তঃ কস্যাদ্যোজ্জ্বলাং মুদং ন করোতি। অপিতু সর্ব্বাস্যাস্মৎ সখীবর্গস্য তাং করোতি। কীদৃশোহধরঃ। স্ফুরতি বিদ্যোতমানে বন্ধুজীবপ্রসূনে অংশুঃ সঙ্গো যেন তং তাদৃশং ভৃঙ্গং বিলাসেন শোভয়া পরিস্পর্দ্ধমান ইতি নৈতচ্চিহ্নং শঙ্কাম্পদমুত্তমিতি ভাবঃ ॥

· এবঞ্চ কজ্জল মলিনাধরত্বে কান্তাসঙ্গ হেতুকে সিদ্ধে মল্লীস্রক্‌প্রীতিমাদিকমপি তদ্ধেতুকমেব সিদ্ধং। তানস্যাং নিশি জ্যোৎস্নী ত্বয়া স্বপ্ন এব দৃষ্টা রাজপুত্রস্য তে মুখং কঃ পিদধ্যাৎ ॥ ১০ ॥

এবমুপালম্ভ হেতূন্ দোষান্ সংস্থাপ্য শপথান্ কুর্ব্বন্তং নিরাকরোতি। প্রণয়াতিকোপাদিত্যাহ। অলমিতি। হে দেব ক্রীড়াপর। হে গোপকন্যাভুজঙ্গ চন্দ্রাবলীকামুক দিব্যেন শপথেনালং। দিব্যস্তু শপথে বালে

---

বিলাস বশতঃ কজ্জলশোভিত ত্বদীয় অরুণবর্ণ বিম্বাধর ভ্রমরসঙ্গী বন্ধুজীব (বাঁধুলি) কুসুমের ন্যায় রূপ ধারণ করিয়া কাহার না আনন্দ উৎপাদন করিতেছে ॥ ১০ ॥

হে চন্দ্রাবলীকামুক! তোমায় আর শপথ করিতে হইবে না। তুমি শ্রীরাধিকাকে বড়ই ভাল বাস তাহা আমি

অলিন্দাৎ কুরু ত্বং মমাধি প্রভাতং
দ্রুতং গোপকন্যা ভুজঙ্গপ্রয়াতং ॥ ১১ ॥
ইতি প্রেমগর্ব্বাং সমাকর্ণ্য সর্ব্বাং
তদা রাধিকালীগিরং রত্নমালী।
হরিস্তোষভারং স বিন্দন্নপারং
সদা মে মহিষ্ঠং বিধত্তামভীষ্টং ॥ ১২ ॥

॥ * ॥ ইতি ভুজঙ্গপ্রয়াতচ্ছন্দঃ ॥ * ॥

---

লবঙ্গ কুসুমেপি চ ইতি বিশ্বলোচনকারঃ। ভবন্তমহং রাধিকায়াং সদা প্রেমবন্তং জানে। বিপরীত লক্ষণয়া প্রেমশূন্যমিত্যর্থঃ। অথ মাং কিমাজ্ঞাপয়সীতি চেত্তত্রাহ। ত্বং দ্রুতং মমালিন্দাৎ প্রবাস্তং গমনং কুরু। তৎকীদৃশং। আধেশ্চিত্ত পীড়ায়াঃ প্রভাতমবসানং যস্মাৎ তৎ। সপত্নীরতচিহ্নানি প্রদর্শ্য নশ্চেতো ব্যথয়সি ত্বয়ি নেত্র পথাদপগতে সুখং শয়ামহে ইতি ভাবঃ ॥ ১১ ॥

ইতীতি। সরত্নমালী হরির্মে মহিষ্ঠমভীষ্টং বিধত্তাং করোত্বিতি কবে র্বাক্যং। কিং কুর্ব্বন্? ইতি পূর্ব্বোক্তাং প্রেমগর্ব্বাং রাধিকাল্যা ললিতায়াঃ সর্ব্বাং গিরমাকর্ণ্য অপারং তোষভারং বিন্দন্ সন্। শ্রুতিস্তোত্রাদপি মানবত্যাঃ প্রেমবত্যা ভৎর্সনেনাতিসুখং হরিরধিগচ্ছতীত্যুক্তমাদিপুরাণে স্বয়মেব। ন তথা রোচতে বেদাঃ পুরাণাদ্যা স্তবেতরে। যথা ভাসাস্তু গোপীনাং ভৎর্সনাগর্ব্বিতং বচ ইতি ॥ ১২ ॥

॥ * ॥ ভুজঙ্গ প্রয়াতেতি। তল্লক্ষণমোক্তং প্রাক্ ॥ * ॥

---

জানি এক্ষণে শীঘ্র আমার প্রকোষ্ঠ হইতে গমন কর তাহা হইলে আমার মনের বেদনা দূর হইবে এবং সুখে নিদ্রা যাইব ॥ ১১ ॥

যিনি ললিতার এইরূপ প্রেমগর্ব্ব ভৎর্সনা বাক্য শ্রবণ করিয়া বেদ স্তুতি অপেক্ষাও অপার আনন্দ লাভ করিলেন সেই রত্নমালী শ্রীকৃষ্ণ আমার অভীষ্ট পূরণ করুন ॥ ১২ ॥

# অথ শ্রীললিতোক্ততোটকং।

নয়নেরিত মানসভূ বিশিখঃ
শিরসি প্রচল প্রচলাকশিখঃ।
মুরলীধ্বনিভিঃ সুরভীস্তুরয়ন্
পশুপীবিরহ ব্যসনস্ত্বিরয়ন্ ॥ ১ ॥
পরিতোজননী পরিতোষকরঃ

এবং শ্রীবিত মাথে কৃষ্ণে ললিতয়া স্তিয়তে রাধাং কর্ণহাত্তরিতাং স্বা-তোৎকণ্ঠাং প্রতি বদাদর্শিয়ন্তং তং প্রদর্শয়ন্তী ললিতাহ নয়নেত্যাদিভিঃ ॥

হে সখি.অয়ং হরিরজিরে স্ফুরিত তদপি বধূরীজসে ইতি পঞ্চম শ্লোক-স্থেনান্বয়ঃ ॥

স কীদৃশঃ। নয়নেনেরিতো মানসভূবঃ কামস্য বিশিখো যেন সঃ। প্রচলাক শিখচন্দ্রকাগ্রং। শিখা শাখা বর্হিচূড়া লাঙ্গলিক্যগ্র মস্তিকে। চূড়া-মাত্রে শিফারাঙ্ক আক্রামাং প্রমদেশিচেতি মেদিনী। পশুপীনাং গোপীনাং ব্যসনং দুঃখং ত্বিরয়ন্ দূরীকুর্ব্বন্ ॥ ১ ॥

হে সখি অস্পটয়ন্ বশিক্তাসক্তং কুর্ব্বন্। তরুণী হৃদয়ং তরলং চপলং

---

## অথ কলহান্তরিতা শ্রীরাধিকার প্রতি শ্রীললিতার উক্তি।

যিনি নয়ন ভঙ্গীচ্ছলে যেন কন্দর্প শর নিক্ষেপ করিতেছেন, চঞ্চল শিখিপুচ্ছ যাঁহার মস্তকে সুশোভিত, যিনি বংশীধ্বনি করিয়া গাভী চালনা করিতেছেন, যিনি গোপাঙ্গনাগণের বিরহ দুঃখ নিবারণ করিতেছেন ॥ ১ ॥

হে সখি। যিনি যশোদা প্রভৃতি জননীগণের আনন্দ-

সখি লম্পটয়ন্নখিলং ভুবনং।
তরুণীহৃদয়ং করুণী বিদধৎ
তরলং সরলে করলম্বিগুণঃ ॥ ২ ॥
দিবসোপরমে পরমোল্লসিতঃ
কলসস্তনি হে বিলসদ্ধসিতঃ।
অতসীকুসুমং বিহসন্মহসা
হরিণী কুলমাকুলয়ন্ সহসা ॥ ৩ ॥

বিদধৎ। করুণী দয়াবান্ করলম্বীগুণঃ পশুপাদচ্ছন্দন রজ্জুর্যস্য সঃ ॥ ২ ॥

দিবসস্যোপরমেঽবসানে সতি পরময়া শোভয়া ভাবিন্যাস্তাবণীয়ক দর্শনজ হর্ষোত্থয়োল্লসিতঃ। মহসা অঙ্গ প্রভয়া অতসীকুসুমং বিহসন্ তিরস্কুর্বন্। মহশ্চোৎসবতেজসোরিত্যমরঃ ॥

হরিণীকুলং মৃগীবৃন্দং সহসা বেণুনাদবলেনাকুলয়ন্। সহোবলে জ্যোতিষি চেতি হৈমঃ ॥ ৩ ॥

---

মর্দ্দন করিতেছেন, যিনি অখিল ভুবনের চিত্ত আকর্ষণ করিতেছেন, যিনি যুবতীগণের চিত্ত চঞ্চল করিতেছেন, যিনি করুণা পরায়ণ, পশুবন্ধন রজ্জু যাঁহার হস্তে সুশোভিত ॥ ২ ॥

হে কলসস্তনি! যিনি দিবাবসানে তোমার দর্শন লালসায় পরম উল্লাসিত হইয়া মন্দ মন্দ হাস্য করিতেছেন, যিনি কান্তি প্রভাবে অতসী কুসুম (তসিনার ফুল) কেও তিরস্কার করিতেছেন এবং যিনি বংশীধ্বনির প্রভাবে হরিণীগণকে আকুল করিতেছেন ॥ ৩ ॥

প্রণয়ি প্রবণঃ সুভগ শ্রবণ
প্রচলন্মকরঃ স সখি প্রকরঃ।
মদয়ন্নমরী র্ভ্রময়ন্ ভ্রমরী
র্মিলিতঃ কতিভিঃ শিখিনাং ততিভিঃ॥ ৪॥
অয়মুজ্জ্বলয়ন্ ব্রজভূসরণীং

প্রণয়িষু স্নিগ্ধজনেষু প্রবণো নম্রস্তেষামধীন ইত্যর্থঃ। সুভগয়োঃ সুন্দরয়োঃ শ্রবণয়োঃ প্রবলন্তৌ মকরৌ যস্য সঃ। স্মরং নির্জ্জিত্য মকরং তস্যধ্বজমানীয় যঃ কুণ্ডলয়োর্নি যো জয়াম্বভূব স প্রেয়ানবশ্যমাদরণীয় ইতি ভাবঃ। সখিপ্রকরেণ মিত্রবৃন্দেন সহিতঃ। অমরী দেবতরুণী বিলাসকলয়া মদয়ন্নিতি কা কথা মানবীনামিতি ভাবঃ। অঙ্গসৌরভ্যধারয়া ভ্রমরীর্ভৃঙ্গী ভ্রময়ন্নিতি তস্যাং নাসিকাং নিমজ্জয় ততো বঞ্চিতা মাভূরিতি ভাবঃ। ততিভিঃ শিখিনাং ততিভির্ম্মিলিত ইতি মেঘ ইব রসবর্ষী প্রেয়ান্ বিরহতাপমপনেষ্যতি সদ্যস্তবেতি ভাবঃ॥ ৪॥

নন্থ সঙ্গাধুনা নাস্তীতি চেত্তত্রাহ। অয়মিতি। ধ্বজবজ্রাদিপাদচিহ্নৈ র্ব্রজ-

---

যিনি প্রণয়িজনের অধীন, যাঁহার রমণীয় শ্রবণযুগলে মকর কুণ্ডল সুশোভিত, যিনি বয়স্যগণে মিলিত হইয়া গোষ্ঠ হইতে আগমন করিতেছেন, যিনি দেবঙ্গনাদিগেরও চিত্ত চঞ্চল করিতেছেন, যিনি শ্রীঅঙ্গের সৌরভে ভ্রমরীদিগকে মত্ত করিতেছেন এবং যিনি কতিপয় ময়ূরগণে মিলিত হইয়া আগমন করিতেছেন॥ ৪॥

হে শ্রীমতি! সেই এই শ্রীকৃষ্ণ মৃদু মৃদু পদ সঞ্চালন দ্বারা ব্রজের পথ উজ্জ্বল ও ধ্বজবজ্রাঙ্কুশাদি চিহ্ন দ্বারা

রময়ন্ ক্রমণৈ র্মৃদুভির্ধরণীং।
অজিরে মিলিতঃ কলিত প্রমদে
হরিরুদ্বিজসে তদপি প্রমদে ॥ ৫ ॥
বদ মাপরুষং হৃদয়ে ন রুষং
রচয় ত্বমত শ্চলবিভ্রমতঃ।
উদিতে মিহিকা কিরণে ন হি কা

ভুবঃ সরণীং পন্থানমুজ্জ্বলয়ন্। ক্রমণৈঃ পাদবিক্ষেপৈঃ কেলিতোলকঃ প্রমদো যেন তস্মিন্নজিরে ত্বৎ প্রাঙ্গণে মিলিতঃ। হে প্রমদে তরুণি ॥ ৫ ॥

ঈদৃশ গুণবান্ হরিরজিরে মিলিতঃ। অতো হেতোস্ত্বং বিভ্রমুক্তো বিলাসায় চল। তমহং নাবলোকয়িষ্যামীতি পরুষং রুক্ষং মা বদ। হৃদয়ে রুষং ক্রোধং ন রচয়। ময়াতু তং প্রতি প্রভাতে মূর্ধৈবোলালম্ভোদত্ত স্তং ত্বদধীনং কর্ত্তুমিতি ভাবঃ। মিহিকাকিরণে শীতরশ্মৌ চন্দ্রে উদিতে সতি কা রসিক যুবতি স্তং দয়িতং রভসান্নভজতে। অয়ি হে সখি অপিতু সর্ব্বা ভজত

পৃথিবীকে কৃতার্থ করিয়া এক্ষণে তোমার অনন্দময় প্রাঙ্গণে উপস্থিত হইলেন। তুমি কি জন্য এত উদ্বিগ্ন হইতেছ? ॥ ৫ ॥

অয়ি রাধিকে! তুমি হৃদয়ে ক্রোধ করিও না এবং ক্রুদ্ধ হইয়া শ্রীকৃষ্ণকে পরুষ বাক্য বলিও না, ঈদৃশ গুণবান্ শ্রীকৃষ্ণ তোমার প্রাঙ্গণে উপস্থিত হইয়াছেন অতএব তুমি বিলাসের নিমিত্ত তাঁহার নিকট গমন কর। এপ্রকার কোন রমণী আছে যে চন্দ্রের উদয়ে ঈদৃশ গুণবান্ কান্তকে ভজনা

রভসাদ্দয়িতং ভজতে দয়িতং ॥ ৬ ॥
কলয় ত্বরয়া বিলসৎ সিচয়ঃ
প্রসরত্যভিতো যুবতীনিচয়ঃ।
নিদধাতি হরির্নয়নং সরণৌ
তব বিক্ষিপ স প্রণয়ং চরণৌ ॥ ৭ ॥
ইতি তামুপদিশ্য তদা স্বসখীং
ললিতা কিল মানিতয়া বিমুখীং।

---

ইত্যর্থঃ ॥ ৬ ॥

